প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ১৫ আপ্রিল তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল —— আক্ট।

ভিন্ন দেশজাত চিনী আমদানী করণের নিষেধ নিবৃত্ত করণের আইন।

যেহেতুক বিদ্যমানা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারের দ্বাদশ বৎসরে জারীকরা এক আইনের বিধানমতে ১৮৫৪ সালের জুলাই মাসের ৫ তারিখের পর সংযুক্ত রাজ্যেতে অর্থাৎ ইলণ্ডঙ্গ ও স্কটলাণ্ড ও ঐর্লাণ্ড দেশে নানা স্থানহইতে আমদানীহওয়া চিনীর উপর যে মাসুল লওয়া যাইবেক তাহা সমান করা গিয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। উপরের উক্ত তারিখঅবধি ও তাহার পরে ১৮৩৬ সালের ৩২ আইন ও ১৮৩৯ সালের ১৫ আইন ও ১৮৪২ সালের ১১ আইন রদ হইবেক এবং ১৮৪৩ সালের ১৪ আইনের যে অংশেতে বাঙ্গলা রাজধানীর অধীন উত্তরপশ্চিম দেশের কোন স্থানে চিনী আমদানী করিবার নিষেধ আছে সেই অংশ রদ হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ করা যায়।

হুকুম হইল যে আগামি জুন মাসের ১৫ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে ঐ মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৪ সাল ১৫ আপ্রিল।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৪ সালের ১৫ আপ্রিল তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের চলিত ১৮৩৩ সালের ১৩ আইন সংশোধনের আইন।

যেহেতুক বাঙ্গল দেশের চলিত ১৮৩৩ সালের ১৩ আইনের বিধান সংশোধন করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। উক্ত আইনের যে অংশেতে হুকুম হইয়াছে যে উক্ত আইনের ৪ ধারার নির্দ্দিষ্ট কর্ম্ম যে কার্য্যকারক সাহেবের প্রতি অর্পণ হইবেক তাঁহার নাম "শ্রীযুত নওয়াব গবর্নর জেনরলের এজেণ্ট হইবেক" তাহা রদ হইয়াছে ইতি।

২ ধারা। স্থান বিশেষের গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারককে সময়েং ঐ অভিপ্রায়ে নিযুক্ত করেন তাঁহার প্রতি ঐ কর্ত্তব্য কর্ম্মের ভার অর্পণ হইবেক। এবং শ্রীযুত

pointed, and his assistants respectively may exercise, within the tracts of country separated as prescribed in the said Regulation, all the powers which by the said Regulation, the Agent to the Governor General, and his assistants respectively may exercise, and all the provisions in the said Regulation relating to the Agent to the Governor General, and his assistants shall be applicable to the Officer to be appointed as aforesaid and his assistants respectively.

Ordered that the Draft now read be published for general information.

Ordered that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 15th day of June next.

C. ALLEN,
Offg. Secy. to the Govt. of India.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

[Continued from Page 247.]

EXPLANATORY DIRECTIONS.

I.—METHOD TO BE PURSUED IN PAYING IN MONEY.

Any person having money to pay in must go first to the Accountant's Office. If he has prepared the Chellans, himself, in duplicate he will present them, if not they will be prepared in the office. The Accountant will note on both original and duplicate the word "correct" adding his signature and specifying the Head of Account. The Chellan and its particulars will then be entered in the Accountant's Register. They will be returned then to the Payer who will proceed to the Treasury Department, give in the Chellans, and pay the money. The Potdar, having tested it, will enter on the Chellan in writing the amount paid in, and the description of coin, the Treasurer will enter the Chellan in his Register of Dakhillas, stamp a form of receipt on the duplicate Chellan, sign it and give it back to the payer, who if the amount be more than 500 Rupees, will take it to the Collector for signature, the original Chellan will also be signed by the Treasurer but not stamped and sent into the Accountant's Office, that the sum actually received may be duly credited under the proper Head. The Chellans are to commence with Number one, every day.

N. B.—Sums entered in Chellans should be in writing as well as in figures.

N. B.—Batta on short weight, &c., is generally in rarely deducted from amount of Chellan.

II.—THE METHOD TO BE OBSERVED IN PAYING OUT MONEY.

The Treasurer will on no account pay out any money without a warrant, signed by the officer in-charge of the Treasury, and sealed with the office

গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেব ও তাঁহার আসিষ্টাণ্টেরা উক্ত আইনানুসারে যে২ ক্ষমতামতে কার্য্য করিতে পারিতেন ঐ কার্য্যকারক সাহেব নিযুক্ত হইলে তিনি ও তাঁহার আসিষ্টাণ্টেরা সেই সকল ক্ষমতামতে উক্ত আইনের নির্দ্দিষ্ট স্বতন্ত্রকৃত প্রদেশে কার্য্য করিতে পারিবেন। এবং শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেবেরদের বিষয়ে উক্ত আইনের যে সকল বিধান সম্পর্ক রাখে তাহা পূর্ব্বোক্ত মতে যে কার্য্যকারক সাহেব নিযুক্ত হইবেন তাঁহার ও তাঁহার আসিষ্টাণ্টেরদের প্রতি খাটিবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকর মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

হুকুম হইল যে আগামি জুন মাসের ১৫ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে ঐ মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

[২৪৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

কার্য্য করিবার নিয়মবিষয়ি উপদেশ।

১। টাকা দাখিল করিলে যে নিয়মমতে করিতে হইবেক।

যে কোন ব্যক্তির দাখিল করিবার টাকা থাকে সে প্রথমে হিসাবরাখনিয়ার দফ্তরখানায় যাইবেক। আপনি যদি ডুপ্লিকেট চালান প্রস্তুত করিয়াছে তবে তাহা দেখাইবেক কিম্বা যদি প্রস্তুত করে নাই তবে দফ্তরখানায় প্রস্তুত করা যাইবেক। হিসাবরাখনিয়া ঐ আসল চালান ও তাহার ডুপ্লিকেটের উপর "যথার্থ" এই কথা লিখিয়া দস্তখৎ করিবেন এবং হিসাবের শিরনামা নির্দ্দিষ্ট করিবেন। পরে ঐ চালান ও তাহার বেওরা হিসাবরাখনিয়ার রেজিষ্টরে লেখা যাইবেক। তৎপরে টাকা দাখিলকরনিয়াকে চালান ফিরিয়া দেওয়া যাইবেক এবং সেই ব্যক্তি খাজানাখানার সিরিশ্তায় গিয়া তাহা দাখিল করিয়া টাকা দিবেক। পোদ্দার তাহা পরীক্ষা করিয়া চালানের উপর ঐ দেওয়া টাকার সংখ্যা ও যেপ্রকার মুদ্রা দেওয়া যায় তাহা লিখিবেক। পরে খাজাঞ্চী আপন দাখিলার রেজিষ্টরে চালান লিখিয়া চালানের ডুপ্লিকেটের উপর রসীদের এক পাঠের মোহর বসাইয়া তাহাতে দস্তখৎ করিয়া টাকাদেওনিয়াকে ফিরিয়া দিবেন। তাহাতে যদি ৫০০৲ টাকার অধিক হয় তবে টাকাদেওনিয়া ঐ ডুপ্লিকেটে কালেক্টর সাহেবের দস্তখৎ করিবার জন্যে তাঁহার নিকটে লইয়া যাইবেক। আসল চালানেও খাজাঞ্চী দস্তখৎ করিবেন কিন্তু তাহাতে মোহর বসান যাইবেক না এবং যত টাকা নিতান্ত পাওয়া গিয়াছে তাহা উপযুক্ত শিরনামার নীচে উপযুক্তমতে জমা হয় এই জন্যে তাহা হিসাবরাখনিয়ার দফ্তরখানায় পাঠান যাইবেক। চালানের প্রতিদিন ১ নম্বর অবধি আরম্ভ হইবেক।

[মন্তব্য। চালানে যে টাকা লেখা যায় তাহার সংখ্যা অক্ষরেতে ও অঙ্কেতে লেখা উচিত।]

[মন্তব্য। কমওজনপ্রভৃতির জন্যে যে বাট্টা হয় তাহা প্রায় সর্ব্বদা জমা হইয়া থাকে। চালানের লিখিত সংখ্যাহইতে প্রায় বাদ দেওয়া যায় না।]

২। টাকা দিলে যে নিয়মমতে কার্য্য করিতে হইবেক।

খাজানাখানার ভারপ্রাপ্ত কার্য্যকারকের দস্তখৎকরা ও দফ্তরখানার মোহরে মোহরকরা পরওয়ানা না পাইলে খাজাঞ্চী কোন প্রকারে কোন টাকা দিবেন না। ঐ পরওয়ান-

seal. The Warrants are to be prepared in duplicate in the Accountant's Office. One will remain there and the other will be kept by the Treasurer as his voucher for the payment made. When the Warrant original and duplicate shall have been duly signed, it will be entered by the Head Accountant in his Register of Warrants. The original will then be sent into the Treasury; and when the amount is disbursed it will be entered by the Treasurer in his Register of Payments. There will be a separate series of numbers for the Warrants each month both of the Cash Warrants and Transfer Warrants.

N. B.—Sums entered in Warrants are to be in writing as well as in figures.

III.—THE MODE OF ENTRY BY TRANSFER.

With these entries the Treasurer has nothing to do as no money passes—the transfer entries appear in the Registry of Chellans, the Registry of Warrants and the Daily Balance Sheet of the Accountant under the head of Transfer. The totals in the three will of course correspond.

IV.—THE BALANCING OF THE BOOKS.

RECEIPTS.

The sum entered in the cash column of the Register of Chellans will always correspond with the total in the Register of Dakhillas kept by the Treasurer. And the number of entries in the former, minus the transfer entries, will tally with the number in the latter—and this sum will appear in the "Cash" column of the Daily Balance Sheet of the Accountant and in the Daily Balance Sheet of the Treasurer under the "Receipts of this day."

N. B.—The Chellan Register will have to be altered where a deduction is made by the Potdar on account of short weight Rupees. In practice however payers generally make good such a deduction.

DISBURSEMENTS.

The sum entered in the cash column of the Accountant's Register of Warrants will tally with the total in the Treasurer's Register of Payments, and the number of items in the former [minus the transfer items] will equal that in the latter. The sum will again appear in the Accountant's Daily Balance Sheet under the cash column of disbursements: and in the Balance Sheet of the Treasurer under the entry "Disbursed this day." The books will be taken to the Serishtadar who will affix his signature to each in proof of his having compared them and found all correct. They will then be brought to the Collector. The Treasurer will sign his own Books—the Accountant his. The Serishtadar will be responsible for the accuracy of the books of both Departments and for the correspondence of the several items.

The books of both Departments are to be balanced daily and as a general rule the Officers of neither should be allowed to leave the Office till the accounts are closed and all discrepancies reconciled.

নার দুই প্রস্থ হিসাবরাখনিয়ার দফ্তরখানায় প্রস্তুত করা যাইবেক। এক কেতা ঐ দফ্তরখানায় থাকিবেক। অন্য কেতা খাজাঞ্চী ঐ টাকা দেওনের বৌচরস্বরূপ রাখিবেন। ঐ পরওয়ানার আসল ও ডুপ্লিকেট উভয়ে উপযুক্তমতে দস্তখৎ হইলে পর প্রধান হিসাবরাখনিয়া আপন 'পরওয়ানার রেজিষ্টরে' তাহা তুলিবেন। পরে আসল পরওয়ানা খাজানাখানায় পাঠান যাইবেক। এবং তাহার টাকা দেওয়া গেলে পর খাজাঞ্চী আপন 'দেওয়া টাকার রেজিষ্টরে' তাহা তুলিয়া লইবেন। 'নগদ টাকার পরওয়ানার' ও 'খারিজদাখিলের পরওয়ানার' প্রতিমাসে একাদিক্রমে নম্বরের আলাহিদা শ্রেণী হইবেক।

মন্তব্য। পরওয়ানাতে যে টাকার সংখ্যা লেখা যায় তাহা অক্ষরেতে ও অঙ্কেতে লিখিতে হইবেক।

৩। খারিজদাখিলক্রমে টাকা লিখিবার নিয়ম।

এই টাকা লিখিবার বিষয়ে খাজাঞ্চীর কোন সম্পর্ক নাই যেহেতুক ইহাতে কোন টাকার লেনাদেনা চলে না। খারিজদাখিলের লিখনীয় টাকা "খারিজদাখিল" এই শিরনামার নীচে হিসাব রাখনিয়ার 'চালানের রেজিষ্টরীতে' ও 'পরওয়ানার রেজিষ্টরীতে' ও 'প্রতিদিনের বাকীর ফর্দ্দেতে' লেখা যায়। এই তিন খাতার মবলগ টাকা অবশ্য মিলিবেক।

৪। খাতা মোকাবিলা করণ।

জমা।

'চালানের রেজিষ্টরের' নগদ টাকার ঘরে যে টাকা লেখা যায় তাহা খাজাঞ্চী যে 'দাখিলার রেজিষ্টর' রাখেন তাহার মবলগ টাকার সঙ্গে সর্ব্বদা মিলিবেক। এবং খারিজদাখিলের লিখিত দফা বাদ দিলে 'চালানের রেজিষ্টরে' যত দফা লেখা আছে তাহার সংখ্যা 'দাখিলার রেজিষ্টরের' লিখিত দফার সংখ্যার সঙ্গে মিলিবেক এবং ঐ টাকা হিসাবরাখনিয়ার প্রতিদিনের বাকীর ফর্দ্দের "নগদ টাকার" ঘরে এবং খাজাঞ্চীর প্রতিদিনের বাকীর ফর্দ্দে "অদ্যকার জমা" এই শিরনামায় দৃষ্ট হইবেক।

মন্তব্য। যখন পোদ্দার কমওজনের টাকার জন্যে কিছু বাদ দেয় তখন চালানের রেজিষ্টরে কিছু পরিবর্ত্তন করিতে হইবেক। পরন্তু সচরাচর টাকাদেওয়ানিয়ারা ঐ কমী পূরণ করিয়া থাকে।

খরচ।

হিসাবরাখনিয়ার 'পরওয়ানার রেজিষ্টরের' নগদ টাকার ঘরে যে টাকা লেখা যায় তাহা খাজাঞ্চীর 'দেওয়া টাকার রেজিষ্টরের' মবলগ টাকার সঙ্গে মিলিবেক এবং খারিজদাখিলের দফা বাদ দিলে 'পরওয়ানার রেজিষ্টরে' লিখিত দফার সংখ্যা 'দেওয়া টাকার রেজিষ্টরের' লিখিত দফার সংখ্যার সঙ্গে মিলিবেক। ঐ টাকা পুনরায় হিসাবরাখনিয়ার 'প্রতিদিনের বাকীর ফর্দ্দে' খরচ করা নগদ টাকার ঘরে এবং 'খাজাঞ্চীর বাকীর ফর্দ্দেতে' "অদ্যকার খরচ" এই শিরনামায় দৃষ্ট হইবেক। ঐ২ খাতা সিরিশ্তাদারের নিকটে উপস্থিত করা যাইবেক। তিনি তাহা মোকাবিলা করিয়া সকলই শুদ্ধ দেখিয়াছেন ইহার প্রমাণস্বরূপ প্রত্যেক বহীতে দস্তখৎ করিবেন। পরে ঐ২ বহী কালেক্টর সাহেবের নিকটে উপস্থিত করা যাইবেক। খাজাঞ্চী আপনার খাতায় দস্তখৎ করিবেন এবং হিসাবরাখনিয়া আপনার খাতায় দস্তখৎ করিবেন। উভয় দফ্তরের খাতার শুদ্ধতার বিষয়ে এবং তাহার লিখিত প্রত্যেক দফার পরস্পর মিলনের বিষয়ে সিরিশ্তাদার দায়ী হইবেন।

উভয় সিরিশ্তার খাতা প্রতিদিন মোকাবিলা করা যাইবেক এবং এই সাধারণ বিধি হইবেক যে হিসাব যাবৎ রফা না হয় ও অমেলের সকল বিষয় মিটাইয়া দেওয়া না যায় তাবৎ উভয় সিরিশ্তার কোন সিরিশ্তার কার্য্যকারক দফ্তরখানা ছাড়িয়া যাইতে পাইবেন না।

V.—THE MODE OF KEEPING THE BOOKS.

Books to be kept by the Treasurer.	Books to be kept by the Accountant.
Register of Dakhillas.	1 Register of Chellans.
Register of Payments.	2 General Register of Warrants.
Daily Balance Sheet.	3 Daily Balance Sheet.
	4 Ledger.
	5 Statement of Miscellaneous Advances.
	6 Register of Deposit Receipts.
	7 Ditto ditto Re-payments.
	8 Ditto of Bills Issued.
	9 Ditto of ditto Discharged.
	10 Zemindar's Accounts.

৫। খাতাবহী রাখিবার নিয়ম।

খাজাঞ্চী যে২ খাতা রাখিবেন	হিসাবরাখনিয়া যে২ খাতা রাখিবেন।
দাখিলার রেজিষ্টর	১ চালানের রেজিষ্টর
দেওয়া টাকার রেজিষ্টর	২ পরওয়ানার সাধারণ রেজিষ্টর
প্রতিদিনের বাকীর ফর্দ্দ	৩ প্রতিদিনের বাকীর ফর্দ্দ
	৪ খতিয়ান
	৫ মুৎফরক্কা আগাম দেওয়া টাকার কৈফিয়ৎ
	৬ আমানতী টাকা দাখিলের রেজিষ্টর
	৭ আমানতী টাকা ফিরিয়া দেওয়ার ঐ
	৮ জারীহওয়া বিলের ঐ
	৯ শোধকরা বিলের ঐ
	১০ জমীদারের হিসাব

The manner in which the entries are to be made in the three first books to be kept by the Accountant and the three to be kept by the Treasurer has been incidentally described when laying down rules for the Receipt and Disbursement of money there remains for notice seven to be kept by the Accountant.

1st.—The Ledger. The form of Ledger is that of the common Rokur in general use and needs no explanation.

2nd.—Statement of Miscellaneous Advances. The method of keeping this book is clearly laid down in the letter of the Board to Government. "This "statement is in place of the usual Inefficient Balance "Statement. All items of advance, for which no "sanction has been obtained are, when made, to "be debited in the body of the Treasury Account, "under Miscellaneous Advances, instead of being "shown under what is now called Inefficient Balance and, when adjusted are to be credited to "the same head. The debit and credits are to be "shown in the lump in the monthly Treasury Accounts, to which a plus and minus Memorandum "is to be appended, and a detailed statement of "the outstanding balance in exactly the same form "as now in use for the Inefficient Balance, is to "be submitted with it to the Accountant."

"The form here prescribed is a monthly one, the "items outstanding at the close of the preceding

[*Government Gazette, 2nd May,* 1854.]

হিসাবরাখনিয়ার প্রথম যে তিন প্রকার খাতা ও খাজাঞ্চীর যে তিন খাতা রাখিতে হইবেক সেই২ খাতায় যে নিয়মমতে নানা দফা লিখিতে হইবেক তাহা টাকা জমা ও খরচ করিবার নিয়ম লিখনেতে প্রকাশ করা গিয়াছে। হিসাবরাখনিয়ার অন্য যে সাতখান খাতা রাখিতে হইবেক তাহাই বিবেচনা করিবার বাকী আছে।

প্রথম। খতিয়ান।—সামান্য যে রোকড় বহী সাধারণমতে ব্যবহার হয় খতিয়ানের সেই পাঠ। অতএব তাহার ব্যাখ্যা করার কোন প্রয়োজন নাই।

দ্বিতীয়। মুৎফরক্কা আগাম দেওয়া টাকার কৈফিয়ৎ। এই খাতা লিখিবার নিয়ম গবর্ণমেণ্টের নিকটে বোর্ডের পত্রেতে স্পষ্টরূপে প্রকাশ হইয়াছে। "এই কৈফিয়ৎ চলিত 'অনিষ্পত্তি বাকীর কৈফিয়তের' পরিবর্ত্তে হয়। আগাম দেওয়া যে সকল টাকার অনুমতি পাওয়া যায় নাই তাহা দেওয়া গেলে তদ্বিষয়ের নানা দফা "অনিষ্পত্তি বাকী" এইক্ষণে এই নামে খ্যাত শিরনামায় লিখিত না হইয়া "মুৎফরক্কা আগাম দেওয়া টাকা" এই শিরনামায় খাজানাখানার হিসাবে খরচ লিখিতে হইবেক এবং নিষ্পত্তি হইলে সেই শিরনামায় জমা হইবেক। খাজানাখানার মাসিক হিসাবে খরচ ও জমা একত্রে দৃষ্ট হইবেক এবং তাহার নিম্ন ভাগে কমী বেশীর এক কৈফিয়ৎ প্রকাশ হইবেক এবং তাহার সঙ্গে এইক্ষণে অনিষ্পত্তি বাকীর জন্যে যে পাঠ ব্যবহার হইতেছে ঠিক সেই পাঠানুসারে প্রস্তুতকরা বকেয়া বাকীর এক বিস্তারিত কৈফিয়ৎ হিসাবরাখনিয়াকে দেওয়া যাইবেক।

"এই স্থলে যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা মাসিক পাঠ। পূর্ব্ব মাসের শেষে যে ২ দফা বাকী থাকে তাহার

"month, are to be brought forward in it, and in "the column when adjusted the date and particu- "lars of adjustment effected during the month "should be noted, and the outstanding balance of "the items be struck at the end of the month in "the next column."

3rd and 4th, 5th and 6th.—The Register of Receipts and Disbursements of Deposit and the Register of Bills issued and discharged call for no remarks, as they are the same with those at present in use.

7th.—The entries in the Zeminda.'s Account would be made by the Towjee Nuvees after the receipt of the original Chellan from the Treasury Department.

Offg. Secy., Board of Revenue, L. P.

To

C. H. LUSHINGTON, Esquire,
Secretary to the Board of Revenue.

Mr. Secretary Grant, in a letter to the address of the Committee for the abolition of Judicial Treasuries, No. 1060, dated 20th August, 1851, forwarded for its information and guidance copies of the correspondence as per margin,* regarding the new Forms of Collectorate Accounts proposed by the Board of Revenue, and conveyed the wishes of His Honor the Deputy Governor of Bengal, that the Committee would take the subject into their careful consideration, and that when they had so matured the system as to be able to warrant its working, they should submit their scheme to the Revenue Board for revision, and if approved, for submission by the Board to Government.

2nd,—The changes which from time to time have taken place in the Members forming the Committee, have necessarily caused much delay in considering and maturing the scheme. But their proceedings having now been brought to a close, I have the honor, by the Committee's direction, to submit to the Board of Revenue the accompanying Forms of Accounts which they have unanimously agreed upon, together with a Memorandum containing the explanations necessary for the guidance of Collectors in adopting them.

3rd,—The system, the Board will observe, is based upon the principle so strongly enjoined by Mr. Secretary Grant, and so universally recognized as the soundest and best, viz., the complete separation of the office of Cash from that of the Accounts, and provides a distinct series of Accounts for each of these Departments.

4th,—This principal is that which constitutes the

* Officiating Secretary Board of Revenue to Secretary Government of Bengal, No. 300, dated 16th June, 1851.

Secretary Government of Bengal, in reply, No. 1059, dated 20th August, 1851.

জের টানিয়া এই হিসাবে আনা যাইবেক এবং "যখন মোকাবিলা হয়" এই শিরনামার ঘরে মাসের মধ্যে যে২ নিষ্পত্তি হইয়াছে তাহার তারিখ ও বেওরা লিখিতে হইবেক এবং মাসের শেষে নানা বিষয়ের যে বকেয়া বাকী থাকে তাহা তাহার পার্শ্বের ঘরে কাটা যাইবেক।"

তৃতীয়। চতুর্থ। পঞ্চম। ষষ্ঠ। 'আমানতী টাকা জমা ও খরচের রেজিষ্টর' এবং 'জারীহওয়া ও শোধকরা বিলের রেজিষ্টরের' বিষয়ে মন্তব্য কথা লেখার প্রয়োজন নাই তাহা এইক্ষণে যাহা ব্যবহার হইতেছে তাহার সমান।

সপ্তম। 'জমীদারের হিসাবে' যে সকল দফা লিখিতে হইবেক তাহা খাজানাখানার সিরিশ্তাহইতে আসল চালান পাইলে পর তৌজীনবীসের দ্বারা লেখা যাইবেক।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী।

বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত সি এচ লশিংটন সাহেব বরাবরেষু।

জজ সাহেবেরদের খাজানাখানা মৌকুফ করণার্থ কমিটির সাহেবেরদের নামে সেক্রেটারী শ্রীযুত গ্রাণ্ট সাহেব ১৮৫১ সালের ২০ আগষ্ট তারিখের ১০৬০ নম্বরী যে পত্র পাঠান্ তাহাতে বোর্ড রেবিনিউর সাহেবেরা কালেক্টরীর হিসাবের যে নূতন নক্শার প্রস্তাব করিয়াছিলেন তদ্বিষয়ে নীচের লিখিত পত্রের * নকল ঐ কমিটির সাহেবেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইলেন এবং বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের এই আদেশ জ্ঞাপন করিয়াছিলেন যে ঐ সাহেবেরা মনোযোগপূর্ব্বক তদ্বিষয় বিবেচনা করিলে পর ও তাঁহারদের নিয়ম পরিপক্ক করিয়া তদনুসারে কার্য্য সিদ্ধ হইবেক ইহা দৃঢ়মতে জ্ঞাত করিতে পারিলে পর তাঁহারা ঐ নিয়ম বোর্ড রেবিনিউর পুনর্দৃষ্টির নিমিত্তে অর্পণ করেন এবং গ্রাহ্য হইলে বোর্ডের সাহেবেরা তাহা গবর্ণমেণ্টে অর্পণ করেন।

২। ঐ কমিটির অন্তঃপাতি সাহেবেরদের সময়ে২ পরিবর্ত্তন হওয়াতে ঐ নিয়ম বিবেচনা করিবার ও পরিপক্ক করিবার অনেক বিলম্ব অগত্যা হইয়াছে। কিন্তু এইক্ষণে তাঁহারদের কার্য্য সমাপ্ত হওয়াতে কমিটির সকল সাহেব হিসাবের নীচের লিখিত যে পাঠের বিষয়ে সম্মত হইয়াছেন তাহা তাঁহারদের আদেশমতে বোর্ড রেবিনিউর সাহেবেরদের সম্মুখে অর্পণ করিতেছি এবং তদনুসারে কার্য্য করিলে কালেক্টর সাহেবেরদের উপদেশার্থে যে ব্যাখ্যার প্রয়োজন আছে তদ্বিষয়ের এক কৈফিয়ৎ ঐ পাঠের সঙ্গে পাঠাইতেছি।

৩। বোর্ডের সাহেবেরা দৃষ্টি করিবেন যে সকল লোকের বিবেচনায় সদ্বুদ্ধিসিদ্ধ ও অতিউত্তম যে মূল বিধান সেক্রেটারী শ্রীযুত গ্রণ্ট সাহেব অতিদৃঢ়মতে আদেশ করিয়াছিলেন সেই বিধানরূপ মূলে ঐ নিয়ম স্থাপিত হইয়াছে। তাহা এই, নগদ টাকার সিরিশ্তা হিসাবের সিরিশ্তাহইতে সম্পূর্ণরূপে ভিন্ন করণ এবং ঐ এক২ সিরিশ্তায় ভিন্ন২ খাতাবহী করণ।

৪। তেজারতী লোকেরদের হিসাবের "ডবল এন্ট্রী"

* বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের ১৮৫১ সালের ১৬ জুনের ৩০০ নম্বরী পত্র।

তদুত্তরে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫১ সালের ২০ আগষ্ট তারিখের ১০৫৯ নম্বরী পত্র।

essential advantage of the double entry system of Accounts in such general use by commercial men. Receipts and payments are credited and charged to certain heads under instructions furnished to a set of men who never see a Rupee; cash is received and disbursed by a set of men who act on other instructions and to whom the details of account are a matter of no concern. Para. 34 of Mr. Secretary Grant's letter, of the 20th August, 1851, takes exception to the Board's scheme because in certain points this great principle is departed from.

5th.—On the other hand the Committee have adopted the Board's views on several points of detail to which the Government had objected. Their system is in fact a compromise between that proposed to Government by the Board and the criticisms to which the Board's forms are subjected in Mr. Grant's letter just quoted. Though the accompanying Memo. will it is hoped be sufficiently explanatory of the object of each Form of Account, the Committee desire me to notice one or two of the more prominent points discussed in the correspondence which has been furnished to them for perusal.

[Chellans.]

6th.—One of these is the practice of taking Chellans. Though the Committee concur in Mr. Grant's opinion that these cannot be insisted on, still the practice of thus recording acts of payment being so prevalent, and its convenience being so unanimously recognized by receiving Treasuries, they have resolved on adopting as well the Board's proposal for retaining them as that for requiring them in duplicate. Their plan however provides for giving every facility to the preparation of the Chellan to the extent even of having lithographed forms filled up by the Government officers.

[Signing of Dakhillas by Collectors.]

7th.—The question whether receipts should be signed by Collectors, or only by Treasurers, was also fully considered by the Committee. It was found that Dakhillas are not invariably required by persons paying in money, and though prepared, parties frequently neglect to take them. The Committee are of opinion, however, that in all cases where Dakhillas are granted, they should be signed either by the Collector, by his Assistant, or by a Deputy Collector.

8th.—The Collector's attestation may not it is true be legally essential to the validity of the Dakhilla, but it need not follow from this 'that the Collector's receipt is useless to the payer', as urged by Mr. Secretary Grant, in para. 13. Though the previous credit in the Account Department under the Committee's system is a sufficient check on the Treasurer for all sums *regularly* paid in, instances may occur in which from ignorance Chellans may be taken direct to the Treasury. Here, if the Treasurer's signature be sufficient voucher for the pay-

নামক যে নিয়ম সাধারণমতে চলন আছে তাহার বিশেষ সাফল্য ঐ মূল বিধানেতেই হয়। কএক জন উপদেশ প্রাপ্ত হইয়া তদনুসারে বিশেষ২ শিরনামায় জমা ও খরচ লেখে কিন্তু তাহারা একটি টাকা দেখে না। অন্য কএক জন অন্য উপদেশমতে নগদ টাকা পায় ও দেয় কিন্তু হিসাবের বেওরাতে তাহারদের কোন সম্পর্ক নাই। কোন২ বিষয়ে ঐ ভারি বিধানের ব্যতিক্রম হওয়াতে সেক্রেটারী শ্রীযুত গ্রাণ্ট সাহেবের ১৮৫১ সালের ২০ আগষ্ট তারিখের পত্রের ৩৪ দফায় বোর্ডের সাহেবেরদের হিসাবের নক্শার বিষয়ে আপত্তি ধরা গিয়াছে।

৫। অন্য পক্ষে বেওরার নানা বিশেষ বিষয়ে বোর্ডের যে অভিপ্রায়েতে গবর্ণমেণ্ট আপত্তি করিয়াছিলেন তাহা কমিটির সাহেবেরা গ্রাহ্য করিয়াছেন। ফলতঃ বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের নিকটে যে নক্শা প্রস্তাব করিয়াছিলেন তাহাহইতে এবং শ্রীযুত গ্রাণ্ট সাহেবের এইক্ষণে উল্লিখিত পত্রেতে বোর্ডের ঐ নক্শার যে দোষগুণ ধরা গিয়াছে তাহাহইতে সংগ্রহ করিয়া কমিটির সাহেবেরদের এই নিয়ম সংস্থাপিত হইয়াছে। হিসাবের প্রত্যেক পাঠের অভিপ্রায় ব্যাখ্যা করণার্থে তাহার সঙ্গে যে কৈফিয়ৎ পাঠান যাইতেছে তাহা প্রচুর হইবেক এই আশা থাকিলেও কমিটির সাহেবেরদের পড়িবার জন্যে যে২ পত্র পাঠান গিয়াছে তাহার মধ্যে গুরুতর যে বিষয়ের বিচার হইয়াছে তাহার দুইএক বিষয়ে কমিটির সাহেবেরা আমাকে লিখিতে আজ্ঞা করিয়াছেন।

[চালান।]

৬। তাহার মধ্যে এক বিষয় চালান লওনের ব্যবহার। গ্রাণ্ট সাহেব বোধ করেন যে তাহা জোর করিয়া লওয়া যাইতে পারে না। কমিটির সাহেবেরদেরও সেই মত। কিন্তু টাকা দেওনেতে ঐ প্রকার লিখনের রীতি অত্যন্ত চলিত হওয়াতে এবং টাকা গ্রহণিয়া খাজানাখানায় ঐ লিখনের সুবিধা সর্ব্বত্র স্বীকার হওয়াতে কমিটির সাহেবেরা সেই রীতি চলন থাকিবার বিষয়ে বোর্ডের প্রস্তাব এবং তাহার ডুপ্লিকেট লওনেরও প্রস্তাব গ্রাহ্য করিতে স্থির করিয়াছেন। পরন্তু ঐ সাহেবেরদের নিয়মেতে, সরকারী কার্য্যকারকেরদের দ্বারা পূর্ণ হইবার নিমিত্তে পাতরে ছাপাকরা পাঠ ব্যবহার করণপর্য্যন্ত, যাহাতে ঐ চালান অক্লেশে প্রস্তুত করা যায় এমত বিধানও আছে।

[দাখিলাতে কালেক্টর সাহেবেরদের দস্তখৎ করণ।]

৭। দাখিলাতে কালেক্টর সাহেবেরদের দস্তখৎ করিতে হয় কি কেবল খাজাঞ্চীরদের করিতে হয় এই বিষয়ও কমিটির সাহেবেরা সম্পূর্ণরূপে বিবেচনা করিয়াছেন। দৃষ্ট হইয়াছিল যে টাকা দাখিলকরণিয়া ব্যক্তিরা সর্ব্বদাই দাখিলা লয় না এবং প্রস্তুত হইলেও ঐ ব্যক্তিরা অনেকবার তাহা লইবার বিষয়ে শৈথিল্য করে। পরন্তু কমিটির সাহেবেরা বোধ করেন যে দাখিলা যে সকল স্থলে দেওয়া যায় সেই২ স্থলে কালেক্টর সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্ট সাহেবের অথবা এক জন ডেপুটী কালেক্টরের তাহাতে দস্তখৎ করা উচিত।

৮। দাখিলার মাতবরীর জন্যে কালেক্টর সাহেবের দস্তখৎ আইনমতে আবশ্যক নহে এই কথা সত্য বটে তথাপি "কালেক্টর সাহেবের রসীদেতে টাকাদেওনিয়ার কোন কর্ম্ম দর্শে না" সেক্রেটারী শ্রীযুত গ্রাণ্ট সাহেবের পত্রের ১৩ দফার লিখিত এই কথার সঙ্গে উক্ত কথার অবশ্য কার্য্যকারণ ভাব নাই। বিধিমতে দাখিল করা সকল টাকা কমিটির সাহেবেরদের নিয়মমতে হিসাবের সিরিশ্তায় প্রথমে জমা করা যায় তাহাতে খাজাঞ্চীর উপর প্রচুর বাধা থাকে। কিন্তু কোন২ স্থলে অজ্ঞানতাপ্রযুক্ত চালান একেবারে খাজানাখানায় উপস্থিত করা যাইতে পারে। এমত স্থলে যদি টাকা দাখিল হওন বিষয়ে

[*Government Gazette, 2nd May*, 1854.]

ment, there is a strong temptation to fraud, and by such fraud the payee would scarcely fail to be the ultimate sufferer, whereas if the Dakhilla has to pass with others in review, of however superficial a character, before the head of the Office, an attempt at fraud would be by no means free from risk of instant detection.

9th,—On the principal therefore on which ministerial Officers are required to attest reports and other papers belonging to their particular Departments, the Committee think that the present practice of requiring Collectors to sign Dakhillas cannot safely be dispensed with. The signature in all such cases is less a verification of the record to which it is attached than a proof of its having gone through a certain routine of supervision and *possible* scrutiny.

[Cash Account.]

10th,—Another defect in the Board's scheme noticed by Government is the absence of a Cash Account. This account under systems hitherto in force has been supplied by the Native Rokur, which showing in detail all receipts and all payments, left it easy for any one to strike the balance. As the Board have observed, any account showing the same particulars is a Cash Account. Under the Committee's system they are shown in the Account Department in the Register of Chellans and of Warrants from which the aggregate receipts and payments are transferred daily to a Balance Sheet; they are shown in the Cash Department by the Chellans and Warrants themselves from which a similar Balance Sheet is prepared. The distinction between the two Sheets is that in the Account Department, there is a separate column for transfers. If the Treasury Balance does not tally with the cash column of the Account Department Balance Sheet, the cause of the discrepancy becomes of course the immediate subject of enquiry.

[Mode of paying in money.]

11th,—The routine for the process of paying in money differs in some respects from that of the Board's scheme, but it was determined on by the Committee as being that which promised to give the least trouble to the public consistently with the requirements of the Treasury.

[Ledger.]

12th,—The Committee have preferred retaining the form of Ledger or Khutteean so commonly used in Native Accounts. It is far simpler than Form No. 6 of the Board's scheme, while like all Ledgers, its heads of account may be increased in number *ad libitum*.

[Transfers.]

13th,—The expediency of separating transfer payments from the Treasury Department is hinted at in the concluding sentence of Mr. Secretary Grant's letter; and the Board will, the Committee think, approve of the way in which this important reform has been carried out.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২ মে।]

খাজাঞ্চীর দস্তখৎ প্রচুর প্রমাণ হয় তবে প্রবঞ্চনার বলবৎ প্রবৃত্তি জন্মে এবং সেই প্রবঞ্চনাতে শেষে টাকাদেওনিয়ার ক্ষতি হইবেক তাহাতে প্রায় রক্ষা হইবেক না। পরন্তু যদি ঐ দাখিলা অন্য২ কাগজের সঙ্গে দফ্তরখানার প্রধান কার্য্যকারকের দৃষ্টিগোচর করিতে হয় তবে তাহা অতি সামান্যরূপে হইলেও প্রবঞ্চনার যে উদ্যোগ হয় তাহা অতিশীঘ্র ধরা পড়িবার সম্ভাবনাহইতে কোন প্রকারে মুক্ত নহে।

৯। অতএব যে মূল বিধানমতে আমলারদের প্রতি আপন২ সিরিশ্তাসম্পর্কীয় রিপোর্টে ও অন্য২ কাগজপত্রে দস্তখৎ করিবার আজ্ঞা আছে কমিটির সাহেবেরা বোধ করেন যে সেই বিধানানুসারে দাখিলাতে কালেক্টর সাহেবেরদের দস্তখৎ করিতে হইবার ব্যবহার রহিত করিলে বিঘ্ন হইতে পারে। ঐ দস্তখৎ যে কাগজে করা যায় তাহাতে ঐ কাগজের মাতবরী যত প্রকাশ হউক কিন্তু ঐ দস্তখতে ততোধিক এই প্রমাণ হয় যে ঐ কাগজ বিশেষ নিয়মমতে দৃষ্ট হইয়াছে ও তাহার সূক্ষ্ম তজবীজ হইতে পারিয়াছে।

[নগদের হিসাব।]

১০। বোর্ডের নক্শাতে গবর্ণমেণ্ট অন্য এক ত্রুটির বিষয় কহিয়াছেন অর্থাৎ নগদের হিসাব না থাকন। এত কাল যে২ নিয়ম প্রচলিত হইয়া আসিতেছে তাহাতে ঐ প্রকার হিসাবের কার্য্য এদেশীয় রোকড় বহীতে হইয়াছে। ঐ বহীতে জমা করা ও দেওয়া সকল টাকার বেওরা থাকাতে কোন কেহ অক্লেশে বাকী কাটিতে পারিত। বোর্ডের সাহেবেরা যেমন কহিয়াছেন তেমন ঐ বেওরা যে কোন হিসাবে প্রকাশ হউক তাহাই নগদের হিসাব। কমিটির সাহেবেরদের নিয়মমতে ঐ বেওরা হিসাবের সিরিশ্তায় 'চালানের ও পরওয়ানার রেজিষ্টরে' প্রকাশ হয় তাহাহইতে জমা ও দেওয়া টাকার মোট তুলিয়া প্রতিদিন 'বাকীর ফর্দ্দেতে' লেখা যায়। এবং নগদের সিরিশ্তায় ঐ বেওরা 'চালানেতে ও পরওয়ানাতে' প্রকাশ হয় তাহাহইতেও পূর্ব্বোক্ত প্রকারের এক বাকীর ফর্দ্দ প্রস্তুত করা যায়। ঐ দুই ফর্দ্দের মধ্যে বিশেষ এই যে হিসাবের সিরিশ্তায় খারিজদাখিলের জন্যে আলাহিদা ঘর আছে। যদি হিসাবের সিরিশ্তার বাকী ফর্দ্দের নগদ টাকার ঘরের সঙ্গে খাজানাখানার বাকী না মিলে তবে সুতরাং তাহা না মিলিবার হেতু অগৌণে তজবীজের বিষয় হয়।

[টাকা দাখিল করণের নিয়ম।]

১১। টাকা দাখিল করণের কার্য্যের নিয়ম কোন২ বিষয়েতে বোর্ডের নক্শার লিখিত নিয়মহইতে ভিন্ন আছে কিন্তু খাজানাখানাহইতে যে কার্য্য হইবার অপেক্ষা হয় তাহা বুঝিয়া এই নিয়মমতে সাধারণ লোকেরদের অত্যল্প ক্লেশ হওয়ার সম্ভাবনা হওয়াতে কমিটির সাহেবেরা তাহা গ্রাহ্য করিয়াছেন।

[খতিয়ান।]

১২। এদেশীয় হিসাব লিখনমতে যে খতিয়ান সাধারণরূপে ব্যবহার হয় তাহারই পাঠ কমিটির সাহেবেরা বহাল রাখা বিহিত বোধ করিয়াছেন। তাহা বোর্ডের সাহেবেরদের নক্শার ৬ নম্বরী পাঠহইতে অতিসহজ এবং সকল খতিয়ানের ন্যায় তাহাতে হিসাবের শিরনামার সংখ্যা যেচ্ছামতে বৃদ্ধি হইতে পারে।

[খারিজদাখিল।]

১৩। খারিজদাখিলী টাকা দেওয়ার হিসাব খাজানাখানার সিরিশ্তাহইতে ভিন্ন করণের উপযুক্ততা বিষয় সেক্রেটারী শ্রীযুত গ্রাণ্ট সাহেবের পত্রের শেষ দফাতে উল্লেখ হইয়াছে। এবং কমিটির সাহেবেরা বোধ করেন যে এই গুরুতর নিয়ম যে প্রকারে করা গিয়াছে তাহাতে বোর্ডের সাহেবেরা সম্মত হইবেন।

[Inefficient Balance.]

4th,—It remains only to notice the substitution in the body of the accounts of a heading for "Advances" for the present system of Inefficient Balance which keeps all particulars of advances out of the accounts. The retention of this last method of showing discretionary disbursements was obviously incompatible with the separation of the cash from the Account-Department. The Collector's order is sufficient voucher for the Treasurer to disburse. The steps to be taken by the Collector to obtain authority for bringing the charge into his accounts are a matter altogether distinct.

15th,—The system of account which the Committee have thus after full consideration adopted, has been tried by them in the 24-Pergunnahs Collectorate. It has proved to work admirably, saving much labor, and generally simplifying and facilitating the business of the Treasury. The Committee therefore in submitting it to the Board, and recommending it for general introduction, do so with full confidence that it can be warranted to work well. They are satisfied that it is sound in principle, and will be found to be simple and effective in practice.

16th,—Regarding the period within which receipts for money should be granted, and the hours for receiving and paying money, the Committee have considered that to prescribe any positive rules might be difficult and inexpedient, as the work of Collectorates varies in different Districts, and in the same Collectorate at different periods of the year. But they think, and wish to record their opinion, that generally money should be received and paid at any time during office hours, and that under ordinary circumstances receipts should be granted without any serious detention of the parties, and on the last day for payment of the quarterly revenue that all Dakhillas should be ready for delivery within one week.

17th,—I am directed to take this opportunity of acknowledging the receipt of your letter, No. 109, dated 15th June, forwarding for the information of the Committee, copies of correspondence between the Commissioner and Collector of Tirhoot, regarding certain changes in the Treasury Accounts proposed by the Collector. The points mooted in the correspondence had already been under the consideration of the Committee, and have, they believe, been duly provided for in the Forms and system now recommended.

(Signed) W. MAPLES,

Secretary to the Committee.

Calcutta, 11th October, 1852.

[অনিষ্পত্তি বাকী।]

১৪। অনিষ্পত্তি বাকীসম্পর্কীয় চলিত নিয়মানুসারে আগাম দেওয়া টাকার কোন বেওরা হিসাবে প্রকাশ হয় না তাহার পরিবর্ত্তে "আগাম দেওয়া টাকা" যে এক শিরনামা হিসাবের মধ্যে করা গিয়াছে তাহার বিষয়ে এইক্ষণে কিছু লেখা বাকী আছে। নগদের সিরিশতা হিসাবের সিরিশতাহইতে ভিন্ন করণের নিয়মেতে যেচ্ছাধীন খরচ হওয়া টাকা লিখিবার পূর্ব্বনিয়ম চলন থাকা সপষ্টই অসঙ্গত। খাজাঞ্চীর টাকা দিবার জন্যে কালেক্টর সাহেবের হুকুম প্রচুর দলীল হয়। ঐ খরচ কালেক্টর সাহেবের হিসাবে তুলিবার ক্ষমতা পাওনের জন্যে তাঁহার দ্বারা যে উপায় করা যাইবেক তাহা সম্পূর্ণরূপে ভিন্ন বিষয়।

১৫। কমিটির সাহেবেরা সম্পূর্ণরূপে বিবেচনা করিলে পর হিসাবের এই যে নিয়ম নিরূপণ করিয়াছেন তাহা চব্বিশপরগনার কালেক্টরীতে পরীক্ষা করিয়া দেখিয়াছেন। তাহাতে দেখা গেল যে কার্য্য উত্তমরূপে চলে ও পরিশ্রমের অনেক লাঘব হয় এবং খাজানাখানার কার্য্য সাধারণমতে সহজ হয় ও অক্লেশে করা যায়। অতএব তদনুসারে কার্য্য উত্তমরূপে হইবেক কমিটির সাহেবেরা ইহা দৃঢ়মতে জ্ঞাত করিতে পারিয়া সম্পূর্ণ বিশ্বাসেতে বোর্ডের সম্মুখে ঐ নিয়ম অর্পণ করিয়া তাহা সাধারণমতে চালাইবার পরামর্শ দিতেছেন। তাঁহারা হৃদ্বোধমতে জানেন যে মূল বিধান পক্ষে ঐ নিয়ম সদ্বুদ্ধিসিদ্ধ এবং কার্য্য পক্ষে তাহা সহজ ও ফলজনক প্রকাশ হইবেক।

১৬। যে মিয়াদের মধ্যে টাকার দাখিলা দেওয়া উচিত তদ্বিষয়ে এবং টাকা গ্রহণ করণের ও দেওনের ঘণ্টার বিষয়ে কোন স্থির বিধান নিরূপণ করা কমিটির সাহেবেরা কঠিন ও অবিহিত জ্ঞান করিয়াছেন যেহেতুক নানা জিলাতে কালেক্টরীর কর্ম্ম একি প্রকারের নয় এবং একি কালেক্টরীতে বৎসরের নানা কালে একি প্রকার কর্ম্ম নহে। কিন্তু তাঁহারা বোধ করেন এবং আপনারদের এই মত লিখিতে চাহেন যে সাধারণমতে দফ্তরখানা খোলা থাকনের ঘণ্টার কোন সময়ে টাকা গ্রহণ করা ও দেওয়া উচিত এবং সাধারণ স্থলে ভারি বিলম্ব না করিয়া লোকেরদিগকে দাখিলা দেওয়া উচিত এবং তিন মাসের মালগুজারী দাখিল করণের শেষ দিনে সকল দাখিলা এক সপ্তাহের মধ্যে দিবার জন্যে প্রস্তুত করা উচিত।

১৭। আমি আজ্ঞাক্রমে তোমাকে এই সুযোগমতে জানাইতেছি যে তোমার ১৫ জুন তারিখের ১০৯ নম্বরী পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে। ত্রিহুতের কালেক্টর সাহেব খাজানাখানার হিসাবের যে কএক পরিবর্ত্তনের প্রস্তাব করেন তদ্বিষয়ে তাঁহার ও ত্রিহুতের কমিস্যনর সাহেবের পরস্পর লিখিত পঠিত পত্রের নকল তুমি কমিটির সাহেবেরদের জ্ঞাপনার্থে ঐ পত্রের সঙ্গে পাঠাইয়াছিলা। ঐ২ পত্রেতে যে সকল বিষয় উল্লেখ হইয়াছে তাহার বিবেচনা কমিটির সাহেবেরা পূর্ব্বে করিয়াছিলেন এবং তাঁহারা বোধ করেন যে এইক্ষণে যে পাঠ ও নিয়ম ব্যবহার করিবার পরামর্শ হইতেছে তাহাতে ঐ সকল বিষয়ের উপযুক্তমতে বিধান হইয়াছে।

ডবলিউ মেপল্‌স।

কমিটির সেক্রেটারী।

কলিকাতা। ১৮৫২ সাল ১১ অক্টোবর।

MEMORANDUM.

List of Accounts.

Accountant,
- 1 Chellan.
- 2 Register of Chellans.
- 3 Cash Warrant.
- 4 Transfer Warrant.
- 5 General Register of Warrants.
- 6 Ledger.
- 7 Accountant's Daily Balance Sheet.
- 8 Detailed Statement of Miscellaneous Advances.
- 9 Register of Deposit Receipts.
- 10 Ditto ditto Re-payments.
- 11 Register of Bills issued.
- 12 Ditto ditto discharged.
- 13 Zemindar's Account.

Treasurer,
- 14 Register of Dakhillas.
- 15 Treasurer's Daily Balance Sheet.

PRINCIPLE OF THE ACCOUNTS.

The principles upon which the above forms of Account have been framed are the complete separation of the Cash from the Account Department. All payments to be made into the Treasury through the Accountant's Department; the Treasurer to keep only such accounts as are necessary to record the receipt and payment of cash, and the Accountant those which show such receipts and payments in detail under their proper heads of account. By these means the latter become a complete check over the former.

The system of accounts consists of a Waste Book and Ledger with subsidiary accounts. The Registers of Chellans and Warrants, containing the original record of all the transactions of the Treasury as they occur, form the Waste Book; the Ledger—the Native Khutteean—shows the classification of the items; and the subsidiary Accounts facilitate the record and check of the various transactions of the Treasury.

Of the above accounts, the Treasurer, besides the usual file of Warrants, will keep only

The Register of Dakhillas,
The Daily Balance Sheet,

the rest are to be kept by the Accountant.

With the exception of the Registers of Deposits, the Registers of Bills, and the Detailed Statement of Miscellaneous Advances, which are to be kept in English, all the accounts are to be prepared in the Vernacular.

1 Chellan.
2 Register of Chellans.
14 Register of Dakhillas.

Persons paying money into the Treasury should be required to tender it accompanied by Chellans in duplicate. Lithographed Forms of Chellans must be kept by the Collector and supplied to parties as

কৈফিয়ৎ।

হিসাবের ফিরিস্তি।

হিসাবরাখণিয়ার
- ১ চালান।
- ২ চালানের রেজিষ্টর।
- ৩ নগদ টাকার পরওয়ানা।
- ৪ খারিজদাখিলের পরওয়ানা
- ৫ পরওয়ানার সাধারণ রেজিষ্টর।
- ৬ খতিয়ান।
- ৭ হিসাবরাখণিয়ার প্রতিদিনের বাকীর ফর্দ্দ।
- ৮ মুৎফরকা আগাম দেওয়া টাকার বিস্তারিত কৈফিয়ৎ।
- ৯ আমানতী টাকা দাখিলের রেজিষ্টর।
- ১০ ঐ ঐ ফিরিয়া দেওয়ার ঐ।
- ১১ জারীকরা বিলের রেজিষ্টর।
- ১২ শোধকরা ঐ ঐ।
- ১৩ জমীদারের হিসাব।

খাজাঞ্চীর
- ১৪ দাখিলার রেজিষ্টর।
- ১৫ খাজাঞ্চীর প্রতিদিনের বাকীর ফর্দ্দ।

[হিসাবের মূল বিধান।]

হিসাবের উক্ত পাঠ যে মূল বিধানানুসারে প্রস্তুত করা গিয়াছে তাহা এই, হিসাবের সিরিশতাহইতে নগদ টাকার সিরিশতা সম্পূর্ণরূপে ভিন্ন করণ। যে সকল টাকা খাজানাখানায় দাখিল হইবেক তাহা হিসাবরাখণিয়ার সিরিশতার দ্বারা হইবেক। নগদ টাকা লওনের ও দেওনের বিষয়ে যে২ হিসাব লিখিবার আবশ্যক হয় কেবল সেই২ হিসাব খাজাঞ্চী রাখিবেন। এবং ঐ লওয়া ও দেওয়া টাকা হিসাবের উপযুক্ত শিরনামামতে বিস্তারিতরূপে দেখাইবার জন্যে যে হিসাবের আবশ্যক হয় তাহা হিসাবরাখণিয়া রাখিবেন। এই নিয়মমতে শেষোক্ত হিসাবের দ্বারা পূর্ব্বোক্ত হিসাবের উপর পূরা বাধা থাকে।

হিসাবের বহীর মধ্যে খসড়া ও খতিয়ান এবং তাহার সাহায্য যে হিসাবের দ্বারা হয় তাহা আছে। খাজানাখানার সকল ব্যাপার হওন সময়ে প্রথমে চালানের ও পরওয়ানার রেজিষ্টরীতে লেখা যায় তাহা খসড়াস্বরূপ হয়। খতিয়ানেতে প্রত্যেক দফা শ্রেণীমতে লেখা যায়। এবং তাহার সহকারি সকল হিসাবেতে খাজানাখানার নানা ব্যাপার লিখনের ও দোষ ধরণের সাহায্য হয়।

উপরের লিখিত হিসাবের মধ্যে খাজাঞ্চী পরওয়ানার রীতিমতের নথীভিন্ন কেবল

দাখিলার রেজিষ্টর ও
প্রতিদিনের বাকীর ফর্দ্দ

রাখিবেন অন্য সকল বহী হিসাবরাখণিয়া রাখিবেন।

আমানতী টাকার রেজিষ্টর ও বিলের রেজিষ্টর ও মুৎফরকা আগাম দেওয়া টাকার বিস্তারিত কৈফিয়ৎ ইঙ্গরেজী ভাষায় লেখা যাইবেক তদ্ভিন্ন অন্য সকল হিসাব দেশীয় ভাষায় প্রস্তুত হইবেক।

১ চালান।
২ চালানের রেজিষ্টর।
১৪ দাখিলার রেজিষ্টর।

যাহারা খাজানাখানায় টাকা দাখিল করে তাহারদিগকে ঐ টাকার সঙ্গে ডুপ্লিকেট চালান দাখিল করিবার আজ্ঞা করিতে হয়। চালানের পাতরে ছাপা পাঠ কালেক্টর সাহেবের কাছে রাখিতে হইবেক এবং প্রয়োজনমতে

required. If money is tendered without Chellans they must be prepared in the Office by one of the Writers.

All payments must be made into the Treasury through the Account Department. The Chellans must be taken by the party tendering the money in the first instance to the Head Accountant, who will note on one the word "correct" and then enter it in the Chellan Register. The head of account must also be noted on it, either by the Accountant or his Assistant. After this the party must proceed with the Chellans to the Treasurer and pay in the money —when the money has been paid, the Treasurer will stamp upon the Duplicate Chellan a Form of Receipt, sign it, enter it in his Register of Dakhillas, and afterwards send it for the signature of the Collector, or his Assistant. On the original Chellan he will note the particulars of payment, and return it to the Accountant at the end of the day.

The numbers of the Chellans should be a separate series for each day.

It is understood that people frequently do not require receipts, or neglect to take them. All Dakhillas not taken by the parties, should after one month be made over to the Record-keeper, but no Dakhilla should be granted to any person unless it has been duly signed by the Collector, or by the Assistant or Deputy Collector to whom he may assign the duty of attesting it.

3 Cash Warrant.
4 Transfer Warrant.
5 Register of Warrants.

The Cash and Transfer Warrant Books, and Register of Warrants must be kept by the Accountant. The Cash Warrants, after payment, should be filed by the Treasurer. For every item of transfer a Warrant must be issued, addressed to the Head Accountant, who should duly file them after the transfer has been made. Both the Cash and Transfer Warrant Books must be kept in the form of cheques, i. e., with cheque margins.

The numbers of the Warrants should be a separate series for each month.

6 Ledger.

The Ledger is a monthly one, and must be closed at the end of the month. As it is of the usual Form no explanations are required.

8 Statement of Miscellaneous Advances.

This Statement is in place of the usual Inefficient Balance Statement. All items of Advance, for which no sanction has been obtained, are, when made, to be debited in the body of the Treasury Account, under Miscellaneous Advances, instead of being shown under what is now called Inefficient Balance, and when adjusted, are to be credited to the same head. The debits and credits are to be shown in the lump in the monthly Treasury Accounts, to

লোকেরদিগকে দেওয়া যাইবেক। যদি চালানবিনা টাকা দাখিল করিবার প্রস্তাব হয় তবে দফ্তরখানায় কেরাণিরদের এক জনের ঐ চালান প্রস্তুত করিতে হইবেক।

দাখিলকরা সকল টাকা হিসাবের সিরিশ্তার দ্বারা খাজানাখানায় দাখিল করিতে হইবেক। যে ব্যক্তি টাকা দাখিল করিতে চাহে সে প্রথমে প্রধান হিসাবরাখণিয়ার কাছে দুই কেতা চালান লইয়া যাইবেক তিনি এক কেতায় "যথার্থ" এই কথা লিখিয়া তাহা চালানের রেজিষ্টরে এণ্টর করিবেন আর হিসাবের যে শিরনামায় পড়ে তাহা হিসাবরাখণিয়া কি তাহার আসিষ্টাণ্ট তাহাতে লিখিবেন। পরে টাকা দাখিলকরণিয়া ঐ ব্যক্তি চালান লইয়া খাজাঞ্চীর কাছে গিয়া টাকা দাখিল করিবেক টাকা দেওয়া গেলে পর খাজাঞ্চী ঐ চালানের ডুপ্লিকেটের উপর রসীদের পাঠের মোহর বসাইবেন ও তাহাতে দস্তখৎ করিয়া আপনার দাখিলার রেজিষ্টরে তাহা লিখিবেন পরে তাহাতে কালেক্টর সাহেবের কি তাঁহার আসিষ্টাণ্ট সাহেবের দস্তখৎ করিবার নিমিত্তে পাঠাইয়া দিবেন। আসল চালানেতে খাজাঞ্চী দাখিল করা টাকার বেওরা লিখিয়া দিনের অবসানে তাহা হিসাবরাখণিয়ার কাছে ফিরিয়া দিবেন।

চালানের নম্বর প্রতিদিন একাদিক্রমে আরম্ভ হইবেক।

অবগত হওয়া গিয়াছে যে লোকেরা অনেকবার দাখিলা চাহে না কিম্বা তাহা লইতে শৈথিল্য করে। টাকা দাখিলকরণিয়ারা যে সকল দাখিলা না লয় তাহা এক মাসের পর মহাফেজকে দিতে হয়। কিন্তু দাখিলাতে কালেক্টর সাহেব রীতিমতে দস্তখৎ না করিলে কিম্বা তাঁহার আসিষ্টাণ্ট সাহেব কি ডেপুটী কালেক্টর যাঁহাকে তিনি তাহাতে দস্তখৎ করিবার কার্য্য অর্পণ করেন তিনি দস্তখৎ না করিলে কোন দাখিলা কোন ব্যক্তিকে দিতে হইবেক না।

৩। নগদ টাকার পরওয়ানা।
৪। খারিজদাখিলের পরওয়ানা।
৫। পরওয়ানার রেজিষ্টর।

নগদ ও খারিজদাখিলের পরওয়ানার বহী ও পরওয়ানার রেজিষ্টরী বহী হিসাবরাখণিয়ার রাখিতে হইবেক। টাকা দেওয়া গেলে পর খাজাঞ্চী নগদের পরওয়ানা নথীতে গাঁথিয়া রাখিবেন। খারিজদাখিলের প্রত্যেক দফার বাবৎ এক২ পরওয়ানা প্রধান হিসাবরাখণিয়ার নামে দেওয়া যাইবেক। খারিজদাখিল হইলে পর তাঁহার ঐ সকল পরওয়ানা নথীতে গাঁথিয়া রাখিতে হইবেক। নগদ ও খারিজদাখিলের পরওয়ানার বহী চ্যাক বহীর মত অর্থাৎ চ্যাকের হাঁশিয়ার মত হাঁসিয়া করিয়া রাখিতে হইবেক।

পরওয়ানার নম্বর প্রতিমাসে একাদিক্রমে আরম্ভ হইবেক।

৬ খতিয়ান।

খতিয়ান মাসিক খাতা। প্রতিমাসের শেষে তাহা নিষ্পত্তি করিয়া দিতে হইবেক। তাহা চলিত খতিয়ানের পাঠানুসারে হইবেক অতএব তদ্বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন নাই।

৭ মুৎফরক্কা আগাম দেওয়া টাকার কৈফিয়ৎ।

এই কৈফিয়ৎ চলিত "অনিষ্পত্তি বাকীর কৈফিয়তের" পরিবর্ত্তে হয়। আগাম দেওয়া যে সকল টাকার অনুমতি পাওয়া যায় নাই তাহা দেওয়া গেলে তদ্বিষয়ের নানা দফা অনিষ্পত্তি বাকী এইক্ষণে এই নামে খ্যাত শিরনামায় লিখিত না হইয়া "মুৎফরক্কা আগাম দেওয়া টাকা" এই শিরনামায় খাজানাখানার হিসাবে খরচ লিখিতে হইবেক এবং নিষ্পত্তি হইলে সেই শিরনামায় জমা হইবেক। খাজানাখানার মাসিক হিসাবে খরচ ও জমা একত্রে দৃষ্ট হইবেক এবং তাহার নিম্ন ভাগে কমী বেশীর এক কৈ-

which a plus and minus Memorandum is to be appended, and a detailed Statement of the Outstanding Balance, in exactly the same Form as now in use for the Inefficient Balance, is to be submitted with it to the Accountant.

The form here prescribed is a monthly one, the items outstanding at the close of the preceding month are to be brought forward in it, and in the column "when adjusted" the date and particulars of adjustment effected during the month should be noted, and the outstanding balance of the items be struck at the end of the month in the next column.

[To be continued.]

ফিয়ৎ প্রকাশ হইবেক এবং তাহার সঙ্গে এইক্ষণে অনিষ্পত্তি বাকীর জন্যে যে পাঠ ব্যবহার হইতেছে ঠিক সেই পাঠানুসারে প্রস্তুতকরা বকেয়া বাকীর এক বিস্তারিত কৈফিয়ৎ হিসাবরাখনিয়াকে দেওয়া যাইবেক।

এই স্থলে যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা মাসিক পাঠ। পূর্ব্ব মাসের শেষে যে২ দফা বাকী থাকে তাহার জের টানিয়া এই হিসাবে আনা যাইবেক এবং "যখন মোকাবিলা হয়" এই শিরনামার ঘরে মাসের মধ্যে যে২ নিষ্পত্তি হইয়াছে তাহার তারিখ ও বেওরা লিখিতে হইবেক এবং মাসের শেষে নানা বিষয়ের যে বকেয়া বাকী থাকে তাহা তাহার পার্শ্বের ঘরে কাটা যাইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 21st April, 1854.

Baboo Gourhurry Bose, Moonsiff of Bagdah, in Zillah Nuddea, to officiate as Additional Moonsiff of Backergunge, until further orders.

LEAVE OF ABSENCE.

The 26th April, 1854.

Moulvee Abdool Khalick, Moonsiff of Toobkibagrah, in Zillah Tipperah, for two weeks, leave of absence on account of severe illness.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২১ আপ্রিল।

জিলা নদীয়ার বাগদহের মুনসেফ শ্রীযুত বাবু গৌরহরি বসু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাকরগঞ্জের অতিরিক্ত মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ২৬ আপ্রিল।

জিলা ত্রিপুরার তুবকীবাগড়ার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল খালিক অতিকঠিন পীড়াপ্রযুক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৭৬৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৭ আপ্রিল।

শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) জিলা চব্বিশপরগনার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৪ সাল ১০ আপ্রিল।

শ্রীযুত এ সি বিডওএল সাহেব (Mr. A. C. Bidwell,) নদীয়া এলাকার রাজস্বের ও দায়েরসায়েরী কমিস্যনর হইবেন।

শ্রীযুত জে জি কাম্বেল সাহেব (Mr. J. G. Campbell,) ১৮৩৮ সালের ২৯ আইনের ৩৩ ধারার নির্দ্দিষ্ট সীমাসরহদ্দের মধ্যে নিমকের এজেণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়া গবর্ণমেণ্টের নিমকচৌকীর তত্ত্বাবধারক হইবেন।

উপরের উক্ত নিয়োগসকল বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি চলিবেক।

১৮৫৪ সাল ১২ আপ্রিল।

শ্রীযুত পাদরি জে গাওয়েন সাহেব (Reverend J. Gawen,) চুঁচুড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১২ আপ্রিল।

শ্রীযুত পাদরি সি এচ বি গ্লাডউইন সাহেব ও শ্রীযুত এ ডবলিউ ওয়ালিস সাহেব (Reverend C. H. B. Gladwin and A. W. Wallis,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ২ মে।]

৭৯৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১২ আপ্রিল।

শ্রীযুত সি কে হডসন সাহেব (Mr. C. K. Hudson,) আসামের কমিস্যনরের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং পোলিটিকাল এজেণ্ট সাহেবের সিরিশতার ভার গ্রহণের তারিখঅবধি খাসিয়া ও জয়ন্তী পর্ব্বতের দেওয়ানী কার্য্যকারিত্বের ভারপ্রাপ্ত হইবেন।

জিলা কটক।

এত্তলানামা কাছারি কালেক্‌টরি মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে ইঙ্গরেজী সন ১৮৪৫ সাল প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহাল সকল লাগায়ত কিস্তী মাহ জানুআরি সন ১৮৫৪ সাল মোতাবক সন ১২৬১ সাল আট পণি বাকী সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৫৪ সাল মাই মাহার ২৭ তারিখ মোতাবক সন ১২৬১ সাল জ্যৈষ্ঠ মাহার ১৬ তারিখ শনিবার দিবসে এ জেলার কালেক্‌টরি কাছারিতে নীলামে বিক্রয় হইবেক তারিখ ২৯ আপ্রিল সন ১৮৫৪ সাল।

দ্বিতীয় শ্রেণী মিআদী বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মাহাল।

নং ৪১১ নম্বর তৌজি হজুরি মাহাল পঃ বানুবিলী মৌজে রামচন্দ্রপুর ওগেরহ লিখিত মালিক গোকুলানন্দ মাইতি সরিকদার আপন হিস্যা কিসমত ।৭৲৫ চারি আনা সত পাই পন্দরো ক্রান্তের বাকী জের বাঁটওয়ারা সুরত দাখিল করাতে তাহার হিস্যাবাদে বাকী সরিকদার নন্দকুমার দাস ও ধর্ম্ম দাস ও পরীক্ষিত সাউন্তরা ও চিন্তামণি শাহু ও মাহাদেব শাহু ও জয়রাম শাহু নবালগ মাতা ও মাহাফেজ টভাবেওয়া ও মানগোবিন্দ দাস নাবালগ মহাফেজ পিতা বিশ্বম্ভর দাস ও কুঞ্জবেহারি দাসানাবালগ মহাফেজ পিতা দয়ানিধি দাস ও রাকৃষ্ণ দাস ও অভিরাম দাস ও নবীন দাস নবালগান মাহাফেজ পিতা যসবন্ত দাস বাকীদারদিগের হিস্যা কিসমত ॥৶৪৲৫ এগার আনা চারি পাই পঁচ ক্রান্তি নীলাম হইবেক কিন্তু দোরোবস্ত মাহালের মোট সদর জমা মং ৬৭৮॥৭ পাই

নং ৮৫৭ নম্বর তৌজি ঐ পঃ কায়েমা তালুকে বিনোতরা লিখিত মালিক সোমনাথ পাণ্ডা সদর জমা মং ২৪৫ ।৶২॥

নং ১২০৩ নম্বর ঐ পঃ হরিহরপুর কিসমত খরিদগী মৌজে জিরা ওগেরহ লিখিত মালিক গোবিন্দলাল ও অনন্ত দাস ও জয়রাম দাস ও রাধানাথ রায় ও ভোবনি দাস ও অচ্যুতানন্দ দাস ও মারকণ্ড শাহু ও নৃসিংহ শাহু ও হলধরলাল ও মথুরিখাণ্ডায়েতরা ও ভোবনিখাণ্ডায়েতরা ও ভাগবত নায়েক ও রামফল ভগবত ও শম্ভু দাস সদর জমা মং ১৪০৸৩

নং ১২৯৩ নম্বর ঐ পঃ খণ্ডি মৌজে ডেঙ্গাওগেরহ লিখিত মালিক অচ্যুত মাহাপাত্র ও হরিবন্ধু মাহাপাত্র ও লক্ষ্মণদাস ও শম্ভুনাথ চক্রবর্ত্তী ও হরিনারায়ণ চক্রবর্ত্তী শরিকদারসকল আপন২ হিস্যা কিসমত ।৶১৭৲২৫।— সাত আনা সতের গণ্ডা পঁচিশ দাঢ পাঞ্চ বিশ্বার বাকী জেরবাঁটওয়ারাসুরত দাখিল করাতে তাহাদিগের হিস্যা বাদে বাকী সরিকদার পরশুরাম পবিড়া ও গোপীনাথ পণ্ডিত ও শম্ভুদাস ও অনন্ত দাস ও রামতনু রায় ও রামফল ভগত বাকীদারদিগের হিস্যা কিসমত ॥১৸৬॥৶ আট আনা দুই গণ্ডা তিন কড়া ছয় দাঢ এগার বিশ্বা নীলাম হৈবেক কিন্তু দোরোবস্ত মাহালের মোট সদর জমা মঃ ১৮৬৫।—৪।

নং ১৪৮৪ নম্বর ঐ পঃ দেওগাঁ কিসমত মৌজে পোহলো লিখিত মালিক উদ্ধব মাহাপাত্র ও বিশ্বাধর মাহাপাত্র ও চন্দ্রা দেই সদর জমা মঃ ১১৬॥৶

নং ১৫৩৪ নম্বর ঐ পঃ বেনাহার মৌজে সোমপুর লিখিত মালিক পরীক্ষিত দাস ও নিনা দেই মাহাফেজ জগদীশ দাস নাবালগ ও রামচন্দ্র দাস শরিকদার আপন২ হিস্যা কিসমত ।৶১॥২ সাত আনা এক গণ্ডা দুই কড়া দুই ক্রান্তের বাকী জের বাঁটওয়ারাসুরত দাখিল করাতে তাহাদিগের হিস্যা বাদে বাকী শরিকদার নরহরি দাস ও চৌধুরী বিশ্বনাথ সওন্তারা বাকীদারদিগের হিস্যা কিসমত ॥১৮।১ আট আনা আঠারো গণ্ডা এক কড়া এক ক্রান্ত নীলাম হইবেক কিন্তু দোরোবস্ত মাহালের মোট সদর জমা মঃ ৩৬৪॥৶৩

তারিখ সন সদর।

R. P. HARRISON, *Collector.*

জিলা কটক।

ইস্তাহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা কটক সংক্রান্ত কিসমত জনুবীর নিম্ন লিখিত বৃত্তি সন ১৮৫৪ সালের মে মাহার ২৫ তারিখ মোতাবক সন ১২৬১ সাল জ্যৈষ্ঠ মাহার ১৪ তারিখ বৃহস্পতিবার দিবস উক্ত কিসমত কালেক্‌টর সাহেবের কাছারিতে সরকারের সন ১২৬১ সালের আট পণি খাজানা বাকী আদায় নিমিত্তে প্রকাশরূপে নীলাম হইবেক।

২ শ্রেণী গয়ের মোকররী বন্দোবস্ত।

১৫২ নম্বর পরগনে রাহাঙ্গ আরাজী বাজপ্তী মৌজে বাঁবরড়া সরবরা নায়েক গণেশ মাহাপাত্র ও অবকাশ খুঁটিয়া ও রামচন্দ্র গোছিকার ও বনমালী খুঁটিয়া ও মান মহাপাত্র ও মধুসূদন মহাপাত্র করণ পড়িয়ারীয়ান পড়িয়ারি নিয়োগ সদর জমা কোম্পানি ৫৮৸৶৬৸

২৯ তারিখ মাহ এপ্রেল সন ১৮৫৪ সল।

E. DRUMMOND, *Collector.*

জিলা ত্রিপুরা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলে ত্রিপুরার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবত ইংরেজী ১৮৫৪ সালের ৩০ মেই মোতাবক বাঙ্গলা ১২৬১ সালের ১৮ জ্যৈষ্ঠ রোজ মঙ্গলবার ঐ জিলার কালেক্‌টরির কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৪ ইং ১ মেই মোং সন ১২৬১ বাঙ্গলা ১৯ বৈশাখ।

প্রথম শ্রেণী ইস্তমরারি জমা ধার্য্যহওয়া মহাল।

২২০ নং পং গুণানন্দী তাং সেখছিটু চাং রামেশ্বর রামকৃষ্ণ রায় মালিক রহমত উল্লা ও নমসদ্দিন ও ফএজ উল্লা ও মুগীধন সদর জমা মং ১১ ৴৬ পাই।

প্রকাশ থাকে যে উক্ত বাকী আদায় কারণ গত ২৯ মার্চ নীলাম হইয়াছিল তাহাতে খরিদার ১৮৪৫ ইং ১ আইনের মর্ম্মমতে বাএনা দাখিল করিয়া মূল্যাবশিষ্ট দাখিল না করাতে ঐ আইনের ১৬ দফামতে বাএনা দণ্ডস্বরূপ সরকারে জব্দ হইয়া পুনর্নীলাম করার এই এত্তলানামা জারি হইলেক ইতি।

F. B. DRUMMOND, *Collector in charge.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৯ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

PUBLIC LIBRARY CALCUTTA

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 16, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ১৬ মে।

ACT.

An Act to Provide for the Government of *India*.

[20*th August*, 1853.]

[Continued from page 275.]

[The Provisions of 3 and 4 W. 4 c. 85, for creating a Presidency of Agra, which has been suspended by 5 and 6 W. 4 c. 52, to remain so until the same be revoked.]

XV. The Provisions of the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth relating to the Division of the Presidency of *Fort William* in *Bengal* into Two Presidencies, and to the Measures consequent thereupon, which have been suspended under the authority of the Act of the Session holden in the Fifth and Sixth Years of King *William* the Fourth, Chapter Fifty-two, shall remain suspended until the Court of Directors, under the Direction and Control of the Board of Commissioners for the Affairs of *India*, shall otherwise direct; and during the Continuance of such Suspension the Provisions of such last-mentioned Act, authorizing the Appointment of a Lieutenant Governor for the North-Western Provinces, then under the Government of the Presidency of *Fort William* in *Bengal*, and the Appointments and Arrangements made thereunder, shall remain in full force.

[A separate Governor may be appointed for the Presidency of Bengal; in the mean time a Lieutenant Governor may be appointed.]

XVI. It shall be lawful for the said Court of Directors, under such Direction and Control as aforesaid, if and when they think fit, at any Time after the passing of this Act, to declare that the Governor General of *India* shall not be Governor of the Presidency of *Fort William* in *Bengal*, but that a separate Governor shall be appointed for such

আইন।

ভারতবর্ষের কর্ত্তৃত্বের বিষয়ি বিধান করিবার আইন।

[১৮৫৩। ২০ আগষ্ট।]

[২৭৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

(আগ্রা এক রাজধানী করণের বিষয়ে চতুর্থ উলিয়ম রাজার ৩ ও ৪ বৎসরের ৮৫ অধ্যায়ের যে বিধান চতুর্থ উলিয়ম রাজার ৫ ও ৬ বৎসরের ৫২ অধ্যায়ের দ্বারা স্থগিত হইয়াছিল তাহা যাবৎ অন্যথা না হয় তাবৎ সেই অবস্থায় থাকিবেক।)

১৫ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানী দুই রাজধানীতে বিভাগ করণের এবং তদুপলক্ষের কার্য্য করণের বিষয়ি চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনের যে বিধান চতুর্থ উলিয়ম রাজার পঞ্চম ও ষষ্ঠ বৎসরের বৈঠকের আইনের অর্থাৎ ৫২ অধ্যায়ের ক্ষমতাক্রমে স্থগিত হইয়াছিল তাহা যেপর্য্যন্ত ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিস্যনরেরদের বোর্ডের আজ্ঞা ও কর্ত্তৃত্বক্রমে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা অন্যরূপ হুকুম না করেন সেইপর্য্যন্ত স্থগিত থাকিবেক। এবং যত কাল সেইরূপে স্থগিত থাকে তত কাল ঐ শেষোক্ত আইনের যে বিধানক্রমে তৎকালে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর গবর্ণমেণ্টের অধীন উত্তরপশ্চিম দেশের লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবকে নিযুক্ত করণের এবং তদনুসারে নিয়োগ ও নিয়ম করণের ক্ষমতা দেওয়া যায় সেই বিধান সম্পূর্ণরূপে বলবৎ থাকিবেক ইতি।

(বাঙ্গলা রাজধানীর নিমিত্তে স্বতন্ত্র গবর্নর নিযুক্ত হইতে পারিবেন। তাহা না হওয়াপর্য্যন্ত লেপ্টেনেণ্ট গবর্নর নিযুক্ত হইতে পারিবেন।)

১৬ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে উক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে এই আইন জারী হওনের পর কোন সময়ে যদি ও যখন তাঁহারা উচিত বোধ করেন তবে ও তখন প্রকাশ করেন যে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর গবর্নর হইবেন না কিন্তু ঐ রাজধানীর নিমিত্তে স্বতন্ত্র এক জন

Presidency, and in such Case a separate Governor shall be from Time to Time appointed for such Presidency accordingly, in manner provided by the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth, in the Case of Vacancies happening in the Offices of the Governors of the Presidencies of *Fort Saint George* and *Bombay;* and from and after the Appointment of such Governor, the Power by the said Act vested in the Governor General of *India* of appointing a Deputy Governor of the said Presidency of *Fort William* in *Bengal* shall cease ; and unless and until a separate Governor of such Presidency shall be constituted as aforesaid, it shall be lawful for the Court of Directors, under such Direction and Control as aforesaid, if and when they think fit at any Time after the passing of this Act, to authorize and direct the Governor General of *India* in Council to appoint from Time to Time any Servant of the said Company who shall have been Ten Years in their Service in *India* to the Office of Lieutenant Governor of such Part of the Territories under the Presidency of *Fort William* in *Bengal* as for the Time being may not be under the Lieutenant Governor of the said North-western Provinces, and to declare and limit the Extent of the Authority of the Lieutenant Governor to be so appointed.

[Power to Directors to create One new Presidency or to authorize Governor General to appoint a new Lieutenant Governorship.]

XVII. It shall be lawful for the Court of Directors of the said Company, under such Direction and Control, if and when they think fit, to constitute One new Presidency within the Territories subject for the Time being to the Government of the said Company, and to declare and appoint what Part of such Territories shall be subject to the Government of such new Presidency ; and unless and until such new Presidency be constituted as aforesaid, it shall be lawful for the said Court of Directors, under such Direction and Control as aforesaid, if and when they think fit, to authorize (in addition to such Appointments as are herein-before authorized to be continued and made for the Territories now and heretofore under the said Presidency of *Fort William*) the Appointment by the said Governor General in Council of a Lieutenant Governor for any Part of the Territories for the Time being subject to the Government of the said Company, and to declare for what Part of the said Territories such Lieutenant Governor shall be appointed, and the Extent of his Authority, and from Time to Time to revoke or alter any such Declaration.

[Power to alter from Time to Time the Limits of Presidencies and Lieutenant Governorships.]

XVIII. It shall be lawful for the said Court of Directors, under such Direction and Control as aforesaid, from Time to Time to declare and appoint what Part or Parts of the Territories for the Time being subject to the Government of the said Com-

গবর্নর সাহেব নিযুক্ত হইবেন এবং এমত স্থলে ফোর্ট সেণ্ট জর্জ ও বোম্বাই রাজধানীর গবর্নর সাহেবেরদের পদ শূন্য হইলে চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনে যেপ্রকার বিধান আছে সেই প্রকারে ঐ রাজধানীর সময়ে২ স্বতন্ত্র গবর্নর সাহেব তদনুসারে নিযুক্ত হইবেন। এবং ঐ গবর্নর সাহেব নিযুক্ত হওনাবধি ও তাহার পর উক্ত আইনক্রমে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের উক্ত রাজধানীর ডেপুটী গবর্নর সাহেবকে নিযুক্ত করণের যে ক্ষমতা ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের প্রতি অর্পিত আছে তাহা রহিত হইবেক। এবং যদি ও যাবৎ ঐ রাজধানীর এক স্বতন্ত্র গবর্নর সাহেব পূর্ব্বোক্ত প্রকারে নিযুক্ত না হন তবে ও তাবৎ পূর্ব্বোক্ত প্রকারের ঐ আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের প্রতি এই ক্ষমতা থাকিবেক যে এই আইন জারী হওনের পর কোন সময়ে যদি ও যখন তাঁহারা উচিত বোধ করেন তবে ও তখন হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে ক্ষমতা দেন ও আজ্ঞা করেন যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের যে সময়ে যে অংশ উক্ত উত্তরপশ্চিম প্রদেশের লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অধীন নহে সেই সময়ে সেই অংশের লেপ্টেনেণ্ট গবর্নরী পদে উক্ত কোম্পানির যে কোন চাকর সাহেব ভারতবর্ষে তাঁহারদের কর্ম্মেতে দশ বৎসর আছেন এমত কোন সাহেবকে সময়ে২ নিযুক্ত করেন এবং সেই প্রকারে নিযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের ক্ষমতার সীমা প্রকাশ ও নিরূপণ করেন ইতি।

(নূতন এক রাজধানী করিতে কিম্বা গবর্নর জেনরল বাহাদুরকে নূতন লেপ্টেনেণ্ট গবর্নরী পদ করিবার ক্ষমতা দিতে ডৈরেক্টর সাহেবেরদের প্রতি শক্তি।)

১৭ ধারা। ঐ প্রকার আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে উক্ত কোম্পানির কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে তাঁহারা যদি ও যখন উচিত বোধ করেন তবে ও তখন উক্ত কোম্পানির তৎকালীন শাসিত দেশের মধ্যে এক নূতন রাজধানী করেন এবং ঐ দেশের যে অংশ ঐ নূতন রাজধানীর গবর্ণমেণ্টের অধীন থাকিবেক তাহা প্রকাশ ও নির্ণয় করেন। এবং যদি ও যাবৎ ঐ নূতন রাজধানী পূর্ব্বোক্ত প্রকারে নির্দ্দিষ্ট না হয় তবে ও তাবৎ উক্ত প্রকার আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে উক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে যদি ও যখন উচিত বোধ করেন তবে ও তখন (উক্ত ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন যে দেশ এইক্ষণে ও পূর্ব্বাবধি আছে তদ্দেশে যে২ নিয়োগ বহাল রাখিতে ও করিতে এই আইনেতে পূর্ব্বে ক্ষমতা দেওয়া গিয়াছে তদতিরিক্ত) উক্ত কোম্পানির গবর্ণমেণ্টের অধীন তৎকালে যে দেশ থাকে সেই দেশের কোন অংশের নিমিত্তে এক জন লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবকে নিযুক্ত করিতে হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে শক্তি দেন এবং উক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ঐ দেশের যে অংশেতে নিযুক্ত হইবেন তাহা এবং তাঁহার ক্ষমতার সীমা প্রকাশ করেন এবং এমত প্রকাশিত কথা সময়ে২ অন্যথা কি পরিবর্ত্তন করেন ইতি।

(রাজধানীর এবং লেপ্টেনেণ্ট গবর্নরী এলাকার সীমা সময়ে২ পরিবর্ত্তন করণের শক্তি।)

১৮ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে উক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে উক্ত কোম্পানির গবর্ণমেণ্টের অধীন যে সময়ে যে দেশ থাকে সেই সময়ে তাহার এক কি অনেক যে২ অংশ ঐ দেশের তৎকালীন প্রত্যেক রাজধানীর

pany shall be or continue subject to each of the Presidencies and Lieutenant Governorships for the Time being subsisting in such Territories, and to make such Distribution and Arrangement or new Distribution and Arrangement of such Territories into or among such Presidencies and Lieutenant Governorships as to the said Court of Directors, under such Direction and Control as aforesaid, may seem expedient.

[The Enactments as to existing Presidencies to extend to new Presidencies.]

XIX. The Provisions of the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth, as amended by this Act, and all other Provisions now in force for the Administration of the Executive Government of the Presidencies of *Fort Saint George* and *Bombay* respectively, and authorizing the Revocation and Suspension of the Appointment of Councils and the Reduction of the Number of Councillors in such Presidencies respectively, and as to the Powers, Duties, Functions, and Immunities of the Governors of such Presidencies respectively, and of such Governors in their respective Councils, and concerning or applicable to the Appointment and provisional Appointment of Governors and Members of Council of the said Presidencies respectively on Vacancies, and otherwise providing for Vacancies in the Office of any such Governor, and concerning the Removal and Dismissal of such Governors and Members of Council, and the Revocation of Appointments and provisional Appointments of Governors and Members of Council of such Presidencies, and concerning the Salaries and Emoluments of such Governors and Members of Council, shall extend and be applicable in like Manner to and in the Case of any new Presidency to be established as aforesaid under this Act, and also to and in the Case of the Presidency of *Agra*, in case the same be constituted under the Provisions of the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth; and the said Provisions concerning Appointments of Governors and Members of Council on Vacancies, as amended by this Act, shall extend and be applicable to and for the first Appointment of a Governor and Members of Council of such new Presidency and the Presidency of *Agra* aforesaid.

[All appointments of Members of Council to be subject to the Approbation of Her Majesty.]

XX. Every Appointment by the Court of Directors of any ordinary Member of the Council of *India*, or of any Member of the Council of any Presidency in *India*, shall be subject to the Approbation of Her Majesty, to be signified under Her Royal Sign Manual, countersigned by the President of the Board of Commissioners for the Affairs of *India*.

[Provision of 3 & 4 W. 4 c. 85, excluding the Fourth ordinary Member of Council from certain Meetings repealed.]

ও লেপ্টেনেন্ট গবর্নরী এলাকার অধীন হইবেক কি থাকিবেক তাহা প্রকাশ ও নির্ণয় করেন। এবং ঐ রাজধানীতে কি লেপ্টেনেন্ট গবর্নরী এলাকাতে কি তাহার মধ্যে ঐ২ দেশের যেরূপ বিভাগ করণ ও নিয়ম করণ কিম্বা যে নূতন বিভাগ করণ ও নিয়ম করণ পূর্ব্বোক্ত প্রকারের ঐ আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে উক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের বিহিত বোধ হয় তাহা করেন ইতি।

(বর্ত্তমান রাজধানীর সম্পর্কীয় বিধান নূতন রাজধানীতে খাটিবেক।)

১৯ ধারা। এই আইনের দ্বারা সংশোধিত চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনের বিধান এবং ফোর্ট সেণ্ট জর্জ ও বোম্বাই রাজধানীর কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করণের বিষয়ি অন্য যে সকল বিধান এইক্ষণে চলন আছে এবং যে২ বিধানেতে ঐ২ রাজধানীর মধ্যে কৌন্সেলের নিয়োগ অন্যথা করণের ও সংক্ষেপ করণের এবং কৌন্সেলের সাহেবেরদের সংখ্যা ন্যূন করণের ক্ষমতার্পণ হইয়াছে তাহা এবং ঐ২ রাজধানীর গবর্নর সাহেবেরদের এবং আপন২ কৌন্সেলে ঐ২ গবর্নর সাহেবেরদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম ও পদের কার্য্য ও কোন২ বিষয়ে অনধীনতার বিষয়ি বিধান এবং পদ শূন্য হইলে ঐ২ রাজধানীর গবর্নর সাহেবদিগকে ও কৌন্সেলের মেম্বর সাহেবদিগকে নিযুক্ত করণের ও কিঞ্চিৎ কালের নিমিত্তে নিযুক্ত করণের বিষয়ে যে সকল বিধান সম্পর্ক রাখে ও খাটে তাহা এবং এমত কোন গবর্নরী পদ শূন্য হইলে তাহার অন্য নিয়ম করণের যে বিধান এবং ঐ গবর্নর সাহেবদিগকে ও কৌন্সেলের মেম্বর সাহেবদিগকে স্থানান্তর করণের ও অবসর করণের এবং ঐ২ রাজধানীর গবর্নর সাহেবদিগের ও কৌন্সেলের মেম্বর সাহেবদিগের নিয়োগ ও কিঞ্চিৎ কালের নিমিত্তে নিয়োগ অন্যথা করণের বিষয়ি এবং ঐ গবর্নর সাহেবেরদের ও কৌন্সেলের মেম্বর সাহেবেরদের বেতন ও প্রাপ্তির বিষয়ি যে সকল বিধান চলন আছে সেই সকল বিধান এই আইনানুসারে পূর্ব্বোক্তমতে যে কোন নূতন রাজধানী স্থাপিত হইবেক তাহাতে ও তাহার বিষয়ে বিস্তারিত হইয়া সেই প্রকারে খাটিবেক এবং আগ্রা রাজধানী যদি চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনের বিধানমতে সংস্থাপিত হয় তবে সেই রাজধানীতে ও তাহার বিষয়েও বিস্তারিত হইয়া খাটিবেক। এবং পদ শূন্য হইলে গবর্নর সাহেবেরদিগকে ও কৌন্সেলের মেম্বর সাহেবদিগকে নিযুক্ত করণের বিষয়ে এই আইনমতে সংশোধিত উক্ত বিধান ঐ নূতন রাজধানীর এবং পূর্ব্বোক্ত আগ্রা রাজধানীর গবর্নর সাহেবের ও কৌন্সেলের মেম্বর সাহেবেরদের প্রথম নিয়োগে ও তজ্জন্যে বিস্তারিত হইয়া খাটিবেক ইতি।

(কৌন্সেলের মেম্বরী পদে সকল নিয়োগের বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর মঞ্জুরীর অপেক্ষা আছে।)

২০ ধারা। ভারতবর্ষের কৌন্সেলের কোন সাধারণ মেম্বরী পদে কিম্বা ভারতবর্ষে কোন রাজধানীর কৌন্সেলের কোন মেম্বরী পদে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে প্রত্যেক নিয়োগ করেন তাহাতে শ্রীশ্রীমতী মহারাণীর মঞ্জুরীর অপেক্ষা আছে। শ্রীশ্রীমতী মহারাণীর স্বাক্ষরিত ও ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিস্যনরেরদের বোর্ডের প্রসীডেণ্ট সাহেবের আড়সহীকরা পত্রের দ্বারা ঐ মঞ্জুরী জ্ঞাত করা যাইবেক ইতি।

(চতুর্থ উলিয়ম রাজার ৩ ও ৪ বৎসরের ৮৫ অধ্যায়ের যে বিধানমতে কৌন্সেলের সাধারণ চতুর্থ মেম্বর সাহেব কোন২ বৈঠকে উপস্থিত হইতে পারেন না তাহা রদ হইল।)

XXI. So much of the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth as provides that the Fourth ordinary Member of the Council of *India* shall not be entitled to sit or vote in the said Council, except at Meetings thereof for making Laws and Regulations, shall be repealed.

[Legislative Councillors added to the Council of India for making Laws and Regulations.]

XXII. For the better Exercise of the Powers of making Laws and Regulations, now vested in the Governor General of *India* in Council, the several Persons hereinafter mentioned shall, in addition to and together with such Governor General and the Members of the said Council, under the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth, be Members of the said Council of *India* for and in relation to the Exercise of all such Powers of making Laws and Regulations as aforesaid, and shall be distinguished as Legislative Councillors thereof; (that is to say,)

One Member for each Presidency and Lieutenant-Governorship for the Time being established in the said Territories, to be appointed from Time to Time by the Governor of such Presidency and the Lieutenant-Governor of such Lieutenant-Governorship respectively, from among the Persons having been or being at the Time of their Appointment in the Civil Service of such Company within such Presidency or Lieutenant Governorship, and who shall have been Ten Years in the Service of the said Company:

The Chief Justice of the Supreme Court of Judicature at *Fort William* in *Bengal*, or the Chief Justice or Chief Judge of any Court of Judicature hereafter to be constituted in the said Territories to or in which the Powers of such Supreme Court may be transferred or vested:

One of the other Judges of such Supreme Court, or one of the Judges appointed by Her Majesty of any such future Court as aforesaid, to be named by the said Governor General:

[Legislative Councillors to vote only at Meetings for making Laws and Regulations.]

And it shall be lawful for the Court of Directors, if they think it expedient, under the Direction and Control of the Board of Commissioners for the Affairs of *India*, to authorize and direct the Governor General of *India* to appoint from Time to Time, in addition to such Legislative Councillors as aforesaid, Two Persons, to be selected by the said Governor General, having been Ten Years in the Service of the Company, to be Legislative Councillors of the said Council under this Act: Provided always, that the Legislative Councillors added to the Council of *India* by or under this Act shall not be entitled to sit or vote in the said

২১ ধারা। চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনের যে অংশেতে বিধান হইয়াছে যে ভারতবর্ষের কৌন্সেলের আইন ও বিধান করিবার জন্যে যে বৈঠক হয় তদ্ভিন্ন উক্ত কৌন্সেলের চতুর্থ সাধারণ মেম্বর সাহেব উক্ত কৌন্সেলে উপবিষ্ট হইতে কিম্বা মত জ্ঞাপন করিতে পারিবেন না সেই অংশ রদ হইবেক ইতি।

[আইন ও বিধান করিবার জন্যে ভারতবর্ষের কৌন্সেলে ব্যবস্থাপক কৌন্সেলর সাহেবদিগকে নিযুক্ত করণ।]

২২ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি আইন ও বিধান করিবার যে ক্ষমতা এইক্ষণে অর্পিত আছে সেই ক্ষমতামতে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে কার্য্য হইবার নিমিত্তে চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনানুসারে উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এবং উক্ত কৌন্সেলের মেম্বর সাহেবেরদের অতিরিক্ত ও তাঁহারদের সঙ্গে ইহার মধ্যে পশ্চাৎ লিখিত প্রত্যেক সাহেব আইন ও বিধান করিবার পূর্ব্বোক্ত সকল ক্ষমতামতে কার্য্য করণের নিমিত্তে ও তাহার সম্পর্কে ভারতবর্ষের উক্ত কৌন্সেলের মেম্বর হইবেন এবং তাঁহারা ব্যবস্থাপক কৌন্সেলর নামে বিখ্যাত হইবেন। বিশেষতঃ।

উক্ত দেশে যে সময়ে যে২ রাজধানী ও লেপ্টেনেন্ট গবর্নরী এলাকা সংস্থাপন হয় তাহার প্রত্যেকের জন্যে এক২ মেম্বর। সেই রাজধানীর কি লেপ্টেনেন্ট গবর্নরী এলাকার মধ্যে যাঁহারা ঐ কোম্পানির সিবিলসম্পর্কীয় কর্ম্মে ছিলেন কিম্বা নিযুক্ত হওনের সময়ে ঐ কর্ম্মে আছেন এবং উক্ত কোম্পানির কর্ম্মেতে দশ বৎসর রহিয়াছেন তাঁহারদের মধ্যহইতে এক২ জনকে ঐ রাজধানীর গবর্নর্ সাহেব এবং ঐ লেপ্টেনেন্ট গবর্নরী এলাকার লেপ্টেনেন্ট গবর্নর্ সাহেব সময়ে২ মেম্বরস্বরূপ নিযুক্ত করিবেন।

বাঙ্গলা দেশের কোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের চীফ জুষ্টিস সাহেব অথবা যে কোন বিচারার্থ আদালত উত্তর কালে ঐ দেশের মধ্যে সংস্থাপন হইয়া তাহার প্রতি কি তাহার মধ্যে ঐ সুপ্রিম কোর্টের ক্ষমতা দেওয়া যায় কি অর্পণ হয় তাহার চীফ জুষ্টিস কি প্রধান বিচারকর্ত্তা সাহেব।

ঐ সুপ্রিম কোর্টের অন্য জজ সাহেবেরদের যে এক জন অথবা পূর্ব্বোক্ত প্রকারের উত্তর কালীন কোন আদালতের শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক নিযুক্ত জজ সাহেবেরদের মধ্যে যে এক জন সাহেব উক্ত গবর্নর্ জেনরল বাহাদুরকর্ত্তৃক মনোনীত হন তিনি।

[আইন ও বিধান করিবার বৈঠক ভিন্ন অন্য বৈঠকে ব্যবস্থাপক কৌন্সেলর সাহেবেরা মত জ্ঞাপন করিবেন না।]

এবং কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যদি বিহিত বোধ করেন তবে ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিস্যনরেরদের বোর্ডের আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে তাঁহারদের এই ক্ষমতা থাকিবেক যে ঐ পূর্ব্বোক্তমতের ব্যবস্থাপক কৌন্সেলর সাহেবেরদের অতিরিক্ত দুই ব্যক্তিকে এই আইনানুসারে উক্ত কৌন্সেলের ব্যবস্থাপক কৌন্সেলর হইবার নিমিত্তে সময়ে২ নিযুক্ত করিতে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকে ক্ষমতা দেন ও আজ্ঞা করেন। যাঁহারা দশ বৎসর কোম্পানির কর্ম্মেতে আছেন এমত ঐ দুই ব্যক্তিকে উক্ত গবর্নর্ জেনরল বাহাদুর মনোনীত করিবেন। পরন্তু সর্ব্বদা জানা কর্ত্তব্য যে এই আইনের দ্বারা কি তদনুসারে ভারতবর্ষের কৌন্সেলের অতিরিক্ত যে ব্যবস্থাপক কৌন্সেলরেরা নিযুক্ত হন তাঁহারদের ঐ

Council, except at Meetings thereof for making Laws and Regulations.

[Appointment of a Vice-President of Council to preside at Meetings in Absence of Governor General; Quorum for Legislative Business.]

XXIII. It shall be lawful for such Governor General to appoint any Member of the said Council to be Vice President thereof at Meetings of the said Council for making Laws and Regulations, who shall preside therein at such Meetings in the Absence of such Governor General, and in the Absence of such Vice-President the senior ordinary Member of the Council of *India* there present shall preside therein; and the Powers of making Laws or Regulations vested in the said Governor General in Council shall be exercised only at Meetings of the said Council, at which such Governor General or Vice-President or some ordinary Member of Council, and Six or more Members of the said Council, shall be assembled, the Chief Justice or Chief Judge, or such other Judge of the Supreme Court or such other Court as aforesaid, or the Fourth ordinary Member of the said Council of *India*, being One; and in every Case of Difference of Opinion at Meetings of the said Council for making Laws and Regulations, where there shall be an Equality of Voices, the Governor General, or in his Absence the Vice-President, and in the Absence of the Governor General and Vice President such senior ordinary Member of Council there present and presiding, shall have Two Votes or the Casting Vote.

[Governor General's Assent to be requisite to the Validity of Laws.]

XXIV. Provided always, That no Law or Regulation made by the said Council shall have Force or be promulgated until the same has been assented to by the said Governor General, whether he shall or shall not have been present in Council at the making thereof.

[Time for Meeting of Council with new Legislative Councillors to be fixed by Governor General by Proclamation.]

XXV. Provided also, That the said Governor General shall by Proclamation appoint a Time, not being later than Six Months from the Commencement of this Act, for the First Meeting of the said Council of *India* for making Laws and Regulations under this Act, and summon thereto as well the Legislative Councillors appointed by and under this Act as the other Members of such Council: and until such First Meeting the Powers now vested in the said Governor General of *India* in Council of making Laws and Regulations shall and may be exer-

কৌন্সেলের আইন ও বিধান করণার্থে বৈঠক হওন ভিন্ন উক্ত কৌন্সেলে উপবিষ্ট হইবার কিম্বা মত জ্ঞাপন করিবার অধিকার থাকিবেক না ইতি।

(শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুপস্থানে বৈঠকে অধিপতি হইবার নিমিত্তে কৌন্সেলের বৈস প্রসীডেণ্টের নিয়োগ ব্যবস্থাপক কার্য্যের নিমিত্তে যত সাহেবের উপবিষ্ট হওয়া আবশ্যক।)

২৩ ধারা। উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে আইন ও বিধান করণার্থে উক্ত কৌন্সেলের বৈঠকে ঐ কৌন্সেলের বৈস প্রসীডেণ্ট হইবার নিমিত্তে তাহার এক জন মেম্বর সাহেবকে নিযুক্ত করেন। ঐ গবর্নর্ জেনরল বাহাদুরের অনুপস্থানে তিনি ঐ প্রকার বৈঠকে কৌন্সেলের অধিপতি হইবেন। এবং ঐ গবর্নর্ জেনরল বাহাদুরের অনুপস্থানে এবং ঐ বৈস প্রসীডেণ্ট সাহেবের অনুপস্থানে ভারতবর্ষের কৌন্সেলের যে প্রধান সাধারণ মেম্বর সাহেব তথায় উপস্থিত থাকেন তিনি অধিপতি হইবেন। এবং হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি আইন কি বিধান করিবার যে ক্ষমতা অর্পণ হইয়াছে তদনুসারে তিনি কেবল উক্ত কৌন্সেলের যে বৈঠকে উক্ত গবর্নর্ জেনরল বাহাদুর কি বৈস প্রসীডেণ্ট সাহেব কিম্বা কৌন্সেলের কোন সাধারণ মেম্বর সাহেব এবং উক্ত কৌন্সেলের ছয় কি ততোধিক মেম্বর সাহেব উপস্থিত থাকেন সেই বৈঠকে কার্য্য করিবেন। ঐ ছয় জন সাহেবের মধ্যে সুপ্রিম কোর্টের কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য আদালতের চীফ জুষ্টিস সাহেব কিম্বা প্রধান জজ সাহেব কিম্বা উক্ত প্রকারের অন্য জজ সাহেব কিম্বা ভারতবর্ষের উক্ত কৌন্সেলের চতুর্থ সাধারণ মেম্বর সাহেব এক জন হইবেন। এবং আইন কি বিধান করণার্থ উক্ত কৌন্সেলের বৈঠকে যে প্রত্যেক স্থলে মতের অনৈক্য হয় এবং যত ব্যক্তির একমত হয় তত ব্যক্তির ভিন্ন মত হয় এমত স্থলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর অথবা তাঁহার অনুপস্থানে বৈস প্রসীডেণ্ট সাহেবের, এবং গবর্নর্ জেনরল বাহাদুরের ও বৈস প্রসীডেণ্ট সাহেবের অনুপস্থানে, তথায় বর্ত্তমান ও আধিপত্যকারি কৌন্সেলের ঐ প্রধান সাধারণ মেম্বর সাহেবের দুই বোট হইবেক অথবা তিনি যে পক্ষের হন সেই পক্ষের মত প্রবল হইবেক ইতি।

(আইনের সিদ্ধতার জন্যে গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতি আবশ্যক।)

২৪ ধারা। পরন্তু সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে উক্ত কৌন্সেলের দ্বারা যে কোন আইন কি বিধান করা যায় তদ্বিষয়ে উক্ত গবর্নর্ জেনরল বাহাদুর তাহা করণ সময়ে হজুর কৌন্সেলে উপস্থিত হউন কি না হউন যাবৎ সম্মত না হন তাবৎ তাহা বলবৎ হইবেক না কি জারী হইবেক না ইতি।

(শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ঘোষণাপত্রের দ্বারা নূতন ব্যবস্থাপক কৌন্সেলর সাহেবেরদের সঙ্গে কৌন্সেলের বৈঠক করিবার সময় নিরূপণ করিবেন।)

২৫ ধারা। আরো জানা কর্ত্তব্য যে উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর এই আইনানুসারে আইন ও বিধান করণার্থ ভারতবর্ষের উক্ত কৌন্সেলের প্রথম বৈঠক করিবার জন্যে এই আইন আমলে আসিবার পর ছয় মাসের অধিক বিলম্বে না হয় এমত সময় ঘোষণাপত্রের দ্বারা নিরূপণ করিবেন। এবং যেমন ঐ কৌন্সেলের অন্য মেম্বর সাহেবদিগকে তেমন এই আইনের দ্বারা ও তদনুসারে নিযুক্ত ব্যবস্থাপক কৌন্সেলর সাহেবদিগকে ঐ বৈঠকে তলব করিবেন। এবং যাবৎ ঐ প্রথম বৈঠক না হয় তাবৎ আইন ও বিধান করণের যে ক্ষমতা হজুর কৌন্সেলে ভারতবর্ষের উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি এইক্ষণে অর্পিত আছে সেই ক্ষমতামতে এই আইন জারী হওনের পূর্ব্বে যে প্রকারে ও যে মেম্বর সাহেবেরদের দ্বারা কার্য্য

cised in like Manner and by the same Members as before the passing of this Act.

[No Law or Regulation of Governor General in Council invalid by reason of the same affecting any Prerogative of the Crown.]

XXVI. No Law or Regulation made by the Governor General in Council shall be invalid by reason only that the same affects any Prerogative of the Crown, provided such Law or Regulation shall have received the previous Sanction of the Crown, signified under the Royal Sign Manual of Her Majesty, countersigned by the President of the Board of Commissioners for the Affairs of *India*.

[All Fines, Penalties, &c., to belong to the East India Company.]

XXVII. All Fines and Penalties incurred by the Sentence or Order of any Court of Justice within the Territories under the Government of the *East India* Company, and all Forfeitures for Crimes of any Real or Personal Estate within the said Territories, and all Real and Personal Estate within the said Territories escheating or lapsing for Want of an Heir or Successor, and all Property within the said Territories devolving as *Bona vacantia* for Want of a rightful Owner, shall (as Part of the Revenues of *India*) belong to the *East India* Company in trust for Her Majesty for the Service of the Government of *India*: Provided also, that the Governor General in Council, and any other Person or Persons who may be authorized by any Act passed in that Behalf by the Governor General in Council, shall have Power (in Cases where the same may appear suitable and proper) to make any Grant or Disposition of any Property so accruing by Forfeiture, Escheat, or otherwise, to or in favor of any Relative or Connexion of the Person from whom the same shall have accrued, or to or in favour of any other Person or Persons.

[To be continued.]

করা যাইত সেই প্রকারে ও সেই মেম্বর সাহেবেরদের দ্বারা কার্য্য করা যাইবেক ইতি।

(হজুর কৌন্সেলে গবর্নর্ জেনরল বাহাদুরের করা কোন আইন কি বিধানের দ্বারা ইঙ্গলণ্ডের বাদশাহের পদোপলক্ষে কোন অধিকারের ক্ষতিবৃদ্ধি হইলেও তদ্ধেতুক ঐ আইন অসিদ্ধ হইবেক না।)

২৬ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের করা কোন আইন কি বিধানের বিষয়ে যদি শ্রীশ্রীমতী মহারাণীর স্বাক্ষরিত এবং ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিস্যনরেরদের বোর্ডের প্রসীডেন্ট সাহেবের আড়সহী করা পত্রের দ্বারা শ্রীশ্রীমতী মহারাণীর অনুমতি পূর্ব্বে দেওয়া গিয়াছে তবে ঐ আইন কি বিধানের দ্বারা ইঙ্গলণ্ডের বাদশাহের পদোপলক্ষে কোন অধিকারের ক্ষতিবৃদ্ধি হইলেও কেবল সেই হেতুতে তাহা অসিদ্ধ হইবেক না ইতি।

(জরীমানা ও দণ্ডপ্রভৃতির টাকা কোম্পানি বাহাদুরের হইবেক।)

২৭ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন বিচারার্থ আদালতের দণ্ডাজ্ঞা কি হুকুমের দ্বারা যে সকল জরীমানা ও অর্থদণ্ড হয় এবং অপরাধপ্রযুক্ত উক্ত দেশের মধ্যে যে কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তি জব্দ হয় এবং ওয়ারিস কি উত্তরাধিকারির অভাবে উক্ত দেশের মধ্যের যে সকল স্থাবর কি অস্থাবর সম্পত্তি সরকারে বর্ত্তে কি প্রাপ্ত হয় এবং উক্ত দেশের মধ্যে স্বত্বযুক্ত স্বামির অভাবপ্রযুক্ত "বোনা বেকানসিয়া" অর্থাৎ লাওয়ারিস দ্রব্য বলিয়া যে সকল সম্পত্তি সরকারে বর্ত্তে সেই সকল (ভারতবর্ষের রাজস্বের একাংশস্বরূপ) ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্যের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর জন্যে ট্রুষ্টস্বরূপ কোম্পানি বাহাদুরের হইবেক। পরন্তু আরো জানা কর্ত্তব্য যে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের, অথবা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকর্ত্তৃক তদ্বিষয়ে জারীহওয়া কোন আইনক্রমে অন্য যে কোন ব্যক্তি কি ব্যক্তিরা ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার কি তাঁহারদের এই ক্ষমতা থাকিবেক যে (যে২ স্থলে উপযুক্ত ও উচিত বোধ হয় সেই২ স্থলে) মেইরূপে জব্দহওয়া কি বর্ত্তিত কিম্বা অন্য প্রকারে প্রাপ্ত কোন সম্পত্তি যাহার স্থানে প্রাপ্ত হওয়া গিয়াছে তাহার কোন জ্ঞাতি কি কুটুম্বকে কিম্বা তাহার পক্ষে কিম্বা অন্য ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে কি তাঁহার কি তাঁহারদের পক্ষে সে সম্পত্তির কোন দান কি হস্তান্তর করেন ইতি।

ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

[Concluded from Page 282.]

No. 660.

From the Secretary to the Government of Bengal, to A. Grote, Esq., Officiating Secretary to the Board of Revenue. Dated Fort William, the 11th August, 1853.

The Most Noble the Governor of Bengal has had under his consideration your predecessor's letter, No. 44, dated the 18th January last, submitting certain new forms of Treasury accounts devised by the Committee for the abolition of Judicial Treasuries and suggested for use in all Collectors' offices in the Lower Provinces.

2nd—His Lordship observes that the principle

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

[২৮২ পৃষ্ঠাহইতে চলিতেছে]

৬৬০ নম্বর।

বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী শ্রীযুত এ গ্রোট সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৩ সাল ১১ আগষ্ট।

তোমার পূর্ব্বে যিনি বোর্ড রেবিনিউর সেক্রেটারী ছিলেন তাঁহার গত জানুআরি মাসের ১৮ তারিখের ৪৪ নম্বরী পত্র বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেব বিবেচনা করিয়াছেন। জজ সাহেবেরদের খাজানাখানা মৌকুফ করণার্থ কমিটির সাহেবেরা খাজানাখানার হিসাবের যে কএক নূতন পাঠের নক্শা করিয়াছিলেন এবং বাঙ্গলাপ্রভৃতি দেশের সকল কালেক্টর সাহেবের দফ্তরখানায় ব্যবহার হইবার বিষয়ে পরামর্শ দিয়াছেন তাহা ঐ পত্রের সঙ্গে পাঠান গিয়াছিল।

২। শ্রীযুক্ত দেখিতেছেন যে নগদ ও হিসাবের কর্ম্ম

adopted by the Committee, is the entire separation of Cash and account, so that the officers who receive and pay cash are totally distinct from those who keep the detailed or Ledger accounts, and one set of officers acts as a complete check on the other. No money is to be paid except on the warrant of the Collector, and the check upon malversation will consist in a daily comparison of the balance shewn on the books of both departments, which if correct, must exactly tally.

3rd—His Lordship desires to express his entire approval of this principle. The proposed forms of account are also approved subject to some amendments of detail, which, in his Lordship's opinion ought to be adopted.

4th—First.—The sums stated in the Chellans and warrants should be in writing, as well as in figures.

5th—Secondly.—The Registers of Warrants and Chellans kept by the Accountant should have a column to show the *head of account* in the Ledger under which each item is either debited or credited.

6th—Thirdly.—The Treasurer should keep a Register of Payments as well as a Register of Receipts. The Committee have felt satisfied with recommending that the Treasurer should keep a Register of Receipts as representing the credit side of the cash account, and a file of warrants as representing the debit side, the daily balance being brought forward and struck in a separate book. It is a matter of no importance, His Lordship observes, whether the Treasurer's Cash Account be kept in one bound book, or in three, provided, the items of receipt and payment are consecutively and regularly entered, the totals added up at the end of the day in a clear and intelligible manner, and a balance struck and carefully compared with the balance shown in the detailed accounts. But a file of Warrants, in His Lordship's opinion, forms no sufficient substitute for the debit side of a Cash Account. The Warrants are the materials for making an account but not the account itself. A Warrant may be lost or withdrawn from the file, or a spurious one inserted, but no such alteration can be made in an account once drawn out balanced, checked and signed. It seems therefore absolutely necessary that the Treasurer should keep an official Register of Payments. The form of the Register should comprise the following information :

1 Number of Warrants.
2 Name of Payer.
3 On what Account.
4 Amount. { Cash. / Bank Notes. / Total.

7th—Fourthly.—The Register of Dakhillas or Receipts kept by the Treasurer need not show the "head of account." This should alone be shewn on the Register of Receipts kept by the Accountant where apparently by oversight it has been

সম্পূর্ণরূপে পৃথক্ করণ এই মূল বিধান কমিটির সাহেবেরা গ্রহণ করিয়াছেন তাহাতে যে আমলারা নগদ টাকা গ্রহণ করে ও দেয় তাহারা এবং বিস্তারিত অর্থাৎ খতিয়ানের হিসাবরাখণিয়া আমলারা সম্পূর্ণরূপে ভিন্ন২ ব্যক্তি এবং এক সিরিশ্তার আমলারা অন্যের আমলারদের সম্পূর্ণরূপে দোষনিবারক হয়। কালেক্টর সাহেবের পরওয়ানা না হইলে কোন টাকা দেওয়া যাইবেক না এবং খলতার নিবারণ ইহাতে হইবেক যে উভয় সিরিশ্তার খাতাবহীতে যে বাকী প্রকাশ হয় তাহা প্রতিদিন মিলান যাইবেক এবং যদি ঠিক হয় তবে উভয় খাতায় মিলিবেক।

৩। শ্রীযুক্ত এই মূলবিধানের বিষয়ে আপনার সম্পূর্ণ সম্মতি জ্ঞাপন করিতেছেন। হিসাবের প্রস্তাবিত পাঠেও বেওরাঘটিত কোন২ বিষয়ের সংশোধন হইলে সম্মত আছেন এবং শ্রীযুক্ত বোধ করেন যে সেই সংশোধন করা উচিত।

৪। প্রথম। চালানেতে ও পরওয়ানাতে লিখিত টাকার সংখ্যা যেমন অঙ্কেতে তেমনি অক্ষরেও লেখা থাকা উচিত।

৫। দ্বিতীয়। হিসাবরাখণিয়ার নিকটে যে পরওয়ানার ও চালানের রেজিষ্টর থাকে তাহাতে লিখিত প্রত্যেক দফা খতিয়ানের যে শিরনামায় জমা কি খরচ লেখা যায় তাহা দেখাইবার জন্যে আর এক ঘর করা উচিত।

৬। তৃতীয়। খাজাঞ্চীর কাছে যেমন দাখিলকরা টাকার রেজিষ্টর থাকে তেমনি দেওয়া টাকারও রেজিষ্টর রাখা উচিত। কমিটির সাহেবেরা এই পরামর্শ করিয়াছেন যে নগদের খাতায় যে জমা লেখা যায় তৎস্বরূপ খাজাঞ্চী দাখিলকরা টাকার রেজিষ্টর রাখেন এবং খরচের হিসাবস্বরূপ পরওয়ানার নথী রাখেন এবং প্রতিদিনের বাকী জের টানিয়া আলাহিদা বহীতে কাটা যাইবেক এবং এই পরামর্শেতে তাঁহারা খাতিরজমা আছেন। শ্রীযুক্ত কহেন যে দাখিলকরা ও দেওয়া টাকা যদি দফায়২ একাদিক্রমে নিয়ত লেখা থাকে এবং দিনের অবসানে তাহার মোট মবলগ স্পষ্ট ও বোধগম্যরূপে করা যায় এবং বাকী কাটা যায় ও বিস্তারিত হিসাবের লিখিত বাকীর সঙ্গে মনোযোগপূর্ব্বক মিলান যায় তবে খাজাঞ্চীর নগদের হিসাব একই কি তিন বাঁধা বহীতে রাখা গেলেও তাহাতে কিছু আইসে যায় না। কিন্তু শ্রীযুক্ত বোধ করেন যে নগদের খাতার খরচের হিসাবের পরিবর্ত্তে পরওয়ানার নথী প্রচুর নহে। পরওয়ানাহইতে হিসাব তোলা যায় কিন্তু পরওয়ানাই হিসাব নহে। পরওয়ানা হারাণ যাইতে পারে কিম্বা নথীহইতে হরণ করা যাইতে পারে কিম্বা জালকরা পরওয়ানা নথীর শামিল করা যাইতে পারে কিন্তু হিসাব একবার লেখা গেলে ও তাহার বাকী কাটা গেলে ও মোকাবিলা ও দস্তখৎ হইলে তাহাতে উক্ত প্রকার কোন পরিবর্ত্তন হইতে পারে না। অতএব খাজাঞ্চী আপন সিরিশ্তার সম্পর্কে দেওয়া টাকার রেজিষ্টর রাখেন ইহা নিতান্ত আবশ্যক বোধ হয়। ঐ রেজিষ্টরের পাঠে নীচের লিখিত বেওরা থাকা উচিত।

১। পরওয়ানার নম্বর।
২। টাকা দাখিলকরণিয়ার নাম।
৩। যে বাবতে।
৪। যত টাকা। { নগদ / ব্যাঙ্ক নোট / মোট

৭। চতুর্থ। খাজাঞ্চী যে দাখিলার রেজিষ্টর রাখেন তাহাতে হিসাবের শিরনামা লেখা প্রয়োজন নাই। হিসাবরাখণিয়া যে দাখিলার রেজিষ্টর রাখেন কেবল তাহাতে ঐ শিরনামা প্রকাশ করা উচিত। বোধ হয় কমিটির সাহেবেরা ভুলক্রমে তাহা ঐ রেজিষ্টরে দেন নাই। হি-

omitted by the Committee. The Treasurer should have no concern with the detail of accounts. He should look only to the Receipt and payment of Cash. Any thing which causes the Treasurer to interfere with the detail of accounts weakens the check which the entire division of Departments is intended to impose.

8th—Fifthly.—As to the question whether all receipts for payments made into the Treasury should be signed by the Collector or his Assistant, or whether the joint signature of the native Accountant and Treasurer should suffice; it seems clear that, owing chiefly to the large number of receipts to be signed daily in most Treasuries, the Collector's signature can be no more than a nominal check over the Treasurer's proceedings, and that owing to the unavoidable delay in preparing receipts for the Collector's signatures, and getting them signed, the public is at present put to great inconvenience. On the other hand there is the manifest risk, that, if the joint signatures of the Accountant and Treasurer on a Receipt be held a sufficient discharge for payment, the Government, may be defrauded by means of simple collusion between the Agent of a Zemindar and the Treasurer.

9th—The Committee and the Board have been induced by this last consideration to recommend that the Collector's signature be required on all receipts, to render them valid, but so sensible are they of the impossibility of making this a real check over the Treasurer, at all events in a large district, that they have recommended what appears to His Lordship the dangerous and objectionable practice of using facsimile stamps to be affixed by a Chuprassy in the Collector's presence.

10th—It appears to His Lordship that a middle course can be taken whereby both classes of objections may be met, and perfect security to Government be combined with all reasonable convenience to those who have payments to make. The Treasurers may probably be trusted with safety to give receipts jointly with the Accountant, for small sums of money. The possibility of collusion between the Accountant and Treasurer would in these cases be remote, and the demand for all public dues is so regular and systematic that any fraud in granting receipts would soon be discovered. His Lordship would therefore allow the joint receipt of the Treasurer and Accountant to be sufficient for all payments not exceeding Rupees 500 or such smaller amount as the Board may fix, and require the Collector to sign more formal acknowledgments for all larger sums. This would accord exactly with the practice of keeping the bulk of the Treasure under the Joint Keys of the Collector and Treasurer, and an amount sufficient for current expenditure in the Treasurer's sole custody. The Treasurer would be responsible, under adequate checks, for giving due receipts for small sums, and the check of the Collector's examination and signature in the case of large payments (which are compara-

সাবের বেওরা বিষয়ে খাজাঞ্চীর কোন সম্পর্ক থাকা উচিত নহে। তাঁহার কেবল নগদ টাকা গ্রহণের ও দেওনের বিষয়ে মনোযোগ করিতে হয়। হিসাবের বেওরাতে খাজাঞ্চীর যাহাতে হস্তক্ষেপ করিতে হয় তাহাতেই সিরিশ্ত সম্পূর্ণরূপে পৃথক্ করণের দ্বারা দোষ নিবারক উপায় করার যে অভিপ্রায় তাহার ফলের ন্যূনতা হয়।

৮। পঞ্চম। খাজানাখানার দাখিলকরা টাকার সকল দাখিলাতে কালেক্টর সাহেবের কি তাঁহার আসিষ্টান্ট সাহেবের দস্তখৎ করা উচিত অথবা এই দেশীয় হিসাবরাখনিয়া ও খাজাঞ্চী এই উভয়ের দস্তখৎ হইলে প্রচুর হয় এই বিষয়ে স্পষ্ট বোধ হইতেছে যে অধিক খাজানাখানায় যে দাখিলাতে প্রতিদিন দস্তখৎ করিতে হয় তাহার বহু সংখ্যা আছে এই বিশেষ কারণেতে কালেক্টর সাহেবের দস্তখৎ খাজাঞ্চীর কার্য্যের দোষনিবারক কেবল নামমাত্রে হইতে পারে এবং কালেক্টর সাহেবের দস্তখৎ করিবার জন্যে দাখিলা প্রস্তুত করণেতে এবং তাহাতে দস্তখৎ করাওণেতে অগত্যা বিলম্বপ্রযুক্ত দাখিলকারণ লোকেরদের এইক্ষণে অনেক ক্লেশ হয়। অন্য পক্ষে যদি দাখিলাতে হিসাবরাখনিয়া ও খাজাঞ্চী এই উভয় ব্যক্তির দস্তখৎ টাকা দাখিল হইবার প্রচুর কারখৎ হয় তবে জমীদারের গোমাশ্তার ও খাজাঞ্চীর সামান্য গণতার দ্বারা গবর্ণমেণ্টের ধন হরণ হইতে পারে।

৯। এই শেষ বিষয়ের বিবেচনাতে কমিটির এবং বোর্ডের সাহেবেরা এই পরামর্শ দিয়াছেন যে সকল দাখিলাতে কালেক্টর সাহেবের দস্তখৎ না থাকিলে তাহা মাতবর না হয়। কিন্তু এই উপায়েতে খাজাঞ্চীর নিতান্ত দোষ নিবারণ করা বিশেষমতে বড়২ জিলায় অসাধ্য ইহা ভালমতে জানিয়া তাঁহারা এই পরামর্শ করিয়াছেন যে কালেক্টর সাহেবের স্বাক্ষরের পরিবর্ত্তে ইষ্টাম্পের ব্যবহার হয় ও তাঁহার সাক্ষাতে কোন এক জন চাপরাসী তাহা বসায়। শ্রীযুক্ত বোধ করেন যে এই ব্যবহার সঙ্কটজনক ও অনুচিত।

১০। শ্রীযুক্ত বোধ করেন যে উভয় প্রকার আপত্তি যাহাতে খণ্ডন যায় এবং গবর্ণমেণ্টের সম্পূর্ণ নিশ্চিন্ততা অথচ টাকা দাখিলকরণিয়ারদের পক্ষে ওয়াজীবমতে সুবিধা হয় এমত এক মধ্য পথ ধরা যাইতে পারে। বোধ হয় খাজাঞ্চীরদের প্রতি এইপর্য্যন্ত বিশ্বাস নিশ্চিন্তরূপে হইতে পারে যে হিসাবরাখনিয়ার সঙ্গে একত্রে অল্পসংখ্যক টাকার দাখিলা দিতে তাঁহাকে অনুমতি হয়। এমত স্থলে হিসাবরাখনিয়ার ও খাজাঞ্চীর গণতা করা প্রায় অসাধ্য এবং সরকারী পাওনা টাকার দাওয়া বিধানমতে ও নিয়মানুসারে এমন হইতেছে যে দাখিলা দেওনেতে কোন প্রবঞ্চনা হইলে তাহা অতিশীঘ্র প্রকাশ হইবেক। অতএব শ্রীযুক্ত বোধ করেন যে ৫০০৲ টাকার অনধিক কিম্বা বোর্ডের সাহেবেরা তাহার কম যে কোন সংখ্যা নিরূপণ করেন তাহা দাখিল হওয়ার বিষয়ে খাজাঞ্চী ও হিসাবরাখনিয়া উভয়ের স্বাক্ষরিত দাখিলা প্রচুর জ্ঞান করা এবং তাহার অধিক সংখ্যার আরো ভারি দাখিলাতে কালেক্টর সাহেবকে দস্তখৎ করিবার আজ্ঞা করা উচিত। খাজানার অধিকাংশ কালেক্টর সাহেবের এবং খাজাঞ্চীর চাবিতে বন্ধ রাখার ও চলিত খরচের জন্যে প্রচুর সংখ্যার টাকা কেবল খাজাঞ্চীর জিম্মায় রাখার ব্যবহারের সঙ্গে ঐ নিয়ম ঠিক মিলিবেক। দোষ নিবারণের উপযুক্ত উপায়ক্রমে খাজাঞ্চী অল্পসংখ্যক টাকার উচিত দাখিলা দেওনের বিষয়ে দায়ী হইবেন এবং অল্প সংখ্যার টাকা যতবার দিতে হয় তাহা বুঝিয়া অনেক সংখ্যার টাকা একবারমাত্র দিতে হয় ইহাতে দোষ নিবারণার্থে কালেক্টর সাহেবের পরীক্ষা ও দস্তখৎ করণরূপ উপায়

tively few in number) would be no longer nominal, but real. Moreover parties making payments into the Treasury might then get their receipts on the day of payment.

11*th*—*Sixthly.*—The Sherishtadar of the Collector's Office should daily examine and compare the accounts of the Cash and Account Departments, and certify at the foot of each account that he has done so. And it should be an invariable rule, and one never to be departed from, that the books of the Account and Treasury Departments should be balanced daily, and that the officers of neither department should leave the office until the accounts are closed and all discrepancies rectified.

12*th*—His Lordship presumes that the Board, in forwarding the new forms of account for adoption in the several local Treasuries will after consulting the Accountant furnish also a detailed and comprehensive code of instructions for the Collectors and their subordinate officers as to their respective duties under the new plan, in respect to the receipt payment and safe custody of the public money.

13*th*—His Lordship, in conclusion desires that his acknowledgments may be conveyed to the several members of the Committee for the pains they have taken in carrying on the enquiry and the ability with which their report has been prepared.

I have, &c.,
(Signed) C. BEADON,
Secy. to the Govt. of Bengal.

Board of Revenue,
Fort William, the 20th January, 1854.

(True Copies,)
(Signed) A. GROTE,
Offg. Secretary.

আর নামমাত্র হইবেক না কিন্তু বাস্তব হইবেক। আরো যাহারা খাজানাখানায় টাকা দাখিল করে তাহারা টাকা দাখিল করণের দিনে দাখিলা পাইতে পারে।

১১। ষষ্ঠ। কলেক্টর সাহেবের কাছারীর সিরিশ্তাদারের কর্ত্তব্য যে নগদ ও হিসাবের সিরিশ্তার হিসাব প্রতিদিন দেখিয়া মোকাবিলা করেন এবং তাহা করিয়াছেন এই কথা প্রত্যেক হিসাবের নিম্ন ভাগে লেখেন। এবং হিসাবের ও খাজানাখানার সিরিশ্তার খাতার বাকী প্রতিদিন কাটা যাইবেক ও যাবৎ হিসাব নিষ্পত্তি না হয় ও অমেলের সকল বিষয় সংশোধন না করা যায় তাবৎ উক্ত কোন সিরিশ্তার আমলারা দফ্তরখানা ছাড়িয়া না যায় এই নিত্য বিধি করা উচিত এবং তাহার কোন প্রকারে ত্রুটি না হওয়া উচিত।

১২। শ্রীযুক্ত বোধ করেন যে বোর্ডের সাহেবেরা হিসাবের ঐ নূতন পাঠানুসারে কার্য্য চালাইবার জন্যে তাহা স্থানে২ নানা খাজানাখানায় প্রেরণ কালে আকৌণ্টেণ্ট সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া সরকারের টাকা গ্রহণ করণের ও দেওনের ও নির্ব্বিঘ্নরূপে রক্ষা করণের বিষয়ে নূতন নিয়মমতে কালেক্টর সাহেবেরদের ও তাঁহারদের অধীন কার্য্যকারকেরদের যে২ কর্ম্ম কর্ত্তব্য হয় তদ্বিষয়ের বিস্তারিত ও বেওরাযুক্ত উপদেশসংগ্রহের পত্র পাঠাইবেন।

১৩। শেষতঃ শ্রীযুক্ত আদেশ করিতেছেন যে এই বিষয়ের অনুসন্ধান করণেতে কমিটির সাহেবেরা যে সকল পরিশ্রম করিয়াছেন এবং তাঁহারদের রিপোর্ট যে নৈপুণ্যপূর্ব্বক প্রস্তুত হইয়াছে তজ্জন্য তাঁহারদের প্রত্যেক সাহেবের নিকটে শ্রীযুক্ত কৃতজ্ঞতা স্বীকার করিতেছেন এই কথা তাঁহারদিগকে জ্ঞাপন করা যায়।

সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৪। ২০ জানুআরি।

(যথার্থ নকল।)
এ গ্রোট।
এক্টিং সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

Fort William, the 11*th May,* 1854.

NOTIFICATION.

The following list of Thannahs through which the Juggunnath road passes in the Province of Cuttack, with the terminal points of each Magisterial and Thannah Jurisdiction along the same, is published for general information.

Zillah Balasore.

Thannah Raujghaut. Northern terminal point the river Soobunreeka, Southern terminal point Mouzah Naeekooree.

" Bustah. Northern terminal point Mouza Bramoondah, adjoining Naeekooree, Southern terminal point Mouzah Hateemoondah.

" Balasore. Northern terminal point Bindhabridge, adjoining Mouzah Hateemoondah, Southern terminal point Khuntapara.

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৫৪ সাল ১১ মে।

বিজ্ঞাপন।

কটক প্রদেশে জগন্নাথের রাস্তা যে২ থানা দিয়া যায় তাহার নীচের লিখিত ফিরিস্তি এবং ঐ রাস্তায় প্রত্যেক মাজিষ্ট্রেটী ও থানার এলাকার যে সীমা তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

জিলা বালেশ্বর।

থানা রাজঘাট। উত্তর সীমা সুবর্ণরেখা নদী, দক্ষিণ সীমা মৌজা নাইকুড়ি।

" বস্তা। উত্তর সীমা নাইকুড়ির কাছে মৌজা ব্রামুণ্ডা, দক্ষিণ সীমা মৌজা হাতীমুণ্ডা।

" বালেশ্বর। উত্তর সীমা মৌজা হাতীমুণ্ডার কাছে বেন্ধা সাঁকো, দক্ষিণ সীমা খন্তাপাড়া।

Thannah Soroh. Northern terminal point Khuntaparah, Southern Do. centre of Kansbans bridge.

" Bhuddruck. Northern terminal point centre of Kansbans bridge, Southern terminal point the River Byturnee.

Zillah Cuttack.

" Jajpore. North terminal point the Byturnee River, South terminal point the Bramoonee River, near Durru msalla.

" Eruckpore. Northern terminal point Durrumsallah, Southern terminal point is Bundaloo.

" Cuttack. Northern terminal point Bundaloo, South terminal point Bundwarrah, near Balwanta.

Zillah Pooree.

" Piplee. North terminal point Bundwarrah, near Bulwanta, South terminal point Kungea.

" Pooree. North terminal point Kangea, South terminal point Town of Pooree.

W. GREY,
Secy. to the Govt. of Bengal.

থানা সোরো। উত্তর সীমা খন্তাপাড়া। দক্ষিণ সীমা কাঁশবাঁশ নদীর সাঁকোর মা খান।

" ভদ্রক। উত্তর সীমা কাঁশবাঁশ সাঁকোর মাঝখান। দক্ষিণ সীমা বৈতরণী নদী।

জিলা কটক।

থানা যাজপুর। উত্তর সীমা বৈতরণী নদী। দক্ষিণ সীমা ধর্ম্মশালার নিকট ব্রামণী নদী।

" এরকপুর। উত্তর সীমা ধর্ম্মশালা। দক্ষিণ সীমা বন্দালু।

" কটক। উত্তর সীমা বন্দালু। দক্ষিণ সীমা বলবন্তের নিকট বন্দওয়ারা।

জিলা পুরী।

থানা পিপলী। উত্তর সীমা বলবন্তের নিকট বন্দাওয়ারা। দক্ষিণ সীমা কঙ্গিয়া।

" পুরী। উত্তর সীমা কঙ্গিয়া। দক্ষিণ সীমা পুরী নগর।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

রাজকর্ম্মে নিয়োগ।

৯৩৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২১ আপ্রিল।

শ্রীযুত ডাক্তর আর লায়েল সাহেব (Dr. R. Lyell,) গত মাসের ৬ তারিখঅবধি বারাণসীর আফীণের এজেণ্টীতে প্রধান আসিষ্টাণ্ট ও আফীণ পরীক্ষক হইবেন।

১৮৫৪ সাল ২৫ আপ্রিল।

শ্রীযুত ডাক্তর ডবলিউ বি বিটসন সাহেব (Dr. W. B. Beatson,) চাটিগাঁয়ের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫৪ সাল ২৭ আপ্রিল।

হাবড়ার মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৪ সাল ২৮ আপ্রিল।

শ্রীযুত জে এফ লিঞ্চ সাহেবের (Mr. J. F. Lynch,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonell,) সিবান এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৪ সাল ২৯ আপ্রিল।

শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) রেবিনিউ বোর্ডের মেম্বর হইবেন কিন্তু শ্রীযুত জি এ সি প্লোডেন সাহেবের (Mr. G. A. C. Plowden,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত সদর আদালতের জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি এ সি প্লোডেন সাহেব (Mr. G. A. C. Plowden,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ হইবেন এবং ১৮২৮ সালের ৩ আইনানুসারে বিশেষ কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) ও শ্রীযুত বাবু বেণিমাধব সোম বীরভূমে সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ২৭ আপ্রিল।

ভাগলপুরের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ইরফান আলী স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৮ আপ্রিল।

সিবানের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে এফ লিঞ্চ সাহেব (Mr. J. F. Lynch,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৯ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত আর এল মাঙ্গলস সাহেব (Mr. R. L. Mangles,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে ডি ঔসলি সাহেব (Mr. J. D. Ouseley,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২৭ আপ্রিল।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেব স্থির করিয়াছেন যে ইহার পরে চিহ্নিত বা অচিহ্নিত চিকিৎসা কার্য্যকারক যত ব্যক্তি বাঙ্গলা দেশের দেওয়ানী কার্য্যে নিযুক্ত হন তাঁহারদের নিযুক্ত হওনের পর বারো মাসের মধ্যে দেশীয় লোকেরদের সঙ্গে কথোপকথন করিতে এবং তাঁহারদিগকে আপনারদের ভাব বুঝাইয়া দিতে পারেন কি না ইহা নির্ণয় করণার্থে জিলার ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইতে হইবেক।

মিলিটরী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৪৪ সালের ১ মার্চ তারিখের হুকুমক্রমে সৈন্য ও চিকিৎসা সম্পর্কীয় কার্য্যকারকেরদের নিমিত্তে যে পরীক্ষা নির্দ্ধার্য্য হয় তাহার মত এই পরীক্ষা হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

ডবলিউ গর্ডন ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

Datailed Statement of the valuable enclosures found in the unclaimed letters, opened in the Calcutta General Post Office ; agreeably to Clause 27th, Act No. 17 of 1837.

Date of opening.	The place from which the letter was originally despatched.	Date of despatch.	Name of the Addressee.	Station to which the letter is addressed.	Bill of Exchange and Drafts or Hoondies.		Half Bank Notes.		Whole Bank Notes.		Remarks.
					No.	Rs. As. P.	No.	Rs. As. P.	No.	Rs. As. P.	
1st May, 1854, ..	Umballah, ...	14th January, 1852,	Lieut. Colman, H. M. 8th Regt.,	Calcutta, ...	652	8 0 0	0	0 0 0	0	0 0 0	On the Sub-Treasurer of Fort William.
3d ditto, ...	Calcutta, ...	12th September, 1852,	Sonatun Paul, ...	Nuddea, ...	0	0 0 0	18,195	25 0 0	0	0 0 0	
ditto, ...	Rungpore, ...	4th October, 1852, ..	Ramchunder Roy, ...	Calcutta, ..	1	65 0 0	0	0 0 0	0	0 0 0	Nagree Hoondy.
				Total Co.'s Rs.	0	73 0 0	0	0 0 0	0	0 0 0	

Calcutta, General Post Office, the 15th May, 1854.

J. R. B. BENNETT, *Post Master General of Bengal.*

১৮৩৭ সালের ১৭ আইনের ২৭ ধারাক্রমে দাওয়া না হওয়া যে পত্র কলিকাতার সাধারণ ডাকঘরে খোলা গিয়াছে তাহার মধ্যে মূল্যবান যে২ বিষয় পাওয়া যায় তাহার কৈফিয়ৎ।

খুলিবার তারিখ	যে স্থানহইতে পত্র প্রথমে পাঠান যায়	পাঠাইবার তারিখ	যাহার নামে পত্র হয়	পত্রের শিরনামায় যে সাকিন লেখা যায়	বিল অফ এক্স চেঞ্জ কি দ্রাফট কি হুণ্ডী		অর্দ্ধেক ব্যাঙ্ক নোট		পূরা ব্যাঙ্ক নোট		মন্তব্য কথা
					নং	টাকা	নং	টাকা	নং	টাকা	
১৮৫৪। ১ মে ..	অম্বালা	১৮৫২ সাল ১৪ জানুআরি	শ্রীশ্রীমতী মহারাণীর ৮ পল্টনের লেপ্টেনেণ্ট কোলমান সাহেব	কলিকাতা ..	৬৫২	৮৲	০	০	০	০	ফোর্ট উলিয়মের সব-ত্রেজুরর সাহেবের উপর।
৩ ঐ ..	কলিকাতা ...	১৮৫২ সাল ১২ সেপ্টেম্বর	সোণাতন পাল	নদীয়া	০	০	১৮১৯৫	২৫৲	০	০	
ঐ ...	রঙ্গপুর	১৮৫২ সাল ৪ অক্টোবর	রামচন্দ্র রায়	কলিকাতা ...	১	৬৫৲	০	০	০	০	নাগরী হুণ্ডী
				মোট কোৎ টাকা	০	৭৩৲	০	০	০	০	

কলিকাতা জেনরল পোষ্ট আফিস। ১৮৫৪। ১৫ মে।

জে আর বি বেনেট। বাঙ্গলা দেশের পোষ্ট মাষ্টর জেনরল।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বালেশ্বর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বালেশ্বরের নীচের লিখিত মাহালাতের সন ১২৬১ সালের আটপণি মালগুজারির বাকীর বাবৎ ইংরাজী সন ১৮৫৪ সালের মে মাসের ২৫ তারিখ মোতাবেক উড়িয়া সন ১২৬১ সালের ১৪ জ্যৈষ্ঠ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্‌টরি কাছারিতে বিনা ওজরে নীলাম ধরা যাইবেক ইতি ৫ মে ১৮৫৪ সাল

৩ তৃতীয় শ্রেণী মেয়াদি বন্দোবস্ত।

৪৪০ নং দোলগ্রাম পরগনার খরিদগী মৌজে শাউড়িহি জমিদার হরেকৃষ্ণ পানিগ্রাহি ও মাহাদেব পানিগ্রাহি ও গদাধর পানিগ্রাহি ও গোপীনাথ পানিগ্রাহি সদর জমা কোং ৪০৬॥৶৮

৯৮৩ নং ভেড়া পরগনার মৌজে কাজীগদি জমিদার মধুমিশর সদর জমা কোং ৩৩২॥৶১১

V. H. Schalch, *Offg. Collector.*

NOTICE.

Notice is hereby given, that the Howrah Ferry Fund Committee is prepared to receive, up to the 31st of July next, for consideration and eventual submission to Government, tenders for metalling that portion of the Old Benares Road which runs from Sulkhea to Kajooreah, a distance of 30 Miles, more or less, of which about 10 Miles have been metalled. The Contractor must engage to metal this portion of Road and make cross drain bridges at reasonable distances, or wherever required, within a given time, say two years, and keep the same in efficient repair for a further number of years to be fixed hereafter. To cover his outlay, as well as to secure to him a reasonable profit, it is proposed to recommend that the Government shall vest in him the right of levying tolls under Act VIII. of 1851, for the same number of years, subject however to such restrictions or conditions as the Government may be pleased to determine.

For further particulars, apply to the Secretary.

J. R. Ward,
Secretary Howrah Ferry Fund Committee.

Howrah Magistracy, the 1st May, 1854.

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে হাবড়ার গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির সাহেবেরা আগামি জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত শালিকাঅবধি কাজুরিয়াপর্য্যন্ত বারাণসের পুরাতন রাস্তার যে অংশ চলে তাহাতে কাঁকর দিবার নিমিত্তে বিবেচনার্থ ও পরিশেষে গবর্ণমেণ্টে অর্পণ করণার্থ টেণ্ডর গ্রাহ্য করিতে প্রস্তুত আছেন। ঐ রাস্তা দীর্ঘে অনুমানে ১৫ ক্রোশ তাহার মধ্যে পাঁচ ক্রোশপর্য্যন্ত কাঁকর দেওয়া হইয়াছে। চুক্তিকারক ব্যক্তির এই চুক্তি করিতে হইবেক যে বিশেষ মিয়াদ যথা দুই বৎসরের মধ্যে রাস্তার ঐ অংশে কাঁকর এবং উপযুক্ত দূরে অথবা হুকুমমত স্থানে২ যে নর্দ্দমা রাস্তা কাটিয়া যায় তাহার উপর সাঁকো নির্ম্মাণ করা যাইবেক এবং তাহার পরে কএক বৎসরপর্য্যন্ত উপযুক্তমতে মেরামতীভাবে রাখা যাইবেক। তাঁহার ব্যয় শোধনার্থ এবং উপযুক্ত লভ্য প্রাপণার্থ প্রস্তাবিত হইয়াছে যে উক্ত কএক বৎসরের নিমিত্তে তাঁহাকে ১৮৫১ সালের ৮ আইনানুসারে মাসুল আদায় করিবার ক্ষমতা দেওয়া যায়। পরন্তু যেমত নিষেধ বিধান ও নিয়ম গবর্ণমেণ্ট স্থাপন করিতে ইচ্ছা করেন তদনুসারে করিবেন।

অধিক বৃত্তান্ত যে কোন ব্যক্তি জানিতে চাহেন সেক্রেটারী সাহেবের স্থানে জানিতে পারিবেন।

জে আর ওয়ার্ড।
হাবড়ার ফেরিফণ্ড কমিটির সেক্রেটারী।

হাবড়ার মাজিষ্ট্রেটী কাছারী ১৮৫৪ সাল ১ মে।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

সদর দেওয়ানী আদালতের মাসিক নিষ্পন্ন মোকদ্দমার ইংরাজি রিপোর্টের বঙ্গভাষায় অনুবাদ।

মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের সহকারে কলিকাতাস্থ একাউণ্টেণ্ট আপিসের জেনেরল ডিপার্টমেণ্টের শ্রীকৃষ্ণচন্দ্র হালদার, শ্রীকালীমোহন মুখো, শ্রীপ্রসন্নচন্দ্র মুখো, শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়ের দ্বারা উক্ত বহি ১৮৫৩ সালের জানুআরি মাসহইতে পৃষ্ঠায়২ বঙ্গভাষায় অনুবাদিত হইয়া মাসিক ১৲ টাকা ও বার্ষিক আগামি ৮৲ টাকা মূল্যে প্রকাশ হইবেক, প্রথম মাসের বহি মুদ্রিত হইতেছে অতএব গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত এক স্থানে পত্র লিখিলেই গ্রন্থ পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ১৬ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 23, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ২৩ মে।

ACT.

An Act to Provide for the Government of *India*.

[20th *August*, 1853.]

[Concluded from Page 294.]

[Recital of Provisions of 3 & 4. W. 4. c. 85. as to Appointment of Indian Law Commissioners.]

XXVIII. And whereas by the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth it was provided, that Commissioners to be appointed thereunder, and to be styled the *Indian* Law Commissioners, should inquire into the Jurisdiction, Powers, and Rules of the existing Courts of Justice and Police Establishments in the said Territories, and all existing Forms of Judicial Procedure, and into the Nature and Operation of all Laws, whether Civil or Criminal, written or customary, prevailing and in force in any Part of the said Territories, and should from Time to Time make Reports, in which they should fully set forth the Result of their Inquiries, and should from Time to Time suggest such Alterations as might in their Opinion be beneficially made in the said Courts of Justice and Police Establishments, Forms of Judicial Procedure and Laws, due Regard being had to the Distinction of Castes, Difference of Religion, and the Manners and Opinions prevailing among different Races and in different Parts of the said Territories: And whereas the *Indian* Law Commissioners from Time to Time appointed under the said Act have, in a Series of Reports, recommended extensive Alterations in the Judicial Establishments, Judicial Procedure, and Laws Established and in force in *India*, and have set forth in detail the Provisions which they have proposed to be established by Law for giving effect to certain of their Recommendations, and such Reports have been transmitted from Time to Time to

আইন।

ভারতবর্ষের কর্ত্তৃত্বের বিষয়ি বিধান করিবার আইন।

[১৮৫৩। ২০ আগষ্ট]

[২৯৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

(ভারতবর্ষের আইনসম্পর্কীয় কমিস্যনর নিযুক্ত করণের বিষয়ি চতুর্থ উলিয়ম রাজার ৩ ও ৪ বৎসরের ৮৫ অধ্যায়ের পুনরুক্তি।)

২৮। এবং যেহেতুক চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনের দ্বারা বিধান হইয়াছিল যে তদনুসারে যে কমিস্যনরেরা নিযুক্ত হইবেন এবং ভারতবর্ষের আইনসম্পর্কীয় কমিস্যনর নামে খ্যাত হইবেন তাঁহারা উক্ত দেশের মধ্যে বর্ত্তমান বিচারার্থ আদালতের ও পোলীসের সিরিশ্তার এলাকা ও শক্তি ও বিধির বিষয়ের এবং বিচারের কার্য্য নির্ব্বাহার্থে চলিত সকল দাঁড়ার বিষয়ের এবং দেওয়ানী কি ফৌজদারী লিখিত কি ধারাবাহিক যে সকল আইন উক্ত দেশের কোন ভাগে চলন ও প্রবল আছে তাহার ভাব ও কার্য্যের ফলের বিষয়ের তদারক করিবেন এবং সময়ে২ রিপোর্ট করিয়া তাহাতে আপনারদের তদারকের ফল সম্পূর্ণরূপে ব্যক্ত করিবেন এবং জাতির ইতরবিশেষ ও ধর্ম্মের ভেদাভেদ এবং উক্ত দেশের নানা জাতির মধ্যে এবং নানা ভাগে যে রীতি ও মত চলন আছে তদ্বিষয়ে উপযুক্ত মনোযোগ করিয়া উক্ত বিচারের আদালতের ও পোলীসের সিরিশ্তার এবং বিচারের কার্য্য নির্ব্বাহার্থ দাঁড়ার ও আইনের যেরূপ পরিবর্ত্তন তাঁহারদের বিবেচনায় লভ্যজনকরূপে করা যাইতে পারে তাহার পরামর্শ সময়ে২ দিবেন। এবং যেহেতুক ভারতবর্ষের আইনসম্পর্কীয় যে কমিস্যনর সাহেবেরা উক্ত আইনমতে সময়ে২ নিযুক্ত হইয়াছেন তাঁহারা রিপোর্ট শ্রেণী করিয়া ভারতবর্ষে সকল বিচারসম্পর্কীয় সিরিশ্তার ও বিচার কার্য্য নির্ব্বাহের নিয়মে এবং যে আইন সংস্থাপিত ও বলবৎ আছে তাহাতে অনেক বিষয়ের পরিবর্ত্তন হইবার পরামর্শ দিয়াছেন এবং তাঁহারদের কতক পরামর্শ ফলবৎ করণার্থে তাঁহারা যে২ বিধান আইনের দ্বারা সংস্থাপন হইবার প্রস্তাব করিয়াছেন তাহা বিস্তারিতরূপে ব্যক্ত করিয়াছেন এবং ঐ রিপোর্ট সময়ে২ উক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নিকটে পাঠান

the said Court of Directors; but on the greater part of such Reports and Recommendations no final Decision has been had:

[Her Majesty may appoint Commissioners in England to consider and report on the Reforms proposed by the Indian Law Commissioners.]

It shall be lawful for Her Majesty, at any Time after the passing of this Act, by Commission under the Royal Sign Manual, to appoint such and so many Persons in *England* as to Her Majesty may seem fit to examine and consider the Recommendations of the said *Indian* Law Commissioners, and the Enactments proposed by them for the Reform of the Judicial Establishments, Judicial Procedure, and Laws of *India* and such other Matters in relation to the Reform of the said Judicial Establishments, Judicial Procedure, and Laws, as may, by or with the Sanction of the Commissioners for the Affairs of *India*, be referred to them for their Consideration, and to authorize and direct the Persons so appointed, or such Number as may be limited by their Commission in this Behalf, to report their Opinion to Her Majesty on the Matters aforesaid, and especially to report from Time to Time what Laws or Regulations should be made or enacted in relation to the Matters aforesaid, but so that every such Report be made within Three Years after the passing of this Act; and for the Purposes of such Examination it shall be lawful for Her Majesty to authorize the Persons so appointed, or the Number limited by the Commission in this Behalf, to call before them and examine in *England* such Persons in the Service of the Crown and the said Company respectively, and to require the Production of such official Documents in the Possession of the Board of Commissioners for the Affairs of *India*, or of the said Company, as they may think fit.

[Advocate General to be approved by Board of Control.]

XXIX. No Appointment of any Advocate General of the said Company shall be valid without the Approbation of the Board of Commissioners for the Affairs of *India*.

[Commander in Chief of Her Majesty's Forces to be Commander-in-Chief of the Company's Forces.]

XXX. Any person who shall be hereafter appointed by Her Majesty to be the Commander in-Chief of Her Forces in *India* shall by virtue of such Appointment be also the Commander-in-Chief of all the Company's Forces in *India*, and any Person who shall be hereafter appointed by Her Majesty to be the Commander-in-Chief of Her Forces in any Presidency in *India* shall by virtue of such Appointment be also the Commander-in-Chief of the Company's Forces in such Presidency.

[Limit of European Troops of the Company and of their Troops in training at home extended.]

XXXI. So much of the Act of the Twenty-

গিয়াছে কিন্তু ঐ রিপোর্টের ও পরামর্শের অধিকাংশের কোন চূড়ান্ত নিষ্পত্তি পাওয়া যায় নাই।

(ভারতবর্ষের আইনসম্পর্কীয় কমিসানরেরদের প্রস্তাবিত নূতন নিয়মের বিষয়ের বিচার করিয়া রিপোর্ট করণার্থে শ্রীশ্রীমতী মহারাণী ইঙ্গলণ্ডে কমিসানর সাহেবদিগকে নিযুক্ত করিতে পারিবেন।)

অতএব শ্রীশ্রীমতী মহারাণীর ক্ষমতা থাকিবেক যে এই আইন জারী হওনের পর কোন সময়ে শ্রীশ্রীমতী মহারাণীর স্বাক্ষরিত সনদক্রমে শ্রীশ্রীমতী মহারাণী ইঙ্গলণ্ডে যে২ ও যত জন সাহেবকে উপযুক্ত বোধ করেন তাঁহারদিগকে এই জন্যে নিযুক্ত করেন যে ভারতবর্ষের আইনসম্পর্কীয় উক্ত কমিসানর সাহেবেরদের পরামর্শের, এবং ভারতবর্ষের বিচারকার্য্যসম্পর্কীয় নিরিশ্তা ও বিচারের কার্য্য নির্ব্বাহের নিয়ম এবং আইন মতান্তর করণ বিষয়ের তাঁহারদের প্রস্তাবিত বিধানের, এবং উক্ত বিচার কার্য্যসম্পর্কীয় নিরিশ্তা ও বিচারের কার্য্য নির্ব্বাহের নিয়ম ও আইন মতান্তর করণ সম্পর্কে অন্য যে২ বিষয় ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিসানর সাহেবেরদের অনুমতিক্রমে কি তাহা লইয়া তাঁহারদের বিবেচনার নিমিত্তে সমর্পণ করা যাইতে পারে তাহার, অনুসন্ধান ও বিবেচনা করেন। এবং সেইরূপে নিযুক্ত সাহেবদিগকে অথবা তৎকার্য্যের নিমিত্তে যত জন সাহেব তাঁহারদের সনদের দ্বারা নির্দ্দিষ্ট হন তাঁহারদিগকে পূর্ব্বোক্ত বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপনারদের মতের রিপোর্ট করিতে এবং বিশেষমতে পূর্ব্বোক্ত বিষয়ের সম্পর্কে যে২ আইন কি বিধান করা কি চলন করা উচিত তাহার রিপোর্ট সময়ে২ করিতে ক্ষমতা দেন ও আজ্ঞা করেন। কিন্তু এমত প্রত্যেক রিপোর্ট এই আইন জারীহওনের পর তিন বৎসরের মধ্যে করা যাইবেক। এবং ঐ অনুসন্ধান হওনের অভিপ্রায়ে শ্রীশ্রীমতী মহারাণীর ক্ষমতা থাকিবেক যে সেই প্রকারে নিযুক্ত সাহেবদিগকে কিম্বা সনদের দ্বারা ঐ কার্য্যের নিমিত্তে যত জন সাহেব নির্দ্দিষ্ট হন তাঁহারদিগকে এমত শক্তি দেন যে তাঁহারা বাদশাহের কার্য্যেতে এবং উক্ত কোম্পানির কার্য্যেতে নিযুক্ত যে ব্যক্তিরদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহারদিগকে ইঙ্গলণ্ডে আপনারদের সম্মুখে তলব করিয়া জিজ্ঞাসা করেন এবং ভারতবর্ষের বিষয়ব্যাপারের জন্যে কমিসানরেরদের বোর্ডের কিম্বা উক্ত কোম্পানির অধিকারে যে কোন সরকারী কাগজপত্র উচিত বোধ করেন তাহা উপস্থিত করিতে আজ্ঞা করেন ইতি।

[আডবোকেট জেনরল সাহেবকে বোর্ড অফ কন্ট্রোল মঞ্জুর করিবেন।]

২৯ ধারা। উক্ত কোম্পানির কোন আডবোকেট জেনরল সাহেবের নিয়োগ ভারতবর্ষের বিষয়ব্যাপারের জন্যে কমিসানরেরদের বোর্ডের মঞ্জুরীভিন্ন সিদ্ধ হইবেক না ইতি।

[শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যেরদের প্রধান সেনাপতি সাহেব কোম্পানির সৈন্যেরদের প্রধান সেনাপতি হইবেন।]

৩০ ধারা। ইহার পর যে কোন সাহেব শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক ভারতবর্ষে তাঁহার সৈন্যেরদের প্রধান সেনাপতি হইবার জন্যে নিযুক্ত হন তিনি ঐ নিয়োগের শক্তিক্রমে ভারতবর্ষে কোম্পানির সকল সৈন্যের প্রধান সেনাপতিও হইবেন। এবং ইহার পর যে কোন সাহেব শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক ভারতবর্ষের কোন রাজধানীতে তাঁহার সৈন্যেরদের প্রধান সেনাপতি হইবার নিমিত্তে নিযুক্ত হন তিনি ঐ নিয়োগের শক্তিক্রমে ঐ রাজধানীতে কোম্পানির সৈন্যেরদের প্রধান সেনাপতিও হইবেন, ইতি।

[কোম্পানির ইউরোপীয় সৈন্যেরদের এবং ইঙ্গলণ্ডে তাঁহারদের যে সৈন্যেরা শিক্ষা করিতেছেন তাহারদের সংখ্যা বৃদ্ধি করণ।]

৩১ ধারা। তৃতীয় জর্জ রাজার অষ্টাবিংশতিতম

eighth Year of King *George* the Third, Chapter Eight, as limits the Numbers of the *European* Forces of the said Company to Twelve thousand two hundred Men, and so much of the Act of the Thirty-ninth Year of King *George* the Third, Chapter One hundred and nine, as limits the Number of Non-commissioned Officers and Private Men which the said Company are authorized to enlist and have in Pay at any One Time, or to train or discipline at any One Time, in *Great Britain* and the Islands of *Guernsey* and *Jersey*, by virtue of that Act, to Two thousand Men, shall, from the passing of this Act, be repealed; and it shall be lawful for the Board of Commissioners for the Affairs of *India*, at any Time after the passing of this Act, and from Time to Time, to give or approve such Directions as they may think fit for raising and maintaining out of the Revenues arising from the said Territories such Number of *European* Forces as they may judge necessary, so that the Number of *European* Forces of the said Company at any One Time do not amount in the whole to more than Twenty thousand Men, including the Commissioned and Non-commissioned Officers; and it shall be lawful for the said Company to enlist and have in Pay and train and discipline under the said last-mentioned Act any Number of Non-commissioned Officers and Private Men not exceeding at any One Time Four Thousand.

[Sick Leave or Furlough Regulations may be extended as to Residence out of the Limits of the Company's Charter.]

XXXII. Nothing in any Enactment now in force, or any Charter, relating to the said Company, shall be taken to prevent the Establishment, by the Court of Directors (under the Direction and Control of the said Board of Commissioners,) at any Time after the passing of this Act, and from Time to Time, of any Regulations which they may deem expedient in relation to the Absence on Sick Leave or Furlough of all or any Officers and Persons in the Service of the said Company in *India*, or receiving Salaries from the said Company there, under which they respectively may be authorized to repair to and reside in *Europe* or elsewhere out of the Limits of the said Company's Charter, without Forfeiture of Pay or Salary, during the Times and under the Circumstances during and under which they may now be permitted (while absent from their Duty) to reside in Places out of *India* within the Limits of the said Company's Charter, or during such Times and under such Circumstances as by such Regulations may be permitted.

[Salary of President of Board of Control.]

XXXIII. And whereas by the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth it is enacted, that the President of the Board of Commissioners for the Affairs of *India*, but no other Commissioner, as such, and the Secretaries and other Officers, shall be paid by the said Company such fixed Salaries as His Majesty shall, be

বর্ষের আইনের অষ্টম অধ্যায়ের যে অংশের দ্বারা ঐ কোম্পানির ইউরোপীয় সৈন্যেরদের সংখ্যা কেবল দ্বাদশ সহস্র দুই শত জনপর্য্যন্ত নির্দ্ধার্য্য হইয়াছে এবং তৃতীয় জর্জ রাজার ৩৯ বৎসরের আইনের ১০৯ অধ্যায়ের যে অংশেতে নির্দ্ধার্য্য হইয়াছে যে উক্ত কোম্পানি গ্রেট ব্রিটন উপদ্বীপে এবং গের্ণসি ও জরসি উপদ্বীপে একি সময়ে যে সকল সনদ অপ্রাপ্ত হুদ্দাদার সাহেব ও সৈন্যকে ভর্ত্তি করিতে ও বেতন দিয়া রাখিতে কিম্বা ঐ আইনের শক্তিক্রমে একি সময়ে প্রস্তুত কি শিক্ষা করাইতে পারেন তাঁহারদের সংখ্যা কেবল দুই সহস্রের অধিক হইবেক না তাহা এই আইন জারী হওনঅবধি রদ হইবেক। এবং ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিস্যনরেরদের বোর্ডের সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে ইউরোপীয় সৈন্যেরদের যত সংখ্যা আবশ্যক বোধ করেন ততই সংগ্রহ ও উক্ত দেশের উৎপন্ন রাজস্বহইতে প্রতিপালন করণার্থে যে কোন আজ্ঞা উচিত বোধ করেন তাহা এই আইন জারী হওনের পর কোন সময়ে এবং সময়ে২ দেন কি মঞ্জুর করেন কিন্তু সনদপ্রাপ্ত ও সনদ অপ্রাপ্ত হুদ্দাদার সাহেবদিগকে লইয়া উক্ত কোম্পানির ইউরোপীয় সৈন্যেরদের সংখ্যা সর্ব্বসুদ্ধ বিংশতি সহস্রের অধিক লোক না হয়। এবং উক্ত কোম্পানির ক্ষমতা থাকিবেক যে ঐ শেষোক্ত আইনানুসারে একি কালে চারি সহস্রের অনধিক কোন সংখ্যার সনদঅপ্রাপ্ত হুদ্দাদার সাহেবদিগকে ও সৈন্যেরদিগকে ভর্ত্তি করেন ও বেতন দিয়া রাখেন ও প্রস্তুত ও শিক্ষা করান ইতি।

[পীড়াপ্রযুক্ত ছুটী কি নিয়মিত ছুটীর বিধান কোম্পানির চার্টরের নির্দ্দিষ্ট সীমার বাহিরে বাস করণের বিষয়ে খাটিতে পারে।]

৩২ ধারা। ভারতবর্ষে উক্ত কোম্পানির কার্য্যেতে নিযুক্ত কিম্বা তথায় উক্ত কোম্পানির স্থানে বেতনগ্রাহি সকল কি কোন কার্য্যকারক সাহেবেরা ও ব্যক্তিরা এইক্ষণে যে২ সময়ে ও যে২ গতিকে (আপনারদের কর্ম্মে অনুপস্থিত থাকন কালে) উক্ত কোম্পানির চার্টরের সীমাসরহদ্দের মধ্যে ভারতবর্ষের বাহিরের স্থানে বাস করিতে অনুমতি পাইতে পারেন সেই২ সময়ে ও সেই২ গতিকে অথবা যে সময়ে ও যে গতিকে বিধানের দ্বারা অনুমতি করা যায় সেই সময়ে ও সেই গতিকে যাহাতে মাহিয়ানা কি বেতন কর্ত্তন না হইয়া তাঁহারা ইউরোপে কিম্বা উক্ত কোম্পানির চার্টরের সীমাসরহদ্দের বাহিরের অন্য স্থানে গমন করিবার ও বাস করিবার অনুমতি পাইতে পারেন এমত যে কোন বিধান তাঁহারদের পীড়াপ্রযুক্ত ছুটী কিম্বা নিয়মিত ছুটী লইয়া অনুপস্থিত থাকনের সম্পর্কে করা কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা (উক্ত কমিস্যনরেরদের বোর্ডের আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে) উচিত জ্ঞান করেন তাহা এই আইন জারী হওনের পর কোন সময়ে এবং সময়ে২ স্থাপন করিতে উক্ত কোম্পানিসম্পর্কীয় এইক্ষণে বলবৎ কোন বিধানের কিম্বা কোন চার্টরের কোন কথার দ্বারা নিষিদ্ধ হইয়াছেন এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[বোর্ড কন্ট্রোলের প্রসীডেণ্ট সাহেবের বেতন।]

৩৩ ধারা। এবং যেহেতুক চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনক্রমে বিধান হইয়াছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজা আপন হস্তস্বাক্ষরিত এবং রাজভাণ্ডারের চান্সেলর সাহেব যিনি যে সময়ে হন তাঁহার আজ্ঞাসহীকরা কোন এক কি অনেক পরওয়ানার দ্বারা যে নির্দ্ধারিত বেতন আজ্ঞা করেন তাহা উক্ত কোম্পানিকর্ত্তৃক ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিস্যনরেরদের বোর্ডের

any Warrant or Warrants under his Sign Manual, countersigned by the Chancellor of the Exchequer for the Time being, direct: Be it enacted, That such fixed Salary of the said President of the Board of Commissioners shall in no Case be less than the Salary which shall be paid to One of Her Majesty's Principal Secretaries of State; and that only One of the said Secretaries to the said Board shall be capable of being elected or sitting and voting in Parliament.

[Yearly Allowances to Chairman, Deputy Chairman, and Directors, instead of those now payable under Bye-laws.]

XXXIV. Instead of the yearly Sums allowed under the Bye-laws of the said Company to the Chairman, Deputy Chairman, and other Directors, for their Attendance upon the Business of the said Company, there shall be allowed to the Chairman, Deputy Chairman, and Directors, under this Act, the yearly Sums following; (that is to say,) to the Chairman One thousand Pounds a Year, to the Deputy Chairman One thousand Pounds a Year, and to every other Director Five hundred Pounds a Year.

[Salaries]

XXXV. There shall be paid to the several Officers herein-after named the several annual Salaries set against the Names of such Officers respectively, subject to such Reduction as the Court of Directors, with the Sanction of the said Board, may from Time to Time think fit; (that is to say,)

To the Commander-in-Chief of the Forces in *India*, One hundred thousand Company's Rupees, in lieu of all other Pay and Allowances:

To each Lieutenant-Governor, One hundred thousand Company's Rupees:

To each Ordinary Member of the Council of *India*, Eighty thousand Company's Rupees:

To each Legislative Councillor of the Council of *India* (not holding any other Office), Fifty thousand Company's Rupees:

The several Salaries aforesaid to be subject to the Provisions and Regulations of the said Act of the Third and Fourth Years of King *William* the Fourth, concerning the Salaries thereby appointed: Provided always, that the Salary of any such Officer appointed before the passing of this Act shall not under this Enactment be reduced.

[Provisions of 53 G. 3. c. 155. and 3 and 4 W. 4. c. 85. repealed, and existing Rights of Patronage of Appointments to cease.

XXXVI. The Provisions herein-after mentioned, respecting the Appointment of Persons to the Civil Service of the said Company, and the Admission of Students into the College of the said Company at *Haileybury*, (that is to say,) Section Forty-six of the Act of the Fifty-third Year of King *George* the Third, Chapter One hundred and fifty-five, and Sections One hundred and three, One hundred and four, One hundred and five, One hundred and six, and One hundred and seven of the said Act of the Third

প্রসীডেণ্ট সাহেবকে কিন্তু কমিস্যনরী পদোপলক্ষে অন্য কোন কমিস্যনর সাহেবকে নহে এবং সেক্রেটারীরদিগকে ও অন্য কার্য্যকারকেরদিগকে দেওয়া যাইবেক। অতএব হুকুমকর যাউক যে কমিস্যনরেরদের বোর্ডের উক্ত প্রসীডেণ্ট সাহেবের ঐ নির্দ্ধারিত বেতন শ্রীশ্রীমতী মহারাণীর ইষ্টেটের প্রধান সেক্রেটারী সাহেবেরদের এক জনের বেতনের ন্যূন কোন প্রকারে হইবেক না। এবং উক্ত বোর্ডের উক্ত সেক্রেটারী সাহেবেরদের মধ্যে কেবল এক জন পার্লিমেণ্টে মনোনীত হইতে কিম্বা বসিতে কি আপনার মত জ্ঞাপন করিতে পারিবেন ইতি।

[চেরমান ও ডেপুটী চেরমান ও ডৈরেক্টর সাহেবদিগকে এইক্ষণে বৈলাক্রমে যে টাকা দেওয়া যায় তাহার পরিবর্ত্তে তাঁহারদিগকে বার্ষিক প্রাপ্তি দেওন।]

৩৪ ধারা। উক্ত কোম্পানির বৈলাক্রমে চেরমান এবং ডেপুটী চেরমান এবং অন্য ডৈরেক্টর সাহেবদিগকে উক্ত কোম্পানির কার্য্য নির্ব্বাহ করণোপলক্ষে বার্ষিক যত টাকা দেওয়া যাইতেছে তাহার পরিবর্ত্তে এই আইনানুসারে চেরমান ও ডেপুটী চেরমান ও ডৈরেক্টর সাহেবদিগকে বৎসরে২ নীচের লিখিত টাকা দেওয়া যাইবেক বিশেষতঃ চেরমান সাহেবকে বৎসরে সহস্র পৌণ্ড ও ডেপুটী চেরমান সাহেবকে বৎসরে সহস্র পৌণ্ড ও অন্য প্রত্যেক জন ডৈরেক্টর সাহেবকে বৎসরে পাঁচ শত পৌণ্ড ইতি।

[বেতন।]

৩৫ ধারা। ইহার মধ্যে পশ্চাৎ নির্দ্দিষ্ট কার্য্যকারক সাহেবেরদের যাঁহার নামের পার্শ্বে যত বার্ষিক বেতন লেখা গিয়াছে তাঁহাকে ততই দেওয়া যাইবেক। কিন্তু কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা উক্ত বোর্ডের অনুমতি লইয়া সময়ে২ তাহা যত ন্যূন করা উচিত বোধ করেন ততই করিতে পারেন বিশেষতঃ।

ভারতবর্ষে সৈন্যেরদের প্রধান সেনাপতি সাহেব অন্য সকল মাহিয়ানা ও প্রাপ্তির পরিবর্ত্তে কোম্পানির লক্ষ টাকা।

প্রত্যেক লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব কোম্পানির লক্ষ টাকা।

ভারতবর্ষের কৌন্সলের প্রত্যেক সাধারণ মেম্বর সাহেব কোম্পানির আশী সহস্র টাকা।

ভারতবর্ষের কৌন্সেলের ব্যবস্থাপক প্রত্যেক কৌন্সেলর সাহেব (যদি তাঁহার অন্য পদ না থাকে তবে) কোম্পানির পঞ্চাশ সহস্র টাকা।

পূর্ব্বোক্ত প্রত্যেক বেতন চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনের দ্বারা নির্দ্ধারিত বেতন বিষয়ি বিধান ও ব্যবস্থার অধীন হইবেক। পরন্তু সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে উক্ত প্রকার কোন কার্য্যকারকের যে বেতন এই আইন জারী হওনের পূর্ব্বে নির্দ্ধার্য্য হইয়াছিল তাহা এই বিধানমতে ন্যূন করা যাইবেক না ইতি।

[তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের ১৫৫ অধ্যায় এবং চতুর্থ উলিয়ম রাজার ৩ ও ৪ বৎসরের ৮৫ অধ্যায়ের বিধান রদ হইল এবং পদে নিযুক্ত করিবার ক্ষমতার যে স্বত্ব আছে তাহা রহিত হইবেক।]

৩৬ ধারা। উক্ত কোম্পানির সিবিলসম্পর্কীয় সিরিশতায় সাহেবদিগকে নিযুক্ত করণের এবং হেলিবরিতে উক্ত কোম্পানির কালেজে ছাত্রেরদের গ্রাহ্য করণের বিষয়ি এই২ বিধান অর্থাৎ তৃতীয় জর্জ রাজার ৫৩ বৎসরের আইনের ১৫৫ অধ্যায়ের ৪৬ ধারা এবং চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনের ১০৩ ও ১০৪ ও ১০৫ ও ১০৬ ও ১০৭ ধারা রদ হইবেক। এবং ছাত্রস্বরূপ কি গ্রাহ্য হওনের আকাঙ্ক্ষীস্বরূপ কিম্বা উক্ত কোম্পানির সৈন্যদলে আসিষ্টাণ্ট চিকিৎসকস্বরূপ গ্রাহ্য হইবার নিমিত্তে ব্যক্তিরদের নামাঙ্কিত করিতে কিম্বা

and Fourth Years of King *William* the Fourth, shall be repealed, and all Powers, Rights, or Privileges of the Court of Directors of the said Company to nominate or appoint Persons to be admitted as Students or Candidates for such Admission, or as Assistants Surgeons in the Forces of the said Company, shall cease as regards all Vacancies which shall occur on or after the Thirtieth Day of *April* One thousand eight hundred and fifty-four.

[Persons desirous of being admitted to Haileybury, or appointed Assistant Surgeons, to be admitted for Examination.]

XXXVII. Subject to such Regulations as may be made by the Board of Commissioners for the Affairs of *India*, any Person being a natural-born Subject of her Majesty who may be desirous of being admitted into the said College at *Haileybury*, or of being appointed an Assistant Surgeon in the said Company's Forces, shall be Admitted to be examined as a Candidate for such admission or Appointment respectively.

[Board of Control to make Regulations.]

[Regulations to be laid before Parliament.]

XXXVIII. It shall be lawful for the said Board of Commissioners at any Time after the passing of this Act, and from Time to Time, to frame and make Regulations not inconsistent with the Provisions of this Act concerning such Examinations, Admissions, and Appointments, and concerning the Examination of Persons to be admitted as Students into the Military Seminary of the said Company at *Addiscombe*, and for such other Purposes as herein-after mentioned, and the said Board may from Time to Time alter or vary such Regulations as to the said Board may seem expedient: Provided always, that all Regulations to be made by the said Board under this Act shall be laid before Parliament within Fourteen Days after the making thereof, if Parliament be sitting, and if Parliament be not sitting, then within Fourteen Days after the next Meeting thereof.

[Regulations as to admission to Haileybury and Addiscombe, and for examination of Candidates.]

XXXIX. It shall be lawful for the said Board, by such Regulations as aforesaid, to determine the Age and Qualifications in all respects of Persons to be admitted students into the said College and Seminary respectively, and of Persons who may be examined as Candidates for such Admission, and to make Provisions for admitting such qualified Candidates to Examination, and prescribing the Branches of Knowledge in which such Candidates shall be examined, and generally for regulating and conducting such Examinations, and for admitting into such College and Seminary respectively qualified Persons from among Candidates who shall have been examined as aforesaid.

[Regulations as to Admission into the Civil and Military Service, and of Assistant Surgeons.]

XL. It shall be also lawful for the said Board, by such Regulations as aforesaid, to determine the

নিযুক্ত করিতে উক্ত কোম্পানির কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের সকল শক্তি ও স্বত্ব ও ক্ষমতা ১৮৫৪ সালের ৩০ আপ্রিল তারিখে কি তৎপরে যে সকল পদ শূন্য হয় তদ্বিষয়ে রহিত হইবেক ইতি।

[যে কেহ হেলিবরিতে গ্রাহ্য হইতে কিম্বা আসিষ্টান্ট চিকিৎসকস্বরূপ নিযুক্ত হইতে চাহেন তিনি পরীক্ষাদেওনার্থে গ্রাহ্য হইবেন।]

৩৭ ধারা। ভারতবর্ষের বিষয়ব্যাপারের কমিস্যনরেরদের বোর্ডকর্ত্তৃক যে২ বিধান করা যায় তাহার অধীনে, শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারের দেশজাত প্রজা হইয়া যে কোন ব্যক্তি হেলিবরিতে উক্ত কালেজে গৃহীত হইতে কিম্বা উক্ত কোম্পানির সৈন্যদলে আসিষ্টান্ট চিকিৎসকস্বরূপ নিযুক্ত হইতে ইচ্ছুক হন তিনি সেই গ্রাহ্য হওনের কিম্বা নিয়োগ প্রাপণের আকাঙ্ক্ষিস্বরূপ পরীক্ষা দিবার জন্যে গ্রাহ্য হইবেন ইতি।

[বোর্ড অফ কন্ট্রোল বিধান করিবেন।]

[বিধান পার্লিমেণ্টের গোচর করিতে হইবেক।]

৩৮ ধারা। উক্ত কমিস্যনরেরদের বোর্ডের সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে তাঁহারা এই আইন জারী হওনের পরে কোন সময়ে এবং সময়ে২ ঐ পরীক্ষার ও গ্রাহ্য হওনের ও নিয়োগের বিষয়ে এবং আডিস্‌কোম্বে উক্ত কোম্পানির সৈন্যসম্পর্কীয় বিদ্যালয়েতে যে ব্যক্তিরা ছাত্রস্বরূপ গ্রাহ্য হইবেন তাঁহারদের পরীক্ষার বিষয়ে এবং ইহার মধ্যে পশ্চাৎ লিখিত অন্য২ অভিপ্রায়ের জন্যে এই আইনের বিধানের সঙ্গে অমেল না হয় এমত বিধান প্রস্তুত করেন ও করেন। এবং উক্ত বোর্ডের সাহেবেরা যেরূপ বিহিত বোধ করেন সেইরূপে উক্ত বোর্ডের সাহেবেরা ঐ বিধান সময়ে২ পরিবর্ত্তন কি মতান্তর করিতে পারেন পরন্তু সর্ব্বদাই জানা কর্ত্তব্য যে এই আইনানুসারে উক্ত বোর্ডকর্ত্তৃক যে সকল বিধান করা যায় তাহা যদি সেই সময়ে পার্লিমেণ্টের বৈঠক হইতেছে তবে ঐ আইন করণের পর চতুর্দ্দশ দিবসের মধ্যে পার্লিমেণ্টের গোচর করা যাইবেক এবং যদি পার্লিমেণ্টের বৈঠক না হইতেছে তবে তাহার পরে যে বৈঠক হয় তাহার চতুর্দ্দশ দিবসের মধ্যে গোচর করা যাইবেক ইতি।

[হেলিবরিতে এবং আডিস্‌কোম্বে গ্রাহ্য হওনের বিষয়ি এবং আকাঙ্ক্ষিরদের পরীক্ষার বিষয়ি বিধান।]

৩৯ ধারা। উক্ত বোর্ডের সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে পূর্ব্বোক্ত প্রকারের বিধানের দ্বারা উক্ত কালেজে ও বিদ্যালয়ে যে২ ব্যক্তিরা ছাত্রস্বরূপ গ্রাহ্য হইবেন এবং যে২ ব্যক্তিরা ঐরূপ গ্রাহ্য হওনাকাঙ্ক্ষিস্বরূপ পরীক্ষা দিতে পারিবেন তাঁহারদের বয়স ও সর্ব্ব বিষয়ে তাঁহারদের যোগ্যতা নির্দ্ধার্য্য করেন এবং ছাত্রহওনাকাঙ্ক্ষী ঐ প্রকারে উপযুক্ত ব্যক্তিরদিগকে পরীক্ষা দিবার অনুমতি দেওনের, এবং ছাত্রহওনাকাঙ্ক্ষী ঐ২ ব্যক্তিরা বিদ্যার যে২ বিষয়ে পরীক্ষা দিবেন তাহা নির্দ্দিষ্ট করণের, এবং সাধারণমতে ঐ পরীক্ষার নিয়ম করণের ও তাহা চালাওনের, এবং ছাত্রহওনাকাঙ্ক্ষী যে২ ব্যক্তিরদের পূর্ব্বোক্ত প্রকারের পরীক্ষা হইয়াছে তাঁহারদের মধ্যহইতে উপযুক্ত ব্যক্তিরদিগকে ঐ কালেজে কি বিদ্যালয়ে গ্রাহ্য হওনের বিধান করেন ইতি।

[দেওয়ানী ও সৈন্যসম্পর্কীয় কার্য্যেতে এবং আসিষ্টান্ট চিকিৎসকস্বরূপ গ্রাহ্য হওনের বিধান।]

৪০ ধারা। আরো উক্ত বোর্ডের সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে পূর্ব্বোক্ত প্রকারের বিধানের দ্বারা তা-

Age and Qualifications of Persons to be appointed to the Civil Service of the said Company in *India*, or to their Military Service there, or as Assistant Surgeons in the said Company's Forces, and to prescribe the Branches of Knowledge in which Candidates for Appointment to the Civil and Military Service respectively of the said Company in *India*, and for Appointment as such Assistant Surgeons as aforesaid, shall be examined, and generally to provide for regulating and conducting such respective Examinations.

[Persons qualified and entitled according to the Regulations only to be appointed.]

XLI. Such Persons only shall be appointed or admitted by the Court of Directors to the Civil and Military Service of the said Company in *India*, or as such Assistant Surgeons as aforesaid, as shall be qualified and entitled to Admission according to the Regulations for the Time being in force under this Act, and the Court of Directors shall from Time to Time appoint such Persons as may become entitled to Appointments under such Regulations.

[Board of Control to appoint Examiners.]

XLII. It shall be lawful for the said Board of Commissioners from Time to Time to appoint such Persons as they may see fit, to be respectively Examiners for conducting the Examinations, under the Regulations to be made under this Act, of Persons desirous of being admitted as Students into the said College at *Haileybury* and Seminary at *Addiscombe*, and of Candidates for Appointment to the Civil and Military Service respectively of the said Company, and of Persons desirous of being appointed Assistant Surgeons in the said Company's Forces.

[Commencement of Act.]

XLIII. This Act shall, save as herein otherwise expressly provided, commence and take effect on the Thirtieth Day of *April* One thousand eight hundred and fifty-four.

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

THE 28TH APRIL, 1854.

NOTIFICATION.

THE Most Noble the Governor General of India in Council has been pleased to direct that the following Despatch from the Honourable the Court of Directors be published for general information.

By order of the Most Noble the Governor General of India in Council,

C. ALLEN,

Offg. Secretary to the Govt. of India.

PUBLIC DEPARTMENT,

No. 61 of 1853.

OUR GOVERNOR GENERAL OF INDIA IN COUNCIL.

1. We transmit a No. in the Packet, several

রতবর্ষের উক্ত কোম্পানির সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় অথবা তথায় তাঁহারদের সৈন্যসম্পর্কীয় কর্ম্মে অথবা উক্ত কোম্পানির সৈন্যদলের মধ্যে আসিষ্টাণ্ট চিকিৎসকস্বরূপ যাঁহারা নিযুক্ত হইবেন তাঁহারদের বয়স ও যোগ্যতা নির্দ্ধার্য্য করেন এবং ভারতবর্ষে উক্ত কোম্পানির দেওয়ানী ও সৈন্যসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হওনাকাঙ্ক্ষিরদের এবং পূর্ব্বোক্ত প্রকারের আসিষ্টাণ্ট চিকিৎসকস্বরূপ নিযুক্ত হওনাকাঙ্ক্ষিরদের বিদ্যাসম্পর্কীয় যে২ বিষয়ে পরীক্ষা দিতে হইবেক তাহা নির্দ্দিষ্ট করেন এবং সাধারণমতে ঐ২ পরীক্ষার নিয়ম করণের ও তাহা চালাওনের বিষয়ে বিধান করেন ইতি।

[যে ব্যক্তিরা বিধানমতে উপযুক্ত ও ক্ষমতাপন্ন হন কেবল তাঁহারাই নিযুক্ত হইবেন]

৪১ ধারা। এই আইনানুসারে যে সময়ে যে বিধান চলন হয় তদনুসারে যে ব্যক্তিরা গ্রাহ্য হইবার উপযুক্ত ও ক্ষমতাপন্ন হন কেবল তাঁহারাই উক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবকর্ত্তৃক ভারতবর্ষে উক্ত কোম্পানির দেওয়ানী ও সৈন্যসম্পর্কীয় কর্ম্মে অথবা পূর্ব্বোক্ত প্রকারের আসিষ্টাণ্ট চিকিৎসকস্বরূপ নিযুক্ত হইবেন কি গ্রাহ্য হইবেন এবং ঐ২ বিধানানুসারে যাঁহারা নিযুক্ত হইবার অধিকারপ্রাপ্ত হন তাঁহারদিগকে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা সময়ে২ নিযুক্ত করিবেন ইতি।

[বোর্ড অফ কন্ট্রোল পরীক্ষকদিগকে নিযুক্ত করিবেন।]

৪২ ধারা। উক্ত কমিস্যনরেরদের বোর্ডের সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে যে ব্যক্তিরা হেলিবরিতে উক্ত কালেজে এবং আডিসকোম্বে উক্ত বিদ্যালয়েতে ছাত্রস্বরূপ গ্রাহ্য হইতে ইচ্ছুক হন তাঁহারদের এবং উক্ত কোম্পানির দেওয়ানী ও সৈন্যসম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত হওনাকাঙ্ক্ষিরদের এবং যাঁহারা উক্ত কোম্পানির সৈন্যদলে আসিষ্টাণ্ট চিকিৎসকস্বরূপ নিযুক্ত হইতে ইচ্ছুক হন তাঁহারদের এই আইনানুসারে যে বিধান করা যাইবেক সেই বিধানমতে পরীক্ষা লওনের নিমিত্তে যে২ ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহারদিগকে সময়ে২ পরীক্ষকস্বরূপ নিযুক্ত করেন ইতি।

[আইন আমলে আইসন।]

৪৩ ধারা। এই আইনের মধ্যে যে স্থলে স্পষ্টরূপে অন্য প্রকার বিধান হইয়াছে সেই স্থলছাড়া এই আইন ১৮৫৪ সালের ৩০ আপ্রিল তারিখঅবধি আরম্ভ হইবেক ও আমলে আসিবেক ইতি।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৫৪ সাল ২৮ আপ্রিল।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে আজ্ঞা করিয়াছেন যে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নীচের লিখিত পত্র সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি আলেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

সাধারণ ডিপার্টমেণ্ট।

১৮৫৩ সালের ৬১ নম্বর।

ভারতবর্ষের আমারদের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে।

১। "ভারতবর্ষের কর্ত্তৃত্বের বিষয়ি বিধান" করিবার

copies of an Act* which has recently passed "to provide for the Government of India."

2. You will observe, that although the Act, generally, does not commence until the 30th of April, 1854, yet Clause XVI. may be brought into immediate operation.

3. That Clause is as follows, *viz.*:

"XVI. It shall be lawful for the said Court of Directors under such direction and control as aforesaid, if and when they think fit, at any time after the passing of this Act, to declare that the Governor General of India shall not be Governor of the Presidency of Fort William in Bengal, but that a separate Governor shall be appointed for such Presidency, and in such case a separate Governor shall be from time to time appointed for such Presidency accordingly, in manner provided by the said Act of the third and fourth years of King William the Fourth, in the case of vacancies happening in the Offices of the Governors of the Presidencies of Fort St. George and Bombay, and from after the appointment of such Governor the power by the said Act vested in the Governor General of India of appointing a Deputy Governor of the said Presidency of Fort William in Bengal shall cease, and unless and until a separate Governor of such Presidency shall be constituted as aforesaid, it shall be lawful for the Court of Directors, under such direction and control as aforesaid, if and when they think fit, at any time after the passing of this Act, to authorize and direct the Governor General of India in Council to appoint from time to time any servant of the said Company, who shall have been ten years in their service in India, to the office of Lieutenant Governor of such part of the Territories under the Presidency of Fort Wiliam in Bengal as for the time being may not be under the Lieutenant Governor of the said North-Western Provinces, and to declare and limit the extent of the authority of the Lieutenant Governor to be so appointed."

4. We have no intention at present of appointing a separate Governor for the Presidency of Bengal, but under the latter provision of the Clause which has been quoted, we authorize and direct you to appoint a servant of the Company, who shall have been ten years in our service in India, to the office of Lieutenant Governor, and to declare and limit the extent of his authority.

5. The Lieutenant Governor so appointed will be removable at any time, but it will probably be advisable that it should be understood that, in ordinary circumstances, he will hold the appointment for five years. The term of his Government, however, may be prolonged, as has been done in the case of the Lieutenant Governor of the North-West

* XVI. and XVII. Vic. Cap. 95, dated 20th August, 1853.

যে আইন * সম্প্রতি জারী হইয়াছে তাহার অনেক প্রস্থ পত্রবাহক জাহাজে পাঠাইতেছি।

২। তুমি দেখিবা যে আইনের কার্য্য যদিও ১৮৫৪ সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত সাধারণমতে চলিবেক না তথাপি ১৬ ধারা অগৌণে প্রবল করা যাইতে পারে।

৩। ঐ ধারা এই।

"১৬ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে উক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ক্ষমতা থাকিবেক যে এই আইন জারী হওনের পর কোন সময়ে যদি ও যখন তাঁহারা উচিত বোধ করেন তবে ও তখন প্রকাশ করেন যে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর গবরনর হইবেন না কিন্তু ঐ রাজধানীর নিমিত্তে স্বতন্ত্র এক জন গবরনর সাহেব নিযুক্ত হইবেন এবং এমত স্থলে ফোর্ট সেণ্ট জর্জ ও বোম্বাই রাজধানীর গবরনর সাহেবেরদের পদ শূন্য হইলে চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের উক্ত আইনে যেপ্রকার বিধান আছে সেই প্রকারে ঐ রাজধানীর সময়ে২ স্বতন্ত্র গবরনর সাহেব তদনুসারে নিযুক্ত হইবেন। এবং ঐ গবরনর সাহেব নিযুক্ত হওনাবধি ও তাহার পর উক্ত আইনক্রমে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের উক্ত রাজধানীর ডেপুটী গবরনর সাহেবকে নিযুক্ত করনের যে ক্ষমতা ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রতি অর্পিত আছে তাহা রহিত হইবেক। এবং যদি ও যাবৎ ঐ রাজধানীর এক স্বতন্ত্র গবরনর সাহেব পূর্ব্বোক্ত প্রকারে নিযুক্ত না হন তবে ও তাবৎ পূর্ব্বোক্ত প্রকারের ঐ আজ্ঞা ও কর্ত্তৃত্বাধীনে কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের প্রতি এই ক্ষমতা থাকিবেক যে এই আইন জারী হওনের পর কোন সময়ে যদি ও যখন তাঁহারা উচিত বোধ করেন তবে ও তখন হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরকে ক্ষমতা দেন ও আজ্ঞা করেন যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের যে সময়ে যে অংশ উক্ত উত্তরপশ্চিম প্রদেশের লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন নহে সেই সময়ে সেই অংশের লেপ্টেনেণ্ট গবরনরী পদে উক্ত কোম্পানির যে কোন চাকর সাহেব ভারতবর্ষে তাঁহারদের কর্ম্মেতে দশ বৎসর আছেন এমত কোন সাহেবকে সময়ে২ নিযুক্ত করেন এবং সেই প্রকারে নিযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ক্ষমতার সীমা প্রকাশ ও নিরূপণ করেন ইতি।"

৪। বাঙ্গলা রাজধানীর নিমিত্তে স্বতন্ত্র গবরনরকে নিযুক্ত করিতে আমারদের বর্ত্তমান অভিপ্রায় নাই। কিন্তু যে ধারা গ্রহণ করা গিয়াছে তাহার শেষ বিধানানুসারে আমরা তোমাকে ক্ষমতা দি ও আজ্ঞা করি যে কোম্পানির যে চাকর সাহেব ভারতবর্ষে আমারদের কর্ম্মেতে দশ বৎসরাবধি আছেন এমত এক সাহেব ক তুমি লেপ্টেনেণ্ট গবরনরী পদে নিযুক্ত কর এবং তাঁহার ক্ষমতার সীমা প্রকাশ ও নিরূপণ কর।

৫। এই প্রকারে যে লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিযুক্ত হন তাঁহাকে কোন সময়ে স্থানান্তর করা যাইতে পারে। পরন্তু ইহা অবগতহওয়া উচিত বোধ হয় যে সাধারণ গতিকে তিনি পাঁচ বৎসর ঐ পদ ধারণ করিবেন। পরন্তু যদি তাঁহার কর্ত্তৃত্ব করণের কালবৃদ্ধি করিলে সরকারী কার্য্যের লভ্যের নিমিত্ত হয় তবে উত্তর

* শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ১৬ ও ১৭ বৎসরের ১৮৫৩ সালের ২০ আগষ্ট তারিখের ৯৫ অধ্যায়।

Provinces, if it should be for the advantage of the Public Service.

We are, &c.,

(Signed) J. OLIPHANT,

" JOHN LOCH,

and other Directors.

London, 12*th October*, 1853.

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

THE 28TH APRIL, 1854.

NOTIFICATION.

UNDER the authority conveyed in the 4th paragraph of the Despatch from the Honourable the Court of Directors in the Public Department, No. 61 of 1853, dated the 12th October, the Most Noble the Governor General in Council is pleased to appoint the Honourable Frederick James Halliday, at present a Member of the Council of India, to be Lieutenant Governor of the Bengal Division of the Presidency of Fort William.

By order of the Most Noble the Governor General of India in Council,

C. ALLEN,

Offg. Secy. to the Govt. of India.

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

THE 1ST MAY, 1854.

NOTIFICATION.

THE Honourable Frederick James Halliday has this day taken the prescribed Oaths, and assumed charge of the Lieutenant Governorship of the Bengal Division of the Presidency of Fort William, under the usual Salute, in virtue of his appointment thereto by the orders of the Most Noble the Governor General in Council, dated the 28th ultimo.

By order of the Most Noble the Governor General of India in Council,

C. ALLEN,

Offg. Secy. to the Govt. of India.

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

THE 1ST MAY, 1854.

NOTIFICATION.

A VACANCY having occurred in the Council of India by the resignation of the Honourable Frederick James Halliday of his seat in Council, John Peter Grant, Esquire, has this day, by virtue of his appointment by the Honourable the Court of Directors, taken the Oaths and his Seat as Third Ordinary Member of Council, under the usual Salute from the Ramparts of Fort William.

By order of the Most Noble the Governor General of India in Council,

C. ALLEN,

Offg. Secy. to the Govt. of India.

পশ্চিম দেশের লেপ্টেনেন্ট গবরনর সাহেবের বিষয়ে যেমন হইয়াছে তেমনি বৃদ্ধি হইতে পারে।

জে অলিফান্ট।

জান লক।

ও অন্য ডৈরেক্টরেরা।

লণ্ডন ১৮৫৩ সাল ১২ অক্টোবর।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেন্ট।

১৮৫৪ সাল ২৮ আপ্রিল।

বিজ্ঞাপন।

সরকারী ডিপার্টমেন্টে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের অক্টোবর মাসের ১২ তারিখের ১৮৫৩ সালের ৬১ নম্বরী পত্রের ৪ দফাতে যে ক্ষমতার্পণ করা গিয়াছে তদনুক্রমে হজুর কৌন্সেলে শ্রীযুত মোস্ট নোবল গবরনর জেনরল বাহাদুর এইক্ষণে ভারতবর্ষের কৌন্সেলের এক জন মেম্বর শ্রীযুত অনরবিল ফ্রেড্রিক জেম্স হালিডে সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশের লেপ্টেনেন্ট গবরনরী পদে নিযুক্ত করিয়াছেন।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোস্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি আলেন।

ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেন্ট।

১৮৫৪ সাল ১ মে।

বিজ্ঞাপন।

শ্রীযুত অনরবিল ফ্রেড্রিক জেম্স হালিডে সাহেব হজুর কৌন্সেলে শ্রীযুত মোস্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের গত মাসের ২৮ তারিখের হুকুমক্রমে যে পদপ্রাপ্ত হন তৎক্রমে অদ্য নির্দ্দিষ্ট শপথ করিয়াছেন এবং রীতিমতে তোপধ্বনি হইতে২ ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশের লেপ্টেনেন্ট গবরনরী কর্ম্ম গ্রহণ করিয়াছেন।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোস্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি আলেন।

ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেন্ট।

১৮৫৪ সাল ১ মে।

বিজ্ঞাপন।

শ্রীযুত অনরবিল ফ্রেড্রিক জেম্স হালিডে সাহেব হজুর কৌন্সেলে আপন পদে অবসর হওয়াতে ভারতবর্ষের কৌন্সেলে এক পদ শূন্য হইয়াছে। অতএব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের কর্ত্তৃক নিযুক্ত হওনের শক্তিক্রমে শ্রীযুত জান পীটর গ্রাণ্ট সাহেব অদ্য ফোর্ট উলিয়ম কিল্লার বুরুজে রীতিমতে তোপধ্বনি হইতে২ শপথ করিয়া কৌন্সেলের সাধারণ তৃতীয় মেম্বরস্বরূপ আপন পদে উপবিষ্ট হইয়াছেন।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোস্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি আলেন।

ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
THE 1ST MAY, 1854.
PROCLAMATION.

WHEREAS, in pursuance of the 22nd Section of the Act XVI. and XVII. Victoria, Cap. 95, intituled "An Act to provide for the Government of India," certain Legislative Councillors have been appointed; AND WHEREAS, by the 25th Section of the Act of Parliament aforesaid, it is required that the Governor General shall, by Proclamation, appoint a time, not being later than six months from the commencement of the said Act, for the first Meeting of the Council of India, for making laws and Regulations under the said Act, it is hereby notified for general information, that such first Meeting of the said Council of India will be held at Government House on Saturday the 20th instant, at 11 A. M.

By order of the Most Noble the Governor General of India in Council,

C. ALLEN,
Offg. Secy. to the Govt. of India.

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট
১৮৫৪ সাল ১ মে।
ঘোষণাপত্র।

যেহেতুক ভারতবর্ষের কর্ত্তৃত্বের বিষয়ি বিধান করণের আইন নামে শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ১৬ ও ১৭ বর্ষের আইনের অর্থাৎ ৯৫ অধ্যায়ের ২২ ধারানুসারে কএক ব্যবস্থাপক কৌন্সেলর নিযুক্ত হইয়াছেন এবং যেহেতুক পূর্ব্বোক্ত আক্ট পার্লিমেণ্টের ২৫ ধারাক্রমে হুকুম হইয়াছে যে উক্ত আইনানুসারে আইন ও বিধান করণার্থে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ভারতবর্ষের কৌন্সেলের প্রথম বৈঠকের নিমিত্তে উক্ত আইন আমলে আসিবার পর ছয় মাসের অধিক না হয় এমত কোন সময় ঘোষণাপত্রের দ্বারা নিরূপণ করিবেন অতএব ইহার দ্বারা সকল লোককে জানাইবার নিমিত্তে জ্ঞাত করা যাইতেছে যে ভারতবর্ষের উক্ত কৌন্সেলের ঐ প্রথম বৈঠক বর্ত্তমান মাসের ২০ তারিখ শনিবারে বেলা ১১ ঘণ্টার সময়ে গবর্ণমেণ্ট হৌসে হইবেক।

হজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 10.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William; the 10th March, 1854.

It is necessary that the attention of Collectors and Assistant and Deputy Collectors should be especially drawn to the provisions of the three Acts of which the titles are quoted on the margin,* which introduce important changes into the system of appeals, both regular and special, to the Sudder Court, and into the law of evidence as it stood previous to the passing of the last of the three Acts.

2nd.—Instead of Section 1, Act IV. of 1850, which has been repealed, you will now have to enter Section 2, Act XV. of 1853, in para. 3 of Circular Order No. 5, dated the 22nd April last.

3rd.—The bearing of these laws on a Collector's duty in conducting suits on the part of Government, and in his judicial capacity, has been pointed out by the Superintendent and Remembrancer of Legal Affairs, in a letter to the Board dated the 11th ultimo, extracts paras. 3 *et seq.*, from which, together with copy of the Circular just issued by the Sudder

* XV. of 1853.—An Act for the amendment of procedure in cases of Regular Appeal to the Sudder Courts in the Presidency of Fort William in Bengal.

XVI. of 1853.—An Act for amending the Law of Special Appeals.

XIX. of 1853.—An Act to amend the Law of Evidence in the Civil Courts of the East India Company in the Bengal Presidency.

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৪ সাল ১০ মার্চ।

যে তিন আইনের শিরনামা নীচে লেখা যাইতেছে* তাহার বিধানের বিষয়ে কালেক্টর সাহেবেরদের ও আসিষ্টাণ্ট সাহেবেরদের ও ডেপুটী কালেক্টরেরদের বিশেষমতে মনোযোগ করাণ আবশ্যক। ঐ তিন আইনের দ্বারা সদর আদালতে নম্বরী ও খাস যে উভয় প্রকার আপীল হয় তাহার নিয়মের এবং ঐ তিন আইনের শেষ আইন জারী হওনের পূর্ব্বে সাক্ষ্যবিষয়ক আইন যেরূপ ছিল তাহার পরিবর্ত্তন গুরুতরভাবে হইয়াছে।

২। ১৮৫০ সালের ৪ আইনের ১ ধারা রদ হইয়াছে। অতএব গত আপ্রিল মাসের ২২ তারিখের ৫ নম্বরী সরক্যুলর অর্ডরের ৩ দফাতে ঐ ধারা না লিখিয়া তোমার এইক্ষণে ১৮৫৩ সালের ১৫ আইনের ২ ধারা লিখিতে হইবেক।

৩। কালেক্টর সাহেব গবর্ণমেণ্টের পক্ষে মোকদ্দমা চালাইলে ও তাঁহার বিচারকতা পদোপলক্ষে তাঁহার কর্ত্তব্য কর্ম্মের বিষয়ে ঐ তিন আইনের যে সম্পর্ক আছে তাহা আইনসম্পর্কীয় বিষয়ব্যাপারের সুপরিণ্টেণ্ডেণ্ট ও প্রয়োজক সাহেব বোর্ডের নিকটে গত মাসের ১১ তারিখের পত্রে ব্যক্ত করিয়াছেন। ঐ পত্রহইতে গৃহীত ৩ প্রভৃতি দফা এবং সাক্ষ্যবিষয়ক নূতন আইনের বিষয়ে সদর দেওয়ানী

* ১৮৫৩ সালের ১৫ আইন।—বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সদর আদালতে নম্বরী আপীলের মোকদ্দমায় কার্য্য করণের নিয়ম সংশোধনের আইন।

১৮৫৩ সালের ১৬ আইন।—খাস আপীলের আইন সংশোধনের আইন।

১৮৫৩ সালের ১৯ আইন।—বাঙ্গলা রাজধানীর অধীন দেশে কোম্পানি বাহাদুরের দেওয়ানী আদালতে সাক্ষ্যবিষয়ক আইন সংশোধনের আইন।

Dewanee Adawlut on the subject of the new Law of Evidence, are appended for your information and guidance.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Extract from a letter from the Superintendent and Remembrancer of Legal Affairs, to the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, No. 101, *dated* 11*th February*, 1854.

PARA. 3.—The Board will probably draw the attention of Collectors* to Section 10, of Act XV. of 1853, by which it is enacted that grounds of objection which shall be filed by either the Appellant or the Respondent shall be stated *distinctly* and *without any argument or narration of facts*, and shall be numbered consecutively, and shall be on paper bearing the stamp duty prescribed by Article 9, Schedule B. Regulation X. of 1829; it will consequently be necessary, in future to prepare our reasons of appeal or grounds of objection with due regard to clearness and conciseness.

4th —Section 6, of Act XVI. of 1853, which is an Act for amending the law of *special* appeal enjoins, that the grounds of objection in *special appeals* shall be drawn up in exactly the same form as those in regular appeals ; Section 5 of this law allows the petition of *special* appeal to be presented within three months from the date of the decision appealed against, *either in the Sudder Court or in the Court in which the decision objected to was passed, for transmission to the Sudder Court,* the forms laid down for the transaction of business between Collectors, Commissioners, and this office will not allow of the *frequent* use of the new power given to file special appeals in the Court below ; but it will probably be well that the attention of Collectors should be drawn to what in case of necessity, they have hereafter the power of doing.

5th.—I would also direct the Board's attention to Act XIX. of 1853, which is a most important Law, entitled an Act to amend the Law of evidence in the Civil Courts of the East India Company in the Bengal Presidency. Section 40 enacts that if any party to a suit (a Collector for instance,) shall in any pleading or statement refer to any document in his possession or power as a material proof or document in support of his claim or defence, he shall file *such document with the pleading or statement* unless the Court shall, for good and sufficient cause, extend the time for filing the same, and any adverse party shall be entitled by himself or his Vakeel to inspect and take a copy of the document ; it will be consequently necessary for the Officers of Go-

* I have addressed a Perwannah to the Government Pleaders on the subject of this Section of the Law.

আদালতহইতে সম্প্রতি যে সরকুলর জারী হইয়াছে তাহার নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি

এ গ্রোট।
এক্টিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের প্রতি আইনসম্পর্কীয় বিষয়ব্যাপারের সুপরিন্টেণ্ডেণ্ট ও প্রয়োজক সাহেবের ১৮৫৪ সালের ১১ ফেব্রুআরি তারিখের ১০১ নম্বরী পত্রহইতে গৃহীত।

৩ দফা। বোর্ডের সাহেবেরা কালেক্টর সাহেবদিগকে ১৮৫৩ সালের ১৫ আইনের ১০ ধারার * বিষয়ে মনোযোগ করাইবেন। তাহাতে বিধান হইয়াছে যে আপেলাণ্টের কি রেস্পাণ্ডেণ্টের দ্বারা যে আপত্তির হেতু দাখিল হয় তাহা স্পষ্টরূপে লেখা যাইবেক এবং তাহাতে কোন বিতর্ক কি কার্য্যের বিবরণ থাকিবেক না। তাহা ১,২, প্রভৃতি নম্বর বিলিমতে লেখা যাইবেক এবং ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৯ প্রকরণে যে মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট আছে সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক। অতএব উত্তর কালে স্পষ্ট ও সংক্ষেপ হওনের বিষয়ে উপযুক্ত মনোযোগপূর্ব্বক আমারদের আপীলের অজুহাৎ কি আপত্তির হেতু প্রস্তুত করা আবশ্যক।

৪। ১৮৫৩ সালের ১৬ আইন খাস আপীলের আইন সংশোধনের আইন আছে তাহার ৬ ধারাতে হুকুম হইয়াছে যে আপত্তির হেতু জাবেতামত আপীলেতে যে পাঠে লেখা যায় খাস আপীলেতেও ঠিক সেই পাঠে লেখা যাইবেক। ঐ আইনের ৫ ধারাতে অনুমতি আছে যে যে ডিক্রীর উপর আপীল হয় তাহার তারিখের পর তিন মাসের মধ্যে খাস আপীলের দরখাস্ত সদর আদালতে দরপেশ হইতে পারে অথবা সদর আদালতে পাঠান যাইবার নিমিত্তে ঐ আপত্তিকরা ডিক্রী যে আদালতে হইয়াছিল সেই আদালতে দরপেশ হইতে পারে। কালেক্টর সাহেবেরদের ও কমিস্যনর সাহেবেরদের এবং এই দফ্তরখানার পরস্পর কার্য্য নির্ব্বাহের বিষয়ে যে সকল নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে তৎপ্রযুক্ত অধস্থ আদালতে খাস আপীল দাখিল করিবার যে নূতন ক্ষমতা দেওয়া গিয়াছে তদনুসারে অনেকবার কার্য্য হইতে পারিবেক না। কিন্তু আবশ্যক স্থলে কালেক্টর সাহেবেরদের উত্তর কালে কার্য্য করিবার যে ক্ষমতা আছে তদ্বিষয়ে তাঁহারদের মনোযোগ করা উচিত বোধ হইল।

৫। আরো ১৮৫৩ সালের ১৯ আইনের বিষয়ে বোর্ডের সাহেবদিগকে মনোযোগ করাইতে চাহি। বাঙ্গলা রাজধানীর অধীন দেশে কোম্পানি বাহাদুরের দেওয়ানী আদালতে সাক্ষ্যবিষয়ক আইন সংশোধনের আইন এই শিরনামার ঐ আইন অতিগুরুতর। তাহার ৪০ ধারাতে হুকুম হইয়াছে যে যদি মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তি (যথা কালেক্টর সাহেব) কোন সওয়ালজওয়াব কি কৈফিয়তের মধ্যে আপনার দখলে কি এক্তিয়ারে থাকা কোন দলীলের বিষয়ে আপনার দাওয়ার কিম্বা আপন জওয়াবের পোষকতার্থে গুরুতর প্রমাণ কি দলীল বলিয়া উল্লেখ করে তবে আদালত বিশিষ্ট ও মাতবরহেতুতে ঐ দলীল দাখিল করিবার মেয়াদ বৃদ্ধি না করিলে সেই ব্যক্তি ঐ সওয়াল জওয়াব কি কৈফিয়তের সঙ্গে ঐ দলীলও দাখিল করিবেক। এবং তাহার বিপক্ষ কোন ব্যক্তির এমত অধিকার থাকিবেক যে আপনি কি উকীলের দ্বারা ঐ দলীল দৃষ্টি

* আইনের এই ধারার বিষয়ে আমি গবর্ণমেণ্টের উকীলেরদের নিকটে পরওয়ানা পাঠাইয়াছি।

vernment in all cases in which they are either plaintiffs or defendants, and in all cases in which a Collector as Agent of the Court of Wards may be plaintiff or defendant, and refer in their pleadings to any document in their possession or power as a material proof or document in support of their claim or defence, to file such document simultaneously with the filing of the pleading in which the document may be referred to.

6th.—Section 2 enacts, that in any regular or *summary* suit or proceeding of a civil nature *before any competent officer* or other person, having by Law or by consent of parties authority to examine witnesses, any party to such suit, appeal, or proceeding shall be *competent and entitled to give evidence either on his own behalf or on behalf of any other party* to the suit, appeal, or proceeding in the same manner as if he were not a party to the same; provided, that no party to a suit, appeal, or proceeding who shall offer himself as a witness therein shall, without the consent of parties thereto, be examined otherwise than in open Court in such manner as the Court may direct, having regard to the usages of the country unless such examination shall be taken under, and subject to the Rules prescribed by Sections 32 and 38 of this Act.

7th.—Section 23 enacts, that if a party to a suit shall give evidence therein *at his own instance* he shall be deemed thereby to have waived his privilege by which his Barrister, Attorney or Vakeel is exempted from disclosing, without the consent of his Client, any communication made by the Client to him in course of his professional employment, or any advice given by him professionally to his Client or the contents of any document of his Client, the knowledge of which he shall have acquired in the course of his professional employment; and the Barrister, Attorney or Vakeel shall be bound upon examination to disclose any such matter.

8th.—Section 5 enacts that any party to a suit may be *compelled* to give evidence as a witness therein, and also to *produce any* * document in his possession or power in the same manner, by the same process, and subject to the same Rules as if he were not a party to the suit, except so far as is otherwise provided by this Act, provided that no Court need compel the attendance of any party to such suit for the purpose of giving evidence therein, if such party shall satisfy the Court that he has no personal knowledge of any material subject of enquiry in the suit, and that he cannot give any material evidence therein. By this section parties to

* Collectors should remember the exception made in Section 20, of documents relating to affairs of state the production of which would be contrary to good policy.

করে ও তাহার নকল লয়। অতএব যে সকল মোকদ্দমায় গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা ফরিয়াদী কিম্বা আসামী হইয়া এবং যে সকল মোকদ্দমায় কোর্ট ওয়ার্ডসের মোখ্তারস্বরূপ কালেক্টর সাহেব ফরিয়াদী কিম্বা আসামী হইয়া আপনারদের দাওয়ার কি জওয়াবের পোষকতার্থে গুরুতর প্রমাণ কি দলীলস্বরূপ আপনারদের দখলে কি এক্তিয়ারে থাকা কোন দলীলের বিষয় আপনারদের সওয়ালজওয়াবের মধ্যে উল্লেখ করেন সেই সকল মোকদ্দমায় তাঁহারদের আবশ্যক হইবেক যে ঐ দলীলের কথা যে সওয়াল জওয়াবের মধ্যে উল্লেখ করেন তাহা দাখিলকরণ সময়ে তাহার সঙ্গে ঐ দলীলও দাখিল করেন।

৬। ২ ধারাতে বিধান হইয়াছে যে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের সম্মুখে অথবা আইনক্রমে কিম্বা উভয় পক্ষের অনুমতিক্রমে অন্য যে কোন ব্যক্তি সাক্ষিরদের জোবানবন্দী লইবার ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার সম্মুখে কোন নম্বরী কি সরাসরী মোকদ্দমায় কিম্বা দেওয়ানী বিষয়ের অন্য কার্য্যেতে ঐ মোকদ্দমা কি আপীল কিম্বা কার্য্যেতে লিপ্ত কোন ব্যক্তির এমত ক্ষমতা ও অধিকার থাকিবেক যে ঐ মোকদ্দমাপ্রভৃতিতে লিপ্ত না হইলে যে প্রকারে সাক্ষ্য দিতে পারিত সেই প্রকারে আপনার পক্ষে কিম্বা ঐ মোকদ্দমায় কি আপীলে কিম্বা কার্য্যেতে লিপ্ত অন্য কোন ব্যক্তির পক্ষে সাক্ষ্য দেয়। পরন্তু মোকদ্দমায় কি আপীলে কিম্বা কার্য্যেতে লিপ্ত যে কোন ব্যক্তি আপনি তাহাতে সাক্ষী হইতে প্রস্তাব করে তাহার জোবানবন্দী যদি এই আইনের ৩২ কি ৩৮ ধারামতে এবং ঐ ধারার নির্দ্দিষ্ট বিধানমতে না লওয়া যায় তবে মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তিরদের সম্মতি না হইলে খোলা কাছারী বিনা অন্য স্থানে লওয়া যাইবেক না এবং দেশের আচার ও দাঁড়ার প্রতি দৃষ্টি রাখিয়া আদালত যেপ্রকার হুকুম করেন সেই প্রকারে লওয়া যাইবেক।

৭। ২৩ ধারাতে বিধান হইয়াছে যে মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তি স্বেচ্ছামতে তাহাতে সাক্ষ্য দিলে আপন কৌন্সেলী কি মোখ্তার কি উকীলকে তাঁহারদের পদোপলক্ষের কর্ম্ম করণসম্পর্কে যে কথা জানায় তাহা কিম্বা কৌন্সেলীপ্রভৃতি পদোপলক্ষে মওক্কেলকে যে কোন পরামর্শ দেন তাহা অথবা ঐ পদোপলক্ষে কর্ম্ম করণসম্পর্কে মওক্কেলের কোন দলীলের যে মর্ম্ম অবগত হইয়াছেন তাহা মওক্কেলের সম্মতিবিনা প্রকাশ করিবেন না ঐ মওক্কেলের এই যে অধিকার আছে তাহা স্বেচ্ছামতে সাক্ষ্য দেওনেতে সে ত্যাগ করিয়াছে জ্ঞান হইবেক। এবং জোবানবন্দী দেওন সময়ে ঐ কৌন্সেলী কি মোখ্তার কি উকীলের সেইরূপ কোন বিষয় প্রকাশ করিতেই হইবেক।

৮। ৫ ধারাতে বিধান হইয়াছে যে মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ না হইলে তাহার সাক্ষ্য যেপ্রকারে ও যে হুকুমমতে এবং যে বিধানানুসারে বলপূর্ব্বক লওয়া যাইতে পারিত এবং তাহার দখলে ও অধিকারে যে কোন দলীল * থাকে তাহা উপস্থিত করাণ যাইতে পারিত সেই প্রকারে ও সেই হুকুমমতে ও সেই বিধানানুসারে ঐ মোকদ্দমায় তাহার জোবানবন্দী বলপূর্ব্বক লওয়া যাইতে ও দলীল উপস্থিত করাণ যাইতে পারিবেক। কিন্তু এই আইনের মধ্যে যে স্থলে অন্যরূপ বিধান আছে সেই স্থলে হইবেক না। পরন্তু যদি ঐ মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তি আদালতের হৃদ্বোধ করায় যে ঐ মোকদ্দমায় যে বিষয়ের তহকীক হইতেছে তাহার কোন প্রয়োজনীয় বিষয় তাহার নি-

* কালেক্টর সাহেবেরদের মনে রাখা উচিত যে রাজসংক্রান্ত কার্য্যসম্পর্কীয় যে কোন দলীল উপস্থিত করণের দ্বারা রাজকার্য্যের অপকার সম্ভাবনা তাহা ২০ ধারাতে বর্জ্জিত হইয়াছে।

suits can be summoned to give evidence and also merely to produce documents, and any person whether a party to a suit or not who is summoned merely to produce a document is by Section 16 deemed to have complied with the summons, if he cause such document to be produced instead of attending personally to produce the same; and if he attends in person to produce it, he may be called on to produce the same without being sworn or examined as a witness (Section 18.)

9th.—These Sections affect a Collector in the position in which he often stands viz. that of a party to suits, but he should also as a judicial officer sitting for the determination of summary suits, to which this law is applicable,* and having to act upon them, be well acquainted with them; as a judicial officer his attention might be particularly directed to those Sections† prescribing the mode, in which a court should be moved for the appearance of a party to a suit, and in which, the court should proceed ere determining whether a party to a suit should appear to give evidence or not; to those Sections in which penalties are awarded for the non-attendance of witnesses *served with summons*‡ and of witnesses not *served with summons*§; and to that in which the mode in which the examination of witnesses should take place is prescribed.‖ Collectors also should be particularly exact and cautious in their mode of action regarding the orders passed by them for summoning and examining a party to a suit, as under Section 39 of the law no appeal lies from any order or decision of a judicial officer with respect to this subject.

10th.—I forbear entering further into those points to which the attention of Collectors as judicial officers might be drawn. The Sudder Court is about to issue a Circular on the subject to the Civil Judges, which will be equally applicable to Collectors acting judicially, and doubtless the Board will take an early opportunity of bringing that official document to the notice of its subordinates, as well as of enjoining upon Collectors the necessity of a strict attention to all the requirements of the law under review as far as it is applicable to them when

* See Section 2 of the Act, the words of which are very comprehensive. Moreover the Court of the Collector when that officer is engaged in the hearing of summary suits is in the eye of the law a Civil Court.

† Sections 8, 9, 10 and 11.

‡ Section 24.

§ Section 27.

‖ Section 31.

জের কিছু জানা নাই এবং সেই মোকদ্দমায় সে কোন প্রয়োজনীয় সাক্ষ্য দিতে পারে না তবে এমত মোকদ্দমায় সাক্ষ্য দিবার নিমিত্তে এমত কোন ব্যক্তিকে কোন আদালতের জোর করিয়া হাজির করাইবার আবশ্যক হইবেক না। এই ধারার দ্বারা মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তিরদিগকে সাক্ষ্য দেওনার্থে এবং কেবল দলীল উপস্থিত করণার্থেও তলব করা যাইতে পারে। এবং ১৬ ধারানুসারে মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক যে কোন ব্যক্তির নামে কেবল দলীল উপস্থিত করিবার সমন হয় সেই ব্যক্তি যদি দলীল উপস্থিত করণার্থে আপনি হাজির না হইয়া অন্যের দ্বারা ঐ দলীল উপস্থিত করে তবে সমনমতে কার্য্য হইয়াছে এমত জ্ঞান হইবেক। এবং যদি আপনি তাহা উপস্থিত করিবার জন্যে হাজির হয় তবে সাক্ষিস্বরূপ তাহাকে শপথ না করাইয়া কি তাহার জোবানবন্দী না লইয়া তাহার প্রতি ঐ দলীল উপস্থিত করিতে হুকুম হইতে পারিবেক। (১৮ ধারা।)

৯। কালেক্টর সাহেব অনেকবার মোকদ্দমার এক পক্ষ হন সেই ভাবে ঐ সকল ধারার তাঁহার সঙ্গে সম্পর্ক আছে। কিন্তু ঐ আইন সরাসরী মোকদ্দমার বিষয়েও খাটে * এবং বিচারকর্ত্তাস্বরূপ ঐ প্রকার মোকদ্দমা নিষ্পত্তি করিতে বসিলে ঐ২ ধারানুসারে কার্য্য করিতে হওয়াতে তাঁহার ঐ সকল ধারা সুপরিচিত হওয়া উচিত। বিচারকর্ত্তাস্বরূপ তাঁহাকে এই২ ধারাতে বিশেষমতে মনোযোগ করাণ যাইতে পারে অর্থাৎ মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তির হাজির হইবার জন্যে আদালতে যে প্রকারে প্রার্থনা করিতে হইবেক এবং মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তির সাক্ষ্য দিবার জন্যে হাজির হওয়া উচিত কি না ইহা নির্দ্ধার্য্য করণের পূর্ব্বে আদালতের যেপ্রকারে কার্য্য করা উচিত তাহা যে২ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ ধারা † এবং যে সাক্ষিরদের উপর সমন জারী হইয়াছে ‡ ও যে সাক্ষিরদের উপর সমন জারী হয় নাই§ তাহারা হাজির না হইলে তাহারদের দণ্ডের আজ্ঞা যে২ ধারাতে আছে এবং সাক্ষিরদের জোবানবন্দী যে প্রকারে লওয়া যাইবেক তাহা যে ধারাতে‖ নির্দ্দিষ্ট আছে সেই২ ধারা। আরো কালেক্টর সাহেবেরা মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তিকে তলব করণের ও তাহার জোবানবন্দী লওনের জন্যে যে হুকুম জারী করেন তদ্বিষয়ে যে প্রকারে কার্য্য করেন তাহাতে তাঁহারদের বিশেষমতে সতর্ক ও সাবধান থাকা উচিত যেহেতুক আইনের ৩৯ ধারামতে এতদ্বিষয়ে বিচারকর্ত্তা যে কোন হুকুম কি নিষ্পত্তি করেন তাহার উপর কোন আপীল নাই।

১০। বিচারকের পদোপলক্ষে কালেক্টর সাহেবেরদের যে২ বিষয়ে মনোযোগ করাণ যাইতে পারে তদ্বিষয়ে অধিক লিখিতে ক্ষান্ত হইলাম। তদ্বিষয়ে সদর আদালতের সাহেবেরা দেওয়ানী বিচারকর্ত্তারদের নামে এক সরক্যুলর জারী করিবেন তাহা বিচারকস্বরূপ কর্ম্মকারি কালেক্টর সাহেবেরদের প্রতিও তুল্যভাবে খাটিবেক। এবং বোর্ডের সাহেবেরা আবশ্য আপনারদের অধীন কার্য্যকারক সাহেবদিগকে ঐ সরকারী পত্রের বিষয়ে অতিশীঘ্র সুযোগে মনোযোগ করাইবেন এবং কালেক্টর সাহেবদিগকে আদেশ করিবেন যে খাজানার বাবৎ সরাসরী মোকদ্দমা নিষ্পত্তি করিবার জন্যে বিচারকের কর্ম্ম করত

* আইনের ২ ধারা দেখ। কথার অতি বিস্তারিত ভাব আছে আরো কালেক্টর সাহেব যে সময়ে সরাসরী মোকদ্দমার শুননিতে নিযুক্ত থাকেন সেই সময়ে আইনের বিবেচনায় তাঁহার আদালত দেওয়ানী আদালত হয়।

† ৮, ৯, ১০, ১১ ধারা।

‡ ২৪ ধারা।

§ ২৭ ধারা।

‖ ৩১ ধারা।

EDUCATION NOTICE.

A special examination of candidates for admission into the Bengalee Class of the Medical College, will be held on Monday, 12th June.

The tests of qualification will be the same as those determined upon in 1852, on the establishment of the class, and is herein published for general information.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের বাঙ্গলা সম্প্রদায়ে ভর্ত্তিহওনাকাঙ্ক্ষিরদের বিশেষ পরীক্ষা ১২ জুন তারিখ সোমবারে হইবেক।

১৮৫২ সালে উক্ত শ্রেণী স্থাপিত হওন সময়ে যোগ্যতা নির্ণয়ের যে পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাই চলন থাকিল এবং সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

লিখিত পরীক্ষা।

১। অধ্যয়নাকাঙ্ক্ষিদিগকে নিম্নলিখিত পুস্তকসংক্রান্ত কতিপয় প্রশ্নের উত্তর লিখিতে হইবেক।
১। জীবন চরিত শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত।
২। বাঙ্গালার ইতিহাস শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত।
২। তাঁহাদিগকে অন্ততঃ তেরিজ, জমাখরচ, হরণ, পূরণ, এবং ত্রৈরাশিক জানিতে হইবেক।

বাচনিক পরীক্ষা।

১। তাঁহাদিগকে নিম্নলিখিত দুই পুস্তক অনায়াসে আবৃত্তি ও বিশুদ্ধরূপে ব্যাখ্যা করিতে হইবেক।
১। বেতাল পঞ্চবিংশতি শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত।
২। নীতিবোধ শ্রীরাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়কৃত।
২। তাঁহাদিগকে বাঙ্গালা ব্যাকরণের স্থূল স্থূল বিষয় সকল উত্তমরূপে জানিতে হইবেক।

The candidates must present themselves before the Secretary to the College, at least three days prior to the date of examination with a view to their being identified as the persons really desiring admission.

(By order,)
H. WOODROW,
Secy. Council of Education.

Council of Education, the 19th May, 1854.

ঐ শ্রেণীতে যাঁহারা ভর্ত্তি হইতে চাহেন তাঁহারদের নিতান্ত অনন্যতা নিরূপণ করিবার অভিপ্রায়ে পরীক্ষার তারিখের পূর্ব্বে অতি ন্যূন তিন দিবস থাকিতে তাঁহারদের কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হইতে হইবেক।

(হুকুমক্রমে)
এচ উডরো।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৫৪। ১৯ মে।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 12th May, 1854.

Baboo Ramnarain Rai, Moonsiff of Junghypore, Zillah Moorshedabad, to be Moonsiff of Chowgong, in Zillah Rajshahye, and also to officiate as Moonsiff of Nattore, in that District, during the absence on leave of the incumbent, or until further orders.

Baboo Konjlall Banerjea, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, to be Moonsiff of Junghypore, in Zillah Moorshedabad.

The 16th May, 1854.

Baboo Thakoordoss Mookerjea, Moonsiff of Hundra, Zillah Nuddea, to be Moonsiff of Pertabpore, Zillah Midnapore, vice Juggobundhoo Banerjea, promoted.

Baboo Umbica Churn Mitter, Moonsiff of Cowcolly, Zillah Backergunge, to be Moonsiff of Ajmerigunge, Zillah Sylhet, vice Sharodapersad Ghose, dismissed under the Court's orders, No. 872, of 16th instant.

Baboo Mudhoosoodun Ghose, Moonsiff of Netrokonah, Zillah Mymensing, to be Moonsiff of Cowcolly, Zillah Backergunge.

Syed Abdoollah, (a Diploma Holder,) to be Moonsiff of Nittrokonah, Zillah Mymensing.

LEAVE OF ABSENCE.

The 16th May, 1854.

Moulvie Zinnutoollah, Additional Moonsiff of

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১২ মে।

জিলা মুরশিদাবাদের জঙ্গীপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামনারায়ণ রায় জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ হইবেন এবং উক্ত জিলার নাটোরের মুনসেফ ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত তাঁহার কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা জিলা মুরশিদাবাদের জঙ্গীপুরের মুনসেফ হইবেন।

১৮৫৪ সাল ১৬ মে।

শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুর্য্যা উচ্চ পদ প্রাপ্ত হওয়াতে জিলা নদীয়ার হাঁড়রার মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা জিলা মেদিনীপুরের প্রতাপপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত শারদাপ্রসাদ ঘোষ সদর আদালতের বর্ত্তমান মাসের ১৬ তারিখের ৮৭২ নম্বরী হুকুমঅনুসারে পদচ্যুত হওয়াতে তাঁহার স্থানে জিলা বাকরগঞ্জের কৌখালির মুনসেফ শ্রীযুত বাবু অম্বিকাচরণ মিত্র জিলা ছিলটের আজমিরীগঞ্জের মুনসেফ হইবেন।

জিলা ময়মুনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন ঘোষ জিলা বাকরগঞ্জে কৌখালির মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত সৈয়দ আবদুল্লা জিলা ময়মুনসিংহের নেত্রকোণার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৬ মে।

চাটিগাঁয়ের নগরীয় খণ্ডের অতিরিক্ত সদর আমীন শ্রীযুত

the Town Division, Chittagong, for one week, from the 6th instant, on Medical Certificate.

Moulovy Mooteeoorkhuman, Moonsiff of Baddeekhalee, in Zillah Rungpore, for three days, from the 12th to 14th instant, on account of established holidays.

Mr. L. W. Hutchinson, Moonsiff of Lallbagh, in Zillah Moorshedabad, for eight days, from the 19th ultimo, on urgent private affairs.

C. T. BUCKLAND, *Register*.

রাজকর্ম্মে নিয়োগ।

৯৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১ মে।

শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব (Mr. W. Grey,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী হইবেন।

এতদ্দেশীয় ৩২ সংখ্যক পদাতিক পল্টনের কাপ্তান শ্রীযুত এচ সি জেমস সাহেব (Captain H. C. James,) শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মোসাহেব ও নিজ সেক্রেটারী হইবেন।

ডবলিউ গর্ডন ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

---

৯৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ২৯ আপ্রিল।

শ্রীযুত জে আর বি বেনেট সাহেব (Mr. J. R. B. Bennett,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের মঞ্জুরীর অপেক্ষায় পোষ্ট মাষ্টর জেনরল হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। ডবলিউ গর্ডন ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

১০০৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ২৭ আপ্রিল।

গোলন্দাজ পল্টনের প্রথম লেপ্টেনেণ্ট শ্রীযুত জি মিলিগান সাহেব (Lieut. G. Milligan,) উর্দ্দু ও হিন্দী ভাষাতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৫২ সালের মার্চ মাসের ৯ তারিখের হুকুমে যে নৈপুণ্য নির্দ্দিষ্ট হইয়াছে তাহা প্রাপ্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

ডবলিউ গর্ডন ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

১০৩১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১১ মে।

শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) মৌলবী জিন্নতুল্লা বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা রঙ্গপুরের বাদিখালির মুনসেফ শ্রীযুত মৌলবী মুতীউরখমান নির্দ্ধারিত বন্দের উপলক্ষে বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি ১৪ তারিখপর্য্যন্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

জিলা মুরশিদাবাদে লালবাগের মুনসেফ শ্রীযুত এল ডবলিউ হচিনসন সাহেব স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে গত মাসের ১৯ তারিখঅবধি আট দিনের ছুটী পাইয়াছেন। সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্টী কর্ম্ম ও পেনসনী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত বি এচ কুপর সাহেব (Mr. B. H. Cooper,) ঐ২ সিরিশ্তার ভার শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেবের (Hon'ble E. Drummond,) স্থানে গ্রহণ করিয়া যেপর্য্যন্ত আনাণ্ড সাহেব তাহা না লন সেইপর্য্যন্ত ঐ সিরিশ্তার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব (Mr. J. H. Young,) বর্দ্ধমানের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ৪ মে।

রেলওয়ে ডিপার্টমেণ্টে নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অভয়াচরণ মল্লিক পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ৯ মে।

বাকরগঞ্জের কালেক্টর শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) গত মার্চ মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১০ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত সিসিল বীডন সাহেব (Mr. Cecil Beadon,) "বাঙ্গাল" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটি সাহেব ঐ জাহাজ গত মাসের ২ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১০৪৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ৬ মে।

ঢাকা ও বাকরগঞ্জের অতিরিক্ত জজ শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr. H. V. Bayley,) ঢাকা জিলায় ১৮২৮ সালের ৩ আইন অনুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ৯ মে।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব (Mr. E. S. Pearson,) গত ফেব্রুআরি মাসের ১ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১০৭৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১০ মে।

নদীয়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী ইয়তাজাদ হুসেন ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৪ সাল ১১ মে।

কেন্দ্রপাড়ার মুনসেফ ও কটক জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ আপন মুনসেফী এলাকার সীমার মধ্যে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারানুসারে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৪ সাল ১২ মে।

ভাগলপুরে রাজমহালের মুনসেফ শ্রীযুত মৌলবী সমীনুদ্দীন উক্ত জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন এবং আপন মুনসেফী এলাকার সীমার মধ্যে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারানুসারে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

বাঁকুড়াতে উকরার মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা ঐ জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন এবং আপন মুনসেফী এলাকার সীমার মধ্যে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারানুসারে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৪ সাল ১৮ মে।

শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) আপনার বর্ত্তমান কার্য্য অর্থাৎ দিনাজপুরের কালেক্টরীর ভার শ্রীযুত ডবলিউ লেফ্লেমিং রবিনসন সাহেবের (Mr. W. LeFleming Robinson,) প্রতি অর্পণ করিয়া অন্য হুকুম না হওনপর্য্যন্ত রঙ্গপুরের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৪ সাল ১৯ মে।

শ্রীশ্রীমতী বিক্টোরিয়া মহারাণীর ১৬ ও ১৭ বৎসরের আইনের ৯৫ অধ্যায়ের ২২ ধারার বিধানমতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব বাঙ্গলা দেশের সিবিল-সম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ জে এম মিলস সাহেবকে (Mr. A. J. M. Mills,) বর্ত্তমান মাসের ২০ তারিখ-অবধি ভারতবর্ষের কৌন্সেলের ব্যবস্থাপক কৌন্সেলরী পদে নিযুক্ত করিয়াছেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৫ মে।

বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত জে এচ মাঙ্গলস সাহেবের (Mr. J. H. Margles,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মাঙ্গলস সাহেব উক্ত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৪ সাল ১৯ মে।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব হুকুম করিতেছেন যে বর্ত্তমান মাসের ২৪ তারিখ আগামি বুধবার শ্রীশ্রীমতী মহারাণীর জন্মদিন হওয়াতে সরকারী সমস্ত দফ্তরখানা বন্দ হয়।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্ট ইশ্তিহার।

NOTICE.

Notice is hereby given, that the Howrah Ferry Fund Committee is prepared to receive, up to the 31st of July next, for consideration and eventual submission to Government, tenders for metalling that portion of the Old Benares Road which runs from Sulkhea to Kajooreah, a distance of 30 Miles, more or less, of which about 10 Miles have been metalled. The Contractor must engage to metal this portion of Road and make cross drain bridges at reasonable distances, or wherever required, within a given time, say two years, and keep the same in efficient repair for a further number of years to be fixed hereafter. To cover his outlay, as well as to secure to him a reasonable profit, it is proposed to recommend that the Government shall vest in him the right of levying tolls under Act VIII. of 1851, for the same number of years, subject however to such restrictions or conditions as the Government may be pleased to determine.

For further particulars, apply to the Secretary.

J. R. WARD,
Secretary Howrah Ferry Fund Committee.

Howrah Magistracy, the 1st May, 1854.

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে হাবড়ার গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির সাহেবেরা আগামি জুলাই মাসের ৩১ তারিখপর্য্যন্ত শালিকাঅবধি কাজুরিয়াপর্য্যন্ত বারাণসের পুরাতন রাস্তার যে অংশ চলে তাহাতে কাঁকর দিবার নিমিত্তে বিবেচনার্থ ও পরিশেষে গবর্ণমেণ্টে অর্পণ করণার্থ টেণ্ডর গ্রাহ্য করিতে প্রস্তুত আছেন। ঐ রাস্তা দীর্ঘে অনুমানে ১৫ ক্রোশ তাহার মধ্যে পাঁচ ক্রোশপর্য্যন্ত কাঁকর দেওয়া হইয়াছে। চুক্তিকারক ব্যক্তির এই চুক্তি করিতে হইবেক যে বিশেষ মিয়াদ যথা দুই বৎসরের মধ্যে রাস্তার ঐ অংশে কাঁকর এবং উপযুক্ত দূরে অথবা হুকুমমত স্থানে২ যে নর্দ্দমা রাস্তা কাটিয়া যায় তাহার উপর সাঁকো নির্ম্মাণ করা যাইবেক এবং তাহার পরে কএক বৎসরপর্য্যন্ত উপযুক্তমতে মেরামতীভাবে রাখা যাইবেক। তাঁহার ব্যয় শোধনার্থ এবং উপযুক্ত লভ্য প্রাপণার্থ প্রস্তাবিত হইয়াছে যে উক্ত কএক বৎসরের নিমিত্তে তাঁহাকে ১৮৫১ সালের ৮ আইনানুসারে মামুল আদায় করিবার ক্ষমতা দেওয়া যায়। পরন্তু যেমত নিষেধ বিধান ও নিয়ম গবর্ণমেণ্ট স্থাপন করিতে ইচ্ছা করেন তদনুসারে করিবেন।

অধিক বৃত্তান্ত যে কোন ব্যক্তি জানিতে চাহেন সেক্রেটারী সাহেবের স্থানে জানিতে পারিবেন।

জে আর ওয়ার্ড।

হাবড়ার ফেরিফণ্ড কমিটির সেক্রেটারী।

হাবড়ার মাজিষ্ট্রেটী কাছারী ১৮৫৪ সাল ১ মে।

RECEIVED

From the Collectorate of Sylhet two Notices of Sale, dated the 15th May. The land in question is to be sold on the 12th June. They will appear next week.

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOSEPH GALIFFE ROBINSON, an Insolvent.

On Saturday, the 6th day of May instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 1,228-8 in his hands, pay a Dividend at the rate of Co.'s Rs. 6 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 1,033-1,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 17th May, 1854.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জোসেফ গালিফ রাবিনসন সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান মে মাসের ৬ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে কোং ১২২৮॥০ টাকা আছে সেই টাকাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৬৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ কোং ১০৩৩/০ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৪ সাল ১৭ মে।

The like notice in the matter of HENRY JOHN SMITH, an Insolvent, wherein it was ordered, that out of the sum of Co.'s Rs. 9,999, a Dividend at the rate of 100 per Cent. or in full (amounting to Rs. 9,000,) be paid.

যোত্রহীন হেনরি জান স্মিথ সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে এই বিষয়ে হুকুম হইয়াছে যে আসৈনি সাহেবের হাতে কোং যে ৯,০০০৲ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ১০০৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯,০০০৲ টাকাসম্পূর্ণ কর্জ দেন।

In the matter of JAMES CULLEN, and another, Insolvents.

On Saturday, the 1st day of April, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 20,049-8-9 in his hands, pay a Dividend at the rate of Co.'s Annas Two and Three Pies per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 16,499-8-6,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Assignee's Office, 19th May, 1854.

যোত্রহীন জেম্‌স কলেন সাহেব ও অন্যের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে আপ্রিল মাসের ১ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে কোং ২০,০৪৯॥৯ টাকা আছে সেই টাকাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৵১৫ আনা তিন পাইর হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ কোং ১৬,৪৯৯॥৬ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

আসৈনি সাহেবের দফ্তরখানা। ১৮৫৪ সাল ১৯ মে।

In the matter of COWER CALLYCOOMAR MULLICK ROY, an Insolvent.

NOTICE is hereby given, that Saturday, the 3rd day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 20th day of September, 1849, until the 1st day of May instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing.

Official Assignee's Office, Calcutta, 17th May, 1854.

যোত্রত্রীম কুঙার কালীকুমার মল্লিক রায়ের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি জুন মাসের ৩ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৪৯ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখঅবধি বর্ত্তমান মে মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৪ সাল ১৭ মে।

বিজ্ঞাপন।

১৮৫৩ সালের ১৯ আইনের তাৎপর্য্যার্থ সর্ব্ব সাধারণের বোধ সৌলভ্যার্থে শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়কর্ত্তৃক সরল ভাষায় প্রস্তুত হইয়া মিলিটরি আরফেন যন্ত্রালয়ে মুদ্রিত হইয়াছে। যাহার প্রয়োজন হয় সদর দেওয়ানী আদালতে সরকারি উকীলের আপীসে অর্থবা শ্রীযুত থেকর কোম্পানির আপীসে তত্ত্ব করিলে পাইতে পারিবেন।

اشتهار کلکته

الحمد لله که سعی من حالا بمرکز خود قرار گرفت یعنی امروز که ۱۴ می است از طبع ترجمه اردوی فیصلجات عدالت دیوانی صدر کلکته تا رساله ماه مارچ سنه حال فراغت حاصل شده رساله مذکور بخریداران روانه شد * و از کتاب سنه ۱۸۵۳ ع نیز تا رساله ماه مارچ طبع شده بخریداران رفته * و آینده انشاء الله همین دستور باقی رسالهای سنه حال و سنه گذشته بخریداران خواهند رسید * همین بود مطلب من از اشتهار ماه دسمبر گذشته (که در گزیت بنگاله و گزیت های اگره متعلقه ممالک مشرقی و ممالک مغربی بابت ماه مذکور چاپ شده بود) * حالا بعد این جد و جهدهای که بنظر رفاه عام برای اجرای رسالهای سنه حال بدین عجلت بکار بردم امید واثق است که خریداران کتاب مذکور حالا زاید از سابق خواهند شد فقط *

شهر کلکته
۱۴ می سنه ۱۸۵۴ ع

عبدالصمد
مترجم صدر کلکته و مالک و مهتمم مطبع صمدی

[*Government Gazette*, 23*rd May*, 1854.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 746 ৭৪৬) (৩২১)

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 30, 1854.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৪ সাল ৩০ মে।

REPORT OF A SUMMARY CASE DETERMINED BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 10th September, 1853.

The Court declined to interfere summarily to eject an auction purchaser, who had been formally placed in possession through the Civil Courts, although holding that the summary award of possession by the Principal Sudder Ameen was wrong.

Preeonauth Mullick,—Petitioner, Plaintiff.

By a plaint, dated 19th March, 1832, Sreemutty Dibbea sued Hurreenauth Mullick and others in formâ pauperis, in the 24-Pergunnahs, for recovery of her deceased husband's share of property, real and personal, valued at Rs. 1,90,694. While the suit was pending, Hurreenauth Mullick died, and his brother, Sreenauth Mullick, was made defendant in his place. On the 8th September, 1836, the Judge gave the plaintiff a decree. Costs were charged to the plaintiff and defendant ratably in proportion to the amount of claim proved.

On the 11th March, 1851, the Government Pleader made application for the recovery of costs, due by defendants, amounting with interest to Rs 1150; it was sought to recover them by attachment and sale of the rights and interests in a decree, dated 5th March, 1851, obtained by Preeonauth Mullick, son of Hurreenauth Mullick aforesaid, against the heirs of Sreenauth Mullick and others, an objection that execution could not be had, in as much as more than 12 years had elapsed since the decree of September, 1836 was passed, having been overruled on the ground that execution had been taken out on the 8th June, 1848. That recovery had then been made from the plaintiff, and that the case had been struck off on 5th November, 1849, in conse-

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫৩ সাল ১০ সেপ্টেম্বর।

নীলামের এক জন খরীদারকে দেওয়ানী আদালতের দ্বারা দাঁড়ামতে দখল দেওয়ান গিয়াছিল এবং প্রধান সদর আমীনের দ্বারা দখল দেওনের সরাসরী ফয়সলা অনুচিত সদর আদালত ইহা ধার্য্য করিয়াও সেই নীলামী খরীদারকে বেদখল করণার্থে সরাসরীমতে হস্তক্ষেপ করিতে অস্বীকার করিলেন।

প্রিয়নাথ মল্লিক। দরখাস্তকারী। ফরিয়াদী।

শ্রীমতী দেবী আপন মৃত স্বামির স্থাবর ও অস্থাবর সম্পত্তির অংশের ১,৯০,৬৯৪৲ টাকা মূল্য ধরিয়া তাহা পাইবার নিমিত্তে ১৮৩২ সালের ১৯ মার্চ তারিখের নালিশপত্রের দ্বারা চব্বিশপরগনাতে হরিনাথ মল্লিক ও অন্যেরদের নামে পাপরস্বরূপ নালিশ করিল। মোকদ্দমা উপস্থিত থাকিতে হরিনাথ মল্লিক মরিল এবং তাহার স্থানে তাহার ভাই শ্রীনাথ মল্লিককে আসামী করা গেল। ১৮৩৬ সালের ৮ সেপ্টেম্বর তারিখে জজ সাহেব ফরিয়াদীর নামে ডিক্রী করিলেন। যে দাওয়ার প্রমাণ হইয়াছিল তাহার সংখ্যানুসারে হারহারিরূপে ফরিয়াদীর ও আসামীর মোকদ্দমার খরচা দিতে হইল।

আসামীরদের স্থানে খরচার সুদসুদ্ধ যে ১১৫০৲ টাকা পাওনা ছিল তাহা পাইবার জন্যে গবর্ণমেণ্টের উকীল ১৮৫১ সালের ১১ মার্চ তারিখে দরখাস্ত করিয়াছিলেন। শ্রীনাথ মল্লিকের উত্তরাধিকারিরদের ও অন্যেরদের বিরুদ্ধে পূর্ব্বোক্ত হরিনাথ মল্লিকের পুত্র প্রিয়নাথ মল্লিক ১৮৫১ সালের ৫ মার্চ তারিখে যে ডিক্রী পাইয়াছিল তাহাতে তাহার স্বত্ব ও সম্পর্ক ক্রোক ও নীলাম করণের দ্বারা ঐ টাকা পাইবার উদ্যোগ হইয়াছিল। এবং ১৮৩৬ সালের সেপ্টেম্বর মাসে ডিক্রী হইলে পর ১২ বৎসরের অধিক কাল অতীত হইয়াছে অতএব ডিক্রী জারী হইতে পারে না এই আপত্তি ইহা বলিয়া অসিদ্ধ হইল যে ১৮৪৮ সালের ৮ জুন তারিখে ডিক্রী জারীর হুকুম বাহির করা গিয়াছিল এবং তৎকালে ফরিয়াদীর স্থানে টাকা পাওয়া গিয়াছিল এবং আসামীর কোন সম্পত্তি না পাওয়া যাওনপ্রযুক্ত ১৮৪৯ সালের ৫ নবেম্বর

quence of no property of the Defendants being found; the application was granted, and the rights of Preeonauth, under the decree, were sold and purchased by Bhuggobuttee Churn Sircar for Rs. 970, on the 7th June, 1852.

On the 3rd July following, Preeonauth Mullick petitioned the Principal Sudder Ameen on the grounds of the illegality of the sale and his own non-liability. The Principal Sudder Ameen rejected the petition and confirmed the sale on the 18th September, 1852.

Preeonauth Mullick then appealed to the Judge, urging a variety of objections, touching the legality of the sale. The Judge recorded his opinion that as the decree was against Sreenauth Mullick and others, it could not affect Preeonauth, who was an entirely distinct party. Without considering any of the other objections, he therefore, reversed the order of the Principal Sudder Ameen, confirming the sale, on the 31st December, 1852.

The sale purchaser appealed to this Court, and on the 26th February, 1853, the Court (present Mr. Dunbar,) reversed the Judge's order. The consideration of the Court was restricted to the only point upon which the Judge had decided namely the liability or otherwise of Preeonauth Mullick and that liability appeared to the Court to be unquestionably established, by the decree of the 5th March, 1851, passed in favour of Preeonauth, as son and heir of Hurreenauth Mullick, who was the original Defendant in the suit of Sreemutty Dibbea. An application for review of judgment was rejected by the Court, on the 6th August, 1853.

The purchaser having applied to the Principal Sudder Ameen for possession under his purchase, an order was passed by that officer on the 18th April, 1853, making him the representative of Preeonauth Mullick, and directing Roobakarees to be sent to the Judges of Hooghly, Midnapore, and Burdwan, with a view to the purchaser's being put in possession of the property situated in these several districts.

Against this order, Preeonauth appealed to the Judge, who threw out the petition on the 18th May, 1853, on the ground that as it related to execution of a decree in a case above Rs. 5,000, the appeal did not lie to him. Preeonauth has now, therefore, brought the matter before this Court.

In order to test the propriety and legality of the order of the Principal Sudder Ameen, I have examined the record. I find that in March, 1843, Preeonauth sued his Uncle, Sreenauth, and others to obtain the share of the ancestral property, belonging to his deceased father, Hurreenauth Mullick, laying his claim at Rs. 4,91,650. On the 20th August, 1848, a Razeenamah and Solenamah were filed, according to which, the plaintiff, Preeonauth, got a nine annas share of the several properties enumerated therein, together with smaller shares of other properties. On the 5th March, 1851, the Princi-

তারিখে মোকদ্দমা নথীহইতে উঠান গিয়াছিল। দরখাস্ত গ্রাহ্য হইয়াছিল এবং ডিক্রীক্রমে প্রিয়নাথের স্বত্ব বিক্রয় হইয়াছিল ও ১৮৫২ সালের ৭ জুন তারিখে ভগবতীচরণ সরকার ৯৭০৲ টাকাতে তাহা খরীদ করিয়াছিল।

তাহার পর জুলাই মাসের ৩ তারিখে প্রিয়নাথ মল্লিক ঐ নীলাম বেআইনী ও আপনার সেই বিষয়ে দায় নাই এই২ হেতুতে প্রধান সদর আমীনের নিকটে দরখাস্ত করিল। প্রধান সদর আমীন ১৮৫২ সালের ১৮ সেপ্টেম্বর তারিখে দরখাস্ত অগ্রাহ্য করিলেন এবং নীলাম মঞ্জুর করিলেন।

পরে প্রিয়নাথ মল্লিক জজ সাহেবের নিকটে আপীল করিয়া নীলাম আইনমতে না হওয়ার বিষয়ে নানা প্রকার আপত্তি করিয়াছিল। জজ সাহেব আপনার এই মত লিখিলেন যে ঐ ডিক্রী শ্রীনাথ মল্লিকের ও অন্যেরদের বিরুদ্ধে হইয়াছিল অতএব নিতান্ত ভিন্ন ব্যক্তি যে প্রিয়নাথ তাহার তাহাতে কোন ক্ষতিবৃদ্ধি হইতে পারে না। অতএব তিনি অন্য কোন আপত্তির বিবেচনা না করিয়া প্রধান সদর আমীনের যে হুকুমেতে নীলাম মঞ্জুর হয় তাহা ১৮৫২ সালের ৩১ ডিসেম্বর তারিখে অন্যথা করিলেন।

নীলামের খরীদার এই আদালতে আপীল করিল এবং সদর আদালতের জজ শ্রীযুত ডন্‌বার সাহেব ১৮৫৩ সালের ২৬ ফেব্রুআরি তারিখে জজ সাহেবের হুকুম অন্যথা করিলেন। জজ সাহেব যে একই বিষয় নিষ্পত্তি করিয়াছিলেন অর্থাৎ প্রিয়নাথ মল্লিক দায়ী আছে কি না কেবল এই বিষয় সদর আদালত বিচার করিয়াছিলেন এবং সদর আদালত বিবেচনা করিয়াছেন যে শ্রীমতী দেবীর মোকদ্দমায় প্রথম আসামী হরিনাথ মল্লিকের পুত্র ও উত্তরাধিকারিস্বরূপ প্রিয়নাথের নামে ১৮৫১ সালের ৫ মার্চ তারিখে যে ডিক্রী হইয়াছিল তাহার দ্বারা প্রিয়নাথের দায়িতা বিনাসন্দেহে স্থাপন করা গিয়াছে। হুকুমের পুনর্বিচারার্থে দরখাস্ত আদালত ১৮৫৩ সালের ৬ আগষ্ট তারিখে অগ্রাহ্য করিলেন।

খরীদার আপনার খরীদী সম্পত্তির দখল পাইবার নিমিত্তে প্রধান সদর আমীনের নিকটে দরখাস্ত করিলে ঐ কার্য্যকারকের দ্বারা ১৮৫৩ সালের ১৮ আপ্রিল তারিখে এক হুকুম জারী হইয়াছিল তাহাতে খরীদারকে প্রিয়নাথ মল্লিকের স্থলাভিষিক্ত করা যায় এবং হুগলী ও মেদিনীপুর ও বর্দ্ধমান জিলাতে ঐ সম্পত্তির যাহা ছিল তাহা খরীদারকে দখল দেওয়াইবার অভিপ্রায়ে ঐ২ জিলার জজ সাহেবের নিকটে রুবকারী পাঠাইবার আদেশ হয়।

এই হুকুমের উপর প্রিয়নাথ জজ সাহেবের নিকটে আপীল করিলে তিনি ৫০০০৲ টাকার ঊর্দ্ধ মূল্যের মোকদ্দমাতে ডিক্রীজারীর বিষয়ি দরখাস্ত হওয়াতে আপীল তাঁহার নিকটে হইতে পারে না বলিয়া ১৮৫৩ সালের ১৮ মে তারিখে ঐ দরখাস্ত অগ্রাহ্য করিলেন। অতএব প্রিয়নাথ এইক্ষণে ঐ বিষয় এই আদালতে উপস্থিত করিয়াছে।

প্রধান সদর আমীনের হুকুম উপযুক্ত ও আইনমতে হইয়াছে কি না ইহার পরীক্ষা করিবার নিমিত্তে আমি রোয়দাদ তদারক করিয়া দেখিয়াছি। তাহাতে দেখিতে পাই যে প্রিয়নাথ আপন মৃত পিতা হরিনাথ মল্লিকের পৈতৃক সম্পত্তির অংশ পাইবার জন্যে আপনার পিতৃব্য শ্রীনাথ ও অন্যেরদের নামে নালিশ করিল ও আপনার দাওয়ার ৪,৯১,৬৫০৲ টাকা মূল্য ধরিয়াছিল। ১৮৪৮ সালের ২০ আগষ্ট তারিখে রাজীনামা ও সোলেনামা দাখিল হইয়াছিল তদনুসারে ফরিয়াদী প্রিয়নাথ তাহার মধ্যে লিখিত নানা সম্পত্তির ॥/০ নয় আনা অংশ এবং অন্য২ সম্পত্তির কম অংশ প্রাপ্ত হইয়াছিল। ১৮৫১ সালের ৫ মার্চ তারিখে প্রধান সদর আমীন এই মর্ম্মের এক হুকুম জারী

pal Sudder Ameen passed an order to the effect that the suit be decreed in conformity with the terms of the Solenamah, which the parties will carry out. The Solenamah is of great length, it makes a distribution of the family property situated in the districts of 24-Pergunnahs, Hooghly, Midnapore and Burdwan, in the proportion of 9 annas and 7 annas and it has a clause to the effect, that in case of failure on either side to fulfil the provisions, or any one of them, execution may be taken out.

The proceeding of the Principal Sudder Ameen, in directing possession to be given summarily, appears to me to be altogether wrong. In virtue of his purchase, the purchaser acquired the rights of Preeonauth and could do exactly what Preeonauth could have done and no more. It is clear from the terms of the Solenamah, upon which the decree is founded, that execution could be taken out, only in the event of failure of either party to fulfil the contract, no such failure having been shewn, execution was not called for as against the party to whom Preeonauth had been opposed in the suit, and Preeonauth himself must be held to have been in possession of what he held under the decree without question from the date of the decree itself and the purchaser should have been left to establish his right to possession in the ordinary way. As however, possession, under the orders of the Principal Sudder Ameen, has been certified, by authenticated copies of returns from the Civil Courts of Midnapore and Hooghly, and copy of an Ameen's Report, made to the Principal Sudder Ameen of the 24-Pergunnahs, the purchaser cannot now be summarily dispossessed of that portion of which possession has been given. The Principal Sudder Ameen will be instructed, however to refrain from giving him any further assistance.

করিলেন যে সোলেনামার কথাঅনুসারে মোকদ্দমার ডিক্রী হয় এবং বাদিপ্রতিবাদী ঐ সোলেনামার মতাচরণ করিবেক। ঐ সোলেনামা অতিদীর্ঘ। তাহাতে চব্বিশপরগনা ও হুগলী ও মেদিনীপুর ও বর্দ্ধমান জিলার অন্তঃপাতি পরিবারীয় সম্পত্তি ॥/০ নয় আনা ও ।৵০ সাত আনার হিসাবে বণ্টন করা গিয়াছে এবং তাহার মধ্যে এই মর্ম্মের এক প্রকরণ আছে যে উভয় পক্ষের কোন পক্ষ যদি ঐ সকল কি কোন বিধান পালন করিতে ত্রুটি করে তবে ডিক্রীজারীর হুকুম লওয়া যাইতে পারে।

প্রধান সদর আমীনের সরাসরীমতে দখল দিবার হুকুম করণের যে কার্য্য তাহা আমার বিবেচনায় নিতান্ত অনুচিত। খরীদার খরিদ করণের শক্তিক্রমে প্রিয়নাথের স্বত্ব প্রাপ্ত হইয়াছিল এবং প্রিয়নাথ যাহা করিতে পারিত তাহা করিতে পারিল তাহার অধিক নয়। ডিক্রীর মূলস্বরূপ যে সোলেনামা আছে তাহার লিখিত নিয়ম দ্বারা স্পষ্ট আছে যে উভয় পক্ষের কোন পক্ষ যদি নিয়ম পালনে ত্রুটি করে তবে ডিক্রীজারীর হুকুম লওয়া যাইতে পারে নতুবা নয়। এমত কোন ত্রুটি প্রকাশ করা যায় নাই অতএব মোকদ্দমাতে প্রিয়নাথ যে ব্যক্তির বিপক্ষ হইয়াছিল তাহার বিরুদ্ধে ডিক্রী জারীর কোন প্রয়োজন ছিল না এবং ডিক্রীর তারিখঅবধি যে সম্পত্তিতে ডিক্রীঅনুসারে বিনা সন্দেহে প্রিয়নাথের অধিকার ছিল তাহা তাহার দখলে ছিল এমত জ্ঞান করিতে হইবেক এবং খরীদারকে দখলের বিষয়ে আপনার স্বত্ব দাঁড়ামতে সাবুদ করিতে দেওয়া উচিত ছিল। পরন্তু প্রধান সদর আমীনের হুকুমঅনুসারে দখল দেওয়া গিয়াছে এই বিষয় চব্বিশপরগনার প্রধান সদর আমীনের নিকটে করা মেদিনীপুর ও হুগলীর দেওয়ানী আদালতহইতে রিটর্ণের দস্তখৎহওয়া নকল এবং এক জন আমীনের রিপোর্টের নকলের দ্বারা স্থির করা গিয়াছে অতএব যে অংশের দখল দেওয়া গিয়াছে তাহাতে খরীদারকে এইক্ষণে সরাসরীমতে বেদখল করিতে পারা যায় না। পরন্তু প্রধান সদর আমীনকে এই আদেশ করা যাইবেক যে তাহার অধিক কিছু সাহায্য না করেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 820.

To the Collector of Land Revenue, Lower Provinces.

I have the honor to annex for your information and guidance, a copy of orders of the Government of India passed under date the 7th instant in the Financial Department on the subject of the Copper Currency in the Lower Provinces.

You will observe, that, I am directed to enjoin upon Collectors the necessity of affording to the people, every opportunity of obtaining supplies of Pyce and other Government Copper Coins from their Treasuries, in exchange for Rupees, and also, to instruct them to receive Pyce to any extent in payment of Government dues, and to exchange, when convenient, Rupees for Pyce at the rate of 64 Pyce to the Rupee. You will be good enough, accordingly, to carry out the wishes of the Supreme Government on these points, considering as cancelled, so much of the instructions contained in the Cir-

আক্টৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৮২০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশে তামার চলন মুদ্রার বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে বর্ত্তমান মাসের ৭ তারিখে যে হুকুম জারী করেন তাহার নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

তুমি দেখিবা যে কালেক্টর সাহেবেরদের খাজানাখানাহইতে লোকেরদের টাকার এওজে পয়সা এবং গবর্ণমেণ্টের তামার অন্যান্য মুদ্রা পাইবার জন্যে সকল সুযোগ দেওনের আবশ্যকতার বিষয়ে কালেক্টর সাহেবদিগকে আদেশ করিতে এবং গবর্ণমেণ্টের পাওনার পরিশোধে যত পয়সা দেওয়া যায় তাহা গ্রাহ্য করণের বিষয়ে এবং সুবিদামতে টাকা ভাঙ্গাইয়া টাকাপ্রতি ৬৪ পয়সার হারে পয়সা দেওনের বিষয়ে আদেশ করিতে আজ্ঞা পাইয়াছি। অতএব তুমি ঐ২ বিষয়ে সুপ্রিম গবর্ণমেণ্টের অভিপ্রায় সফল করিবা এবং এই সিরিশ্তার ১৮৫২ সালের ১০ মার্চ তারিখের ৪২৯ নম্বরী সরক্যুলর অর্ডরের লিখিত উপদেশের যে অংশেতে আজ্ঞা হইয়াছে

cular of this Office, No. 429, dated 10th March, 1852, as restricts the receipts and issues of Copper Coins by Public Officers to payments of the fractional parts only of a rupee.

In order to enable me to make arrangements for providing you with the Copper Coins alluded to, I request you will be good enough to inform me after careful investigation and enquiry, what amount of Pyce and half Pyce will probably be sufficient to meet the annual wants of your district, so as to insure to the people an ample supply of each description of Coin throughout the year. It having been determined by Government that a certain quantity of these Coins should be lodged in the hands of each Moonsiff and Deputy Magistrate in the interior of the District, it will be necessary for you to ascertain in communication with the Officers concerned, what amount should be sent to each locality; and you must also take measures for supplying them with the Coins from time to time. The number and names of the Officers to whom the distribution of the Coins may be entrusted, should be intimated to this Office.

Your attention is requested to the following instructions relative to the mode of exhibiting in your Accounts the exchange transactions in question, and the amounts remaining from time to time in the custody of the local Officers.

A new head is to be opened for these transactions in your accounts, styled "Exchange."

When any portion of the Copper Coins remitted to you under the above orders of Government is exchanged by you for Rupees, a debit must be given to the head of "Exchange" for the value of the Coins sold, with the requisite particulars, and a credit afforded per Contra for the Rupees received in exchange. In like manner, in cases where Pyce are received by you in exchange for Rupees, the value of the Rupees must be debited, and the value of the Pyce credited per Contra, to the head prescribed.

When supplies of Coins are issued by you to the several Officers for distribution, no debit should be made in the body of your accounts, but the amounts should be distinctly exhibited under Cash balance as Cash remitted to them and in their hands, until the Coins are exchanged for Rupees, and the fact is reported to you. When this occurs, the value of the exchanged Coins should as in the case of your own Office, be debited as well as credited to the head of Exchange, and the particulars of the amount under Cash balance altered accordingly.

The Reports of the local Officers may be furnished say once a week, and the sale proceeds of the Copper Coins should be forwarded to you with the reports if possible; if not, as soon after their transmission as convenient. On these remittances reaching you, the amounts will of course merge into the balances of Cash in your custody, and cease to be

যে সরকারী কার্য্যকারকেরা টাকার কেবল ভাঙ্গা অংশের পরিশোধে তামার মুদ্রা লইবেন ও জারী করিবেন সেই অংশ রহিত হইয়াছে জ্ঞান হইবেক।

তোমাকে পূর্ব্বোক্ত তামার মুদ্রা যোগাইয়া দিবার নিয়ম করিতে পারি এই জন্যে আদেশ করিতেছি যে লোকেরা যাহাতে প্রত্যেক প্রকারের মুদ্রা বৎসর ব্যাপিয়া প্রচুরমতে পায় এমত কত পয়সা ও আধ পয়সা হইলে তোমার জিলার বার্ষিক প্রয়োজনের নিমিত্তে কুলাইতে পারে এই বিষয়ের মনোযোগপূর্ব্বক অনুসন্ধান ও তদারক করিয়া আমাকে অবগত কর। গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করিয়াছেন যে জিলার মফঃসলে প্রত্যেক মুনসেফের ও ডেপুটী মাজিষ্ট্রেটের হাতে ঐ প্রকার কতক মুদ্রা গচ্ছিত করা যাইবেক। অতএব তোমার প্রয়োজন হইবেক যে প্রত্যেক স্থানে কত মুদ্রা পাঠাইতে হইবেক এই বিষয় উক্ত কার্য্যকারকেরদের সঙ্গে লিখনপঠনের দ্বারা অবগত হও এবং সময়ে২ তাঁহারদিগকে সেই মুদ্রা যোগাইয়া দেওনের জন্যে তোমার উপায় করিতে হইবেক। ঐ মুদ্রা বিলি করণের ভার যে কার্য্যকারকেরদের প্রতি অর্পণ হইবেক তাঁহারদের সংখ্যা ও নাম এই সিরিশতায় জ্ঞাত করা উচিত।

উক্ত টাকা ভাঙ্গাওনের ব্যাপার এবং স্থানবিশেষের কার্য্যকারকেরদের জিম্মায় সময়ে২ যত মুদ্রা থাকে তাহা তোমার হিসাবে যে নিয়মমতে লেখান যাইবেক তদ্বিষয়ে নীচের লিখিত উপদেশেতে তোমাকে মনোযোগ করিতে আদেশ হইতেছে।

ঐ ব্যাপারের জন্যে "ভাঙ্গানি" এই এক নূতন শিরনামা তোমার হিসাবেতে করিতে হইবেক।

গবর্ণমেণ্টের উক্ত হুকুমানুসারে তোমার নিকটে যে তামার মুদ্রা পাঠান যায় তাহার কোন অংশ যখন তুমি টাকা লইয়া দেও তখন "ভাঙ্গানি" এই শিরনামার নীচে বিক্রয়করা মুদ্রার মূল্য এবং প্রয়োজনীয় বৃত্তান্ত খরচের দিগে লেখ এবং ঐ মুদ্রার বদলে যে টাকা পাওয়া গিয়াছে তাহা অন্য দিগে জমা করিবা। তদ্রূপেও যখন তুমি টাকা দিয়া পয়সা লও তখন উক্ত শিরনামার নীচে টাকার মূল্য খরচ লিখিতে হইবেক এবং অন্য দিগে পয়সার মূল্য জমা করিতে হইবেক।

তুমি মুদ্রা বিলি করিবার নিমিত্তে যখন নানা কার্য্যকারকেরদের নিকটে পাঠাও তখন তোমার হিসাবের মধ্যে কোন খরচ লিখিতে হইবেক না কিন্তু যাবৎ ঐ মুদ্রার এওজে টাকা না পাওয়া যায় ও সেই বিষয়ের রিপোর্ট তোমার নিকটে না হয় তাবৎ তাঁহারদের নিকটে পাঠান ও তাঁহারদের হাতে থাকা নগদ বলিয়া ঐ সকল মুদ্রা 'নগদের বাকীর' হিসাবে আলাহিদা লিখিতে হইবেক। ঐ মুদ্রার এওজে টাকা পাওয়ার রিপোর্ট হইলে ঐ বদলকরা মুদ্রার মূল্য যেমন তোমার নিজ দফ্তরখানায় হইয়া থাকে তেমন "ভাঙ্গানি" এই শিরনামার নীচে জমা ও খরচ লিখিতে হইবেক এবং "নগদের বাকী" এই খাতায় ঐ মুদ্রার বেওরা তদনুসারে বদল করিতে হইবেক।

স্থানবিশেষের কার্য্যকারকেরদের রিপোর্ট ন্যূনাধিক সপ্তাহে একবার পাঠান যাইতে পারে এবং যদি হইতে পারে তবে তামার মুদ্রা বিক্রয় করণেতে যত উৎপন্ন হয় তাহা ঐ রিপোর্টের সঙ্গে পাঠান উচিত। যদি না হইতে পারে তবে রিপোর্ট পাঠাওনের পর যত শীঘ্র সুবিদা হয় তত শীঘ্রই পাঠাইতে হয়। পাঠান ঐ সকল টাকা তোমার নিকটে পঁহুছিলে তাহা সুতরাং তোমার হাতে থাকা

shewn any longer as Cash in the hands of the local Officers.

(Signed) C. H. LUSHINGTON,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountt.'s Office,
Revenue Department,
The 28th February, 1854.

No. 451.

To C. H. Lushington, Esq., Offg. Accountant to Government of Bengal.

I am directed to acknowledge the receipt of your letter No. 1600, dated the 31st December last with an enclosure, reporting with reference to Paras. 9 and 11 of a Despatch No. 13, dated the 13th April last, from the Hon'ble the Court of Directors on the subject of the Copper Currency in the Lower Provinces, and stating that the alleged redundancy of Pyce in certain districts in Bengal, if it ever did exist, exists no longer.

2. You recommend the following suggestions for the consideration of Government :—

1st. To direct Collectors to receive Pyce to any extent in payment of Government dues and give Rupees in exchange for Pyce at the rate of 64 Pyce to the Rupee whenever it may be found convenient, and to enjoin upon the Collectors the necessity of affording to the people every opportunity of obtaining supplies of Pyce and other Government Copper Coins, from their Treasuries, in exchange for Rupees.

2d. To coin ½ and ¼ Pyce pieces in the place of the Pie pieces now in use, and then to take measures for ensuring to the people an ample supply of each description of Coin in different parts of each district by lodging a certain quantity in the hands of each Moonsiff and Deputy Magistrate in the interior of the Districts for distribution to all applicants at par.

3. In reply I am desired to inform you that the Most Noble the Governor General in Council approves of all your suggestions and to add that the Coinage of the half Pyce is progressing and that of the quarter Pyce will be considered hereafter when the result of the half Pyce coinage is known. His Lordship in Council, however, directs you in the meantime to carry out those of your suggestions detailed above, that admit of being carried out by yourself at once.

C. ALLEN,
Secy. to the Govt. of India.

Council Chamber,
The 7th February, 1854.

No. 821.

To the Collector of Land Revenue, Lower Provinces.

Family Remittance Bills in favor of Uncovenanted Government Servants in the Punjab, being issuable by Officers in charge of the Punjab Trea-

"নগদের বাকীতে" সংযুক্ত হইবেক এবং স্থানবিশেষের কার্য্যকারকের হাতে থাকা নগদস্বরূপ আর দেখান যাইবেক না।

সি এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকেকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেণ্ট

১৮৫৪ সাল ২৮ ফেব্রুআরি।

৪৫১ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আকেকৌণ্টেণ্ট শ্রীযুত সি এচ লশিংটন সাহেব বরাবরেষু।

আদেশমতে তোমাকে জানাইতেছি যে তোমার গত ডিসেম্বর মাসের ৩১ তারিখের ১৬০০ নম্বরী পত্র ও তাহার সঙ্গে প্রেরিত পত্র পাওয়া গিয়াছে তাহাতে বাঙ্গলাপ্রভৃতি দেশে তামার মুদ্রার বিষয়ি শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের গত আপ্রিল মাসের ১৩ তারিখের ১৩ নম্বরী পত্রের ৯ ও ১১ দফার উপলক্ষে রিপোর্ট করিয়া কহিয়াছ যে বাঙ্গলা দেশের কোন২ জিলাতে যদি কথিতমতে পয়সার বাহুল্য কখন ছিল তবু এইক্ষণে তাহা নাই।

২। তুমি গবর্ণমেণ্টের বিবেচনার নিমিত্তে নীচের লিখিত প্রস্তাব উল্লেখ করিয়াছ।

প্রথম। কালেক্টর সাহেবদিগকে আজ্ঞা দেওয়া যায় যে যখন সুবিদা হয় তখন গবর্ণমেণ্টের পাওনা টাকার পরিশোধে যত পয়সা দেওয়া যায় তাহা গ্রহণ করেন এবং টাকা প্রতি ৬৪ পয়সার হিসাবে পয়সা লইয়া তাহার বদলে টাকা দেন এবং কালেক্টর সাহেবদিগকে এই আদেশ করা যায় যে লোকেরা তাঁহারদের খাজানাখানাহইতে টাকার বদলে পয়সা ও গবর্ণমেণ্টের অন্যান্য তামার মুদ্রা যাহাতে পাইতে পারে তাহারদের এমত সর্ব্বপ্রকার সুযোগ করিয়া দেওয়া আবশ্যক।

দ্বিতীয়। এইক্ষণে যে পাইর মুদ্রা ব্যবহার হয় তাহার পরিবর্ত্তে আধ পয়সা ও সিকি পয়সার মুদ্রা করা যায়। পরে যে কেহ চাহে তাহাকে পূরা মূল্যেতে পয়সা দিবার জন্যে প্রত্যেক জিলার মফঃসল স্থানে প্রত্যেক মুনসেফের ও ডেপুটী মাজিষ্ট্রেটের হাতে কতক মুদ্রা রাখিয়া প্রত্যেক জিলার ভিন্ন২ স্থানে ঐ প্রত্যেক প্রকারের মুদ্রা লোকেরদিগকে প্রচুরমতে দেওনের উপায় করা যায়।

৩। ইহার উত্তরে তোমাকে আদেশমতে জানাইতেছি যে শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে তোমার সমস্ত প্রস্তাবে সম্মত আছেন আরো জানাইতেছেন আধ পয়সার মুদ্রা জরব হইতেছে এবং সেই আধ পয়সার মুদ্রা জরব করণের ফল জানা গেলে পর সিকি পয়সা জরব হওনের বিষয় বিবেচনা করা যাইবেক। পরন্তু শ্রীলশ্রীযুক্ত হজুর কৌন্সেলে তোমাকে ইতিমধ্যে আদেশ করিতেছেন যে উপরের লিখিত তোমার যে প্রস্তাবমতে তুমি আপনি কার্য্য করিতে পার তদনুসারে একেবারে কার্য্য কর।

সি আলেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

কৌন্সেল ঘর। ১৮৫৪ সাল ৭ ফেব্রুআরি।

---

৮২১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বিদেশীয় ডিপার্টমেণ্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৫০ সালের ২৬ জুলাই তারিখের হুকুমক্রমে পঞ্জাবের খাজানাখানার ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবেরা পঞ্জাবে গবর্ণ-

suries on the Treasuries in Bengal, under orders of the Government of India in the Foreign Department, dated 26th July, 1850, I have the honour to request you will be good enough to pay such Bills on their presentation at your Treasury.

(Signed) W. MAPLES,
Assistt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 21st March, 1854.

No. 822.

To the Collector of Land Revenue, Lower Provinces.

The Government of Bengal having under date the 23rd ultimo, authorized the discontinuance of the Weekly Advice of Bills drawn by one Treasury on another, instituted by Circular of this Office No. 278, dated 30th May, 1823, and adverted to in the 2nd paragraph of Circular No. 455, dated 4th April, 1833, I have the honour to request you will discontinue furnishing the Return, and consider Circular No. 278 as cancelled.

2nd. You will be good enough however to enter in each Daily Advice, the date of the last advice issued.

(Signed) W. MAPLES,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 28th March, 1854.

No. 823.

To the Collector of Land Revenue, Lower Provinces.

The Board of Revenue are anxious to submit their Annual Report to Government on an early date after the close of the official year. To enable me to comply with their requisition for the early transmission of my Annual Statement, I have the honour to request the favor of your furnishing me with your 4th Quarter's Towjees, Hal, and Bukya, as soon after the close of the present official year as practicable. With this view you will be good enough to take such steps as will ensure the early preparation of the returns and their despatch to this Office on or before the 15th* of May next.

2nd. In the event of your being unable to comply with this requisition, I request you will specially inform me of the circumstances, explaining the cause of delay, and by what date the returns can be completed, that I may communicate the same to the Board of Revenue.

(Signed) W. MAPLES,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 4th April, 1854.

---

* Vide Circular letters No. 639, dated 30th April, 1842, and No. 755, dated 30th October, 1849.

মেণ্টের অচিহ্নিত চাকরেরদের নামে তাঁহারদের পরিবারের নিমিত্তে প্রেরণার্থ টাকার বিল বাঙ্গলা দেশের খাজানাখানার উপর জারী করিতে পারেন। অতএব আদেশ করিতেছি যে সেই প্রকার বিল তোমার খাজনাখানায় উপস্থিত করা গেলে তুমি তাহার টাকা দেও।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেকাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
আকেকাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৫৪ সাল ২১ মার্চ।

---

৮২২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

এক খাজানাখানাহইতে অন্য খাজানাখানার উপর যে বিল দেওয়া যায় তাহার বিষয়ে সাপ্তাহিক সম্বাদ দেওয়া যাইবার যে নিয়ম এই দফ্তরখানার ১৮২৩ সালের ৩০ মে তারিখের ২৭৮ নম্বরী সরক্যুলর পত্রের দ্বারা নিরূপণ করা যায় এবং ১৮৩৩ সালের ৪ আপ্রিল তারিখের ৪৫৫ নম্বরী সরক্যুলর পত্রের ২ দফাতে উল্লেখ হয় তাহা রহিত করণের বিষয়ে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট গত মাসের ২৩ তারিখে অনুমতি করিয়াছেন অতএব আদেশ করিতেছি যে তুমি ঐ রিটর্ণ প্রেরণ রহিত কর। এবং ২৭৮ নম্বরী সরক্যুলর অর্ডর রদ হইয়াছে এমত জান কর।

২। পরন্তু প্রতিদিনের প্রত্যেক সম্বাদেতে তুমি শেষ সম্বাদ যে তারিখে জারী কর তাহা লিখিবা।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেকাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ২৮ মার্চ।

---

৮২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

বোর্ড রেবিনিউর সাহেবেরা সরকারী বৎসরের পর অতিশীঘ্র আপনারদের বার্ষিক রিপোর্ট গবর্ণমেণ্টে অর্পণ করিতে চাহেন। আমার বার্ষিক কৈফিয়ৎ শীঘ্র পাঠাওনের বিষয়ে তাঁহারদের আদেশমতে আমি কার্য্য করিতে পারি এই নিমিত্তে আদেশ করিতেছি যে বর্ত্তমান সরকারী বৎসর গত হইলে পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র তুমি বৎসরের চতুর্থ ত্রৈমাসিক হাল ও বকেয়া তৌজী আমার নিকটে অনুগ্রহ করিয়া পাঠাও। এই অভিপ্রায়ে ঐ রিটর্ণ যাহাতে শীঘ্র প্রস্তুত হইতে পারে এবং আগামি মে মাসের ১৫ তারিখে * কি তাহারপূর্ব্বে এই দফ্তরখানায় পাঠান যায় এমন উপায় করিবা।

২। তুমি যদি এই আদেশমতে কর্ম্ম করিতে না পার তবে আদেশ করিতেছি যে তুমি বিলম্বের হেতু জ্ঞাত করিয়া আমাকে বৃত্তান্ত বিশেষমতে জ্ঞাপন কর এবং ঐ রিটর্ণ যে তারিখে সমাপ্ত হইতে পারে তাহাও জ্ঞাপন কর তাহাতে আমি বোর্ড রেবিনিউর নিকটে তাহা জ্ঞাত করিতে পারি।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেকাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৪ সাল ৪ আপ্রিল।

---

* ১৮৪২ সালের ৩০ তাপ্রিল তারিখের ৬৩৯ নম্বরী এবং ১৮৪৯ সালের ৩০ অক্টোবর তারিখের ৭৫৫ নম্বরী সরক্যুলর পত্র দেখ।

P. S.—The Comparative Statement of the No. of Mehals on the Towjee for 1853-54, being also required for the above purpose should be furnished at the same time.

No. 825.

To the Commissioner of Revenue of the Lower Provinces.

I have the honor to forward for your information copy of letter No. 600, dated 29th ultimo from the Civil Auditor, and to request that you will have the goodness to instruct the Collectors in your Division, to include in their future Contingent Bills for your countersignature without obtaining the special sanction of Government, such items as the value of stores retained for permanent use, and, the difference between the value of articles on their issue and return into store.

2d. As Superintendent of Police you will favor me by following the same course in respect to Judicial Officers.

(Signed) W. MAPLES,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 8th April, 1854.

No. 600.

From the Civil Auditor, Fort William, dated 29th March, 1854, to W Maples, Esquire, Assistant Accountant to the Govt. of Bengal, Revenue Department.

In reply to your letter No. 620, of the 23d instant, I have the honor to state that I am prepared to pass in Contingent Bills charges for the value of stores issued by the Military Board for the use of the several Civil Departments upon the countersignature of Commissioners as suggested by you and the same, sanctioned by Government.

(Signed) W. P. PALMER,
Civil Auditor.

Fort William, Civil Auditor's Office,
The 29th March, 1854.

পশ্চাল্লিপি। উক্ত অভিপ্রায়েতে ১৮৫৩। ৫৪ সালের তৌজীতে লিখিত মহালের সংখ্যার মিলান কৈফিয়তের প্রয়োজন হওয়াতে তাহাও সেই সময়ে পাঠান উচিত।

৮২৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সিবিল আডিটর সাহেবের গত মাসের ২৯ তারিখের ৬০০ নম্বরী পত্রের নকল তোমার জ্ঞাপনার্থে পাঠাইতেছি এবং আদেশ করিতেছি যে তুমি আপন এলাকার কালেক্টর সাহেবদিগকে উপদেশ কর যে চিরকালের ব্যবহারের নিমিত্তে যে সকল দ্রব্য রাখা যায় তাহার মূল্য এবং বাহির করণ সময়ে ও গুদামে ফিরিয়া দেওন সময়ে দ্রব্যের মূল্যের বৈলক্ষণ্য প্রভৃতির বিষয়ে তাঁহারা উত্তরকালে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি না লইয়া তোমার দস্তখতের নিমিত্তে আপনারদের বাজে খরচের বিলের মধ্যে তাহা লেখেন।

২। পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টস্বরূপ তুমি বিচারকর্ত্তা কার্য্যকারকেরদের বিষয়ে সেইরূপ কার্য্য করিবা।

ডবলিউ মেপল্‌স।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেক্টাণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।

আকেক্টাণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।

রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৫৪ সাল ৮ আপ্রিল।

৬০০ নম্বর।

রেবিনিউ ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকেক্টাণ্টেণ্ট শ্রীযুত ডবলিউ মেপল্‌স সাহেবের নিকটে শ্রীযুত সিবিল আডিটর সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ২৯ মার্চ।

তোমার বর্ত্তমান মাসের ২৩ তারিখের ৬২০ নম্বরী পত্রের উত্তরে তোমাকে জানাইতেছি যে তুমি ও কমিস্যনর সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে যে প্রকার পরামর্শ করিয়াছ তদনুসারে দেওয়ানী নানা সিরিশতার ব্যবহারের নিমিত্তে মিলিটারী বোর্ডের দ্বারা যে সকল দ্রব্য দেওয়া যায় তাহার মূল্যের জন্যে বাজে খরচের বিলেতে কমিস্যনর সাহেবের দস্তখৎ থাকিলে আমি তাহা পাস করিতে প্রস্তুত আছি।

ডবলিউ পি পামর।
সিবিল আডিটর।

ফোর্ট উলিয়ম।

সিবিল আডিটর সাহেবের দফ্তরখানা।

১৮৫৪ সাল ২৯ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 11.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 4th April, 1854.

I am directed by the Board of Revenue to inform you, that, having at the instance of Government re-considered the ruling laid down in Circular Order, No. 159, dated the 20th November, 1849, they have determined on cancelling that order.

2nd.—Deputy Collectors exercising general pow-

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৪ আপ্রিল।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে তাঁহারা গবর্ণমেণ্টের আদেশমতে ১৮৪৯ সালের ২০ নবেম্বর তারিখের ১৫৯ নম্বরী সরক্যুলর অর্ডরের নির্দ্দিষ্ট বিধান পুনর্বিবেচনা করিয়া ঐ হুকুম রহিত করিতে স্থির করিয়াছেন।

২। অতএব যে ডেপুটী কালেক্টরেরা ১৮৩৩ সালের

ers under Regulation IX. of 1833, will therefore be held to fall within the definition of a Collector as given in Section 6, Act XX. of 1848.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

No. 12.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of
Dated Fort William, the 7th April, 1854.

I am directed by the Board of Revenue to intimate, that the Government of Bengal has been pleased, under date the 23rd ultimo, to sanction the adoption of the following system, for the preservation and maintenance in good repair of all fair-weather Roads in Bengal, which is accordingly circulated for general information.

"The system for maintaining such Roads approved by the (Military) Board is, that immediately after the rains, the Roads shall be placed in order, and that from time to time as required, and after rain, they shall be kept in order, the Bill being presented at the end of the season, with a certificate from the Government Officers who have had the best opportunity of judging of the condition in which the Roads have been maintained—the expenditure being fixed within a certain sum per mile.

"This sum, which, according to the climate, the dimensions of the Road, the nature of the soil, and extent of traffic, will vary from 30 to 50, and even to 100 Rs. per mile, should be well ascertained for sanction by Government, an advance being made at the end of every rainy season, to enable the Officer in charge to place the Roads in order without delay, any saving on the amount being paid back at the season's end, and a receipt of the Collector appended to the Bill.

"This is the system, that from time to time, and on many occasions, the Board have expressed a desire to introduce, and it may with advantage be carried out for all the fair-weather Roads in Bengal."

(Signed) A. GROTE,
Offg. Secretary.

EDUCATION NOTICE.

A special examination of candidates for admission into the Bengalee Class of the Medical College, will be held on Monday, 12th June.

The tests of qualification will be the same as those determined upon in 1852, on the establishment of the class, and is herein published for general information.

৯ আইনানুসারে সাধারণ ক্ষমতামতে কার্য্য করেন তাঁহারা ১৮৪৮ সালের ২০ আইনের ৬ ধারাতে "কালেক্টর" এই শব্দের যে অর্থ বর্ণন হইয়াছে তাহার মধ্যে আইসেন এমত জ্ঞান হইবেক।

এ গ্রোট।
এক্টিং সেক্রেটারী।

---

১২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৪ সাল ৭ আপ্রিল।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে জানাইতেছি যে বাঙ্গলা দেশের মধ্যে সুকালে গমনাগমনীয় সকল রাস্তা রক্ষা করিবার ও মেরামতী ভাবে রাখিবার জন্যে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট গত মাসের ২৩ তারিখে নীচের লিখিত নিয়ম স্থাপন করিবার অনুমতি দিয়াছেন অতএব তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

"ঐ প্রকার রাস্তা রক্ষা করিবার যে নিয়ম মিলিটারী বোর্ডের দ্বারা মঞ্জুর হইয়াছে তাহা এই। বর্ষা কালের পরেই ঐ সকল রাস্তা পরিপাটী করা যাইবেক এবং প্রয়োজনমতে সময়ে২ ও বৃষ্টির পরে তাহা পরিপাটীরূপে রাখা যাইবেক। তাহার খরচের বিল বর্ষাকালের শেষে দাখিল করা যাইবেক এবং রাস্তা যে প্রকারে রাখা গিয়াছে তদ্বিষয়ে গবর্ণমেণ্টের যে কার্য্যকারকেরদের বিচার করিবার অতিসুযোগ হইয়াছিল তাঁহারদের এক সর্টিফিকট ঐ বিলের সঙ্গে অর্পণ করা যাইবেক। রাস্তার মেরামতের খরচ মাইল প্রতি বিশেষমংখ্যক টাকার অধিক না হয় এমন ভাবে নিরূপণ হইবেক।

"দেশের হাজ শুকা ভাব ও রাস্তার পরিমাণ ও ভূমির প্রকার ও রাস্তার উপর যত বাণিজ্য চলে এই সকল বুঝিয়া ঐ খরচ মাইল প্রতি ৩০৲ টাকা অবধি ৫০৲ টাকা কিম্বা ১০০৲ টাকাপর্য্যন্তও হইতে পারে ঐ খরচ গবর্ণমেণ্টের অনুমতি পাইবার জন্যে উত্তমরূপে নিরূপণ করিতে হইবেক। যে কার্য্যকারকের প্রতি ঐ কর্ম্মের ভার থাকে তিনি অগৌণে রাস্তা পরিপাটী করিতে পারেন এই নিমিত্তে প্রত্যেক বর্ষাকালের শেষে আগাম টাকা দেওয়া যাইবেক তাহাতে যত টাকা বাঁচে তাহা কালের শেষে ফিরিয়া দেওয়া যাইবেক এবং বিলের নীচ ভাগে কালেক্টর সাহেবের রসীদ থাকিবেক।

"এই নিয়ম বোর্ডের সাহেবেরা সময়ে২ অনেকবার চালাইবার অভিপ্রায় প্রকাশ করিয়াছেন এবং বাঙ্গলা দেশের মধ্যে সুকালে গমনাগমনীয় সকল রাস্তার বিষয়ে ঐ নিয়ম উপকারজনকরূপে চালান যাইতে পারিবেক।"

এ গ্রোট।
এক্টিং সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

মেডিকাল কালেজের বাঙ্গলা সম্প্রদায়ে ভর্ত্তিহওনাকাঙ্ক্ষিরদের বিশেষ পরীক্ষা ১২ জুন তারিখ সোমবারে হইবেক।

১৮৫২ সালে উক্ত শ্রেণী স্থাপিত হওন সময়ে যোগ্যতা নির্ণয়ের যে পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাই চলন থাকিল এবং সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

লিখিত পরীক্ষা।

১। অধ্যয়নাকাঙ্ক্ষিদিগকে নিম্নলিখিত পুস্তকসংক্রান্ত কতিপয় প্রশ্নের উত্তর লিখিতে হইবেক।

১। জীবন চরিত শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত।

২। বাঙ্গালার ইতিহাস শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত।

২। তাঁহাদিগকে অন্ততঃ তেরিজ, জমাখরচ, হরণ, পূরণ, এবং ত্রৈরাশিক জানিতে হইবেক।

বাচনিক পরীক্ষা।

১। তাঁহাদিগকে নিম্নলিখিত দুই পুস্তক অনায়াসে আবৃত্তি ও বিশুদ্ধরূপে ব্যাখ্যা করিতে হইবেক।

১। বেতাল পঞ্চবিংশতি শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত।

২। নীতিবোধ শ্রীরাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়কৃত।

২। তাঁহাদিগকে বাঙ্গালা ব্যাকরণের স্থূল স্থূল বিষয় সকল উত্তমরূপে জানিতে হইবেক।

The candidates must present themselves before the Secretary to the College, at least three days prior to the date of examination with a view to their being identified as the persons really desiring admission.

(By order,)

H. WOODROW,

Secy. Council of Education.

Council of Education, the 19th May, 1854

ঐ শ্রেণীতে যাঁহারা ভর্ত্তি হইতে চাহেন তাঁহারদের নিতান্ত অনন্যতা নিরূপণ করিবার অভিপ্রায়ে পরীক্ষার তারিখের পূর্ব্বে অতিন্যূন তিন দিবস থাকিতে তাঁহারদের কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হইতে হইবেক।

(হুকুমক্রমে)

এচ উডরো।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল। ১৮৫৪। ১৯ মে।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 19th May, 1854.

Moulvie Syed Nusseerooddeen, (a Diploma Holder of 1849,) to be Acting Moonsiff of Toobkibagrah, during the absence on leave of the incumbent, or until further orders.

LEAVES OF ABSENCE.

The 19th May, 1854.

Moulvie Abdool Khalik, Moonsiff of Toobkibagrah, Zillah Tipperah, for two months, in extension of that granted on the 26th ultimo, on Medical Certificate.

The 23rd May, 1854.

Moulvie Zenutoollah, Additional Moonsiff of Chittagong, for fifteen days, under Medical Certificate, from the 12th instant.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৯ মে।

তুবকিবাগরার মুনসেফের ছুটী লইয়া অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৪৯ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মৌলবী সৈয়দ নসীরুদ্দীন ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৪ সাল ১৯ মে।

জিলা ত্রিপুরার তুবকিবাগরার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল খালিক গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৪ সাল ২৩ মে।

চাটিগাঁর অতিরিক্ত মুনসেফ শ্রীযুত মৌলবী জিন্নতুল্লা বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকট ক্রমে পনের দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৪ সাল ১৮ মে।

শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr. H. A. R. Alexander,) বাকরগঞ্জ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৪ সাল ১৯ মে।

শ্রীযুত সি পি এলিয়ট সাহেব (Mr. C. P. Elliott,) ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৪ সাল ২০ মে।

শ্রীযুত বাবু অভয়চরণ বসু কৃষ্ণগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং পূরণিয়া জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারায় যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হয় তদনুসারে কার্য্য করিবেন।

১৮৫৪ সাল ২৩ মে।

শ্রীযুত এফ এ ই ডাল্‌রিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) দিনাজপুরের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৪ সাল ২০ মে।

কৃষ্ণগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বি আর পেরি সাহেব (Mr. B. R. Perry,) এক মাসের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৪ সাল তারিখ ৮ জুন বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন ১৮৫২। ৫৩ সালের পয়দায়শী আফিমের ষষ্ঠ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪০২৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই

বেহারের পয়দায়শী আফিম	২৮৫৫
বানারসের পয়দায়শী আফিম	১১৭০
জুমলা সিন্দুক	৪০২৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৩ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্‌সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৪ সালের ১৩ এবং ২৩ জুন এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারাণ যে সকল প্রমিশ্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৪ সালের ১৩ জুন মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৪ সালর ২৩ জুন শুক্রবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫২। ৫৩ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশ্‌ হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

							বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন	১৮৫৪	সালের	৭ জুলাই	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
	ঐ		৯ আগষ্ট	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
	ঐ		৮ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
	ঐ		৯ অক্‌টোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
	ঐ		৮ নবেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪ ২৫
	ঐ		৮ ডিসেম্বর	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৮৬৯	১১৭৬	৪০৪৫
							১৭১৪৪	৭০২৬	২৪১৭০

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৪ সাল তারিখ ২২ মে।

এ আর ইয়ং। এর্‌ টিং ছোট সেক্রেটরী।

জিলা শ্রীহট্ট।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীহট্ট জেলার নিম্নের লিখিত মহাল সন ১৮৫৪ ইংরেজির মাহে ১২ জুন মোতাবিক সন ১২৬১ বাঙ্গলার মাহে ৩১ জ্যৈষ্ঠ রোজ সোমবার উক্ত জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বাকী খাজানা উসুলের নিমিত্তে প্রকাশরূপে নীলাম হইবেক ইতি সন ১৮৫৪ ইং মাহে ১৫ মেই।

১ শ্রেণী ইস্তমিরারি জমা ধার্য্যহওয়া মহাল।

পং নঙ্গনা।

৩১৫ নং তাং তিলোকপুর রেজিষ্টরীহওয়া মালিক

শিবরাম গএরহ সদর জমা ১০ ।৶৩

এই মহাল সন ১৮৫৩ ইংরেজির দিছম্বর মাসপর্য্যন্তের তলবি খাজানা পরিশোধার্থে গত ফেব্রুআরি মাসের ২৭ তারিখ নীলাম হইয়াছিল খরিদার ব্যক্তি মূল্যের টাকা কালোচিত দাখিল না করাতে তাহার দাখিলী বায়না সরকারে জব্দ হইয়া ছানি নীলামের ইস্তাহার দেওয়া গেল ইতি।

M. SHAWE, *Collector.*

জিলা শ্রীহট্ট।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীহট্ট জিলার নিম্নের লিখিত মহাল সন ১৮৫৪ ইংরেজির মাহে ১২ জুন মোতাবিক সন ১২৬১ বাঙ্গালার মাহে ৩১ জ্যৈষ্ঠ রোজ সোমবার উক্ত জেলার কালেক্টর সাহেবের কাছারিতে বাকী খাজানা উসুলের নিমিত্তক প্রকাশরূপে নীলাম হবেক ইতি সন ১৮৫৪ ইংরেজি মাহে ১৫ মে।

১ প্রথম শ্রেণী ইস্তমিরারি জমা ধার্য্যহওয়া মহাল।

পং খীত্রা

২১ নং তাং বাণীরাম রেজেষ্টরিহওয়া মালিক মাং হাজিব সদর জমা ৯৸/০

৩৩০ নং তাং জঙ্গমাজি রেজেষ্টরিহওয়া মালিক আং হামীদ গং সদর জমা ৪৫ ।৶০

পং গুধবানি

৩ নং তাং পীরমাহামদ রেজেষ্টরিহওয়া মালিক আন্ডনি জজ কবিনছিণ্ট গং সদর জমা ৯৪৸৶১১

৫ নং তাং করমাহামদ রেজেষ্টরিহওয়া মালিক ঐ সদর জমা ৯৩৸/১০

২৭ নং তাং আলী রেজেষ্টরিহওয়া মালিক গুরুপ্রসাদ গুপ্ত গং সদর জমা ২২৶০

পং ছনখাইড

২৩৪ নং তাং সরিপ কেচাই রেজেষ্টরিহওয়া মালিক বিনোদরাম দাস সদর জমা ৪ ।৩

পং ঢাকা দক্ষিণ

৬ নং তাং জশমত রায় রেজেষ্টরিহওয়া মালিক রতিকান্ত শর্ম্মা সদর জমা ৪৪ ।৶০

৬১ নং তাং শিবরাম রেজেষ্টরিহওয়া মালিক নন্দকিশোর দত্ত সদর জমা ৪ ।৶৮

৬৬ নং তাং কেশবরায় রেজেষ্টরিহওয়া মালিক জিতরাম গং সদর জমা ২৬৸৶১

২০২ নং তাং কৃষ্ণদাস সেন রেজেষ্টরিহওয়া মালিক দ্বীপচান্দ গং সদর জমা ৬৸/৩

৩৭২ নং তাং বিজয়রাম দত্ত রেজেষ্টরিহওয়া মালিক রাধাবল্লভ গং সদর জমা ১০৶১০

৪৫৩ নং তাং নাছির মাং রেজেষ্টরিহওয়া মালিক রাজবল্লভ দাস সদর জমা ৬ ।৶৫

৪৭৭ নং তাং বিজয়হৃদয় রেজেষ্টরিহওয়া মালিক রাজবল্লভ দাস সদর জমা ১২ ।৶০

পং দক্ষিণকাছ

২১ নং তাং নরসিংহ দাস রেজেষ্টরিহওয়া মালিক জয়সিংহ দাস গং সদর জমা ৩৩/১

পং বেঙ্গা

৬ নং তাং মাং আনছর রেজেষ্টরিহওয়া মালিক আন্ডনি জজ কবিনছিণ্ট সাহেব সদর জমা ৯১॥৪

১৩৪ নং তাং মাছিম খা রেজেষ্টরিহওয়া মালিক শ্যামসুন্দর দাস সদর জমা ৩০॥৶৬

১৬৭ নং তাং মাং সকিখদাবক্স রেজেষ্টরিহওয়া মালিক রাজবল্লভ দাস সদর জমা ১০॥৶৮

১৬৮ নং তাং জাএফর মাং খদাবক্স রেজেষ্টরিহওয়া মালিক রাজবল্লভ দাস সদর জমা ১০॥৶৮

১৮৭ নং তাং গোলাম হাএদর রেজেষ্টরিহওয়া মালিক ব্রজবল্লভ সেন সদর জমা ১৮৶২

২৮০ নং তাং অমৃতরাম রেজেষ্টরিহওয়া মালিক জিন সদর জমা ৩০॥৶৬

২৯৩ নং তাং বিনোদ বিজয় রেজেষ্টরিহওয়া মালিক হুকুমচন্দ্র গং সদর জমা ৩৪৶২

২৯৪ নং তাং হরবল্লভ রেজেষ্টরিহওয়া মালিক প্রকাশচন্দ্র দাস সদর জমা ১৩৲৩

৩১৫ নং তাং গৌরীপ্রসাদ রেজেষ্টরিহওয়া মালিক সেবারাম দাস সদর জমা ২৬ ।৶৩

৩২২ নং তাং বিনোদরাম রেজেষ্টরিহওয়া মালিক হাফিজ মাং গং সদর জমা ৩৫ ।৶৭

পং বরায়া

২৪৯ নং তাং মাং হুসন রেজেষ্টরিহওয়া মালিক হাফিজ আলী গং সদর জমা ৩১৫ ।১১

২৬১ নং তাং রাছিব নওয়াজ গোলাব রেজেষ্টরিহওয়া মালিক রজবদি গং সদর জমা ৩১৫॥৶৯

মং বাজেআপ্তী

পং ঢাকা দক্ষিণ

৪৫৮২ নং ১০ নং মুং নুর মাং সরিপ মাং

৩ নং সেখ খাতিব রেজেষ্টরিহওয়া মালিক সেখ খাতিব সদর জমা ॥১

৪৪২৭ নং ৩৩ নং ব্রহ্মোত্তর মুকুন্দরাম ভট্ট

৭ নং শ্রীকৃষ্ণ ভট্ট পদ্মলোচন ভট্ট রেজেষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৸১১

৩২২৯ নং ১৫ নং ব্রহ্মোত্তর গোপীনাথ রামচন্দ্র

৩ নং শ্রীকৃষ্ণ ভট্ট পদ্মলোচন ভট্ট রেজেষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৸/৫
মৎ হানাবাদি
পৎ দক্ষিণকাছ
৮ নং বেওএরূপ পৎ রেজেষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ২॥/০
পৎ চাপঘাট
৪৪ নং তাৎ ফতেমাহামুদ রেজেষ্টরিহওয়া মালিক মাৎ করবি গৎ সদর জমা ৭ ।১
৪৬ নং তাৎ বিবি বেতনা রেজেষ্টরিহওয়া মালিক গোলাম জিনানী সদর জমা ৭২৸৶৪
১২৮৮ নং তাৎ বাকরমাহামদ রেজেষ্টরিহওয়া মালিক আতারাম গৎ সদর জমা ৬॥/১০
১৫৫৮ নং মাৎ মুজফর রেজেষ্টরিহওয়া মালিক আবদুল হুসন গৎ সদর জমা ২৮৶৭
১৫৯৩ নং তাৎ বিনন্দ আনন্দ রেজেষ্টরিহওয়া মালিক যুগলকিশোর গৎ সদর জমা ১৮৬৶১০
১৫৯৭ নং তাৎ বিজয়হৃদয় রেজেষ্টরিহওয়া মালিক রাজবল্লভ সদর জমা ৯॥/৭
পৎ পঞ্চখণ্ড কানা
৫৪০ নং তাৎ কাজিন খা রেজেষ্টরিহওয়া মালিক হরিদাস সদর জমা ১৬৸/৮
পৎ সাবাজপুর
১৭৯ নং তাৎ মসুদবক্ত রেজেষ্টরিহওয়া মালিক মসুদবক্ত সদর জমা ১৩॥৶৫
পৎ বাহাদুরপুর
১১ নং তাৎ খদাবক্স রেজেষ্টরিহওয়া মালিক গৌরকিশোর দাস সদর জমা ৬৮ ।৩
পৎ জফরগড়
৮২ নং তাৎ মাৎ বহুপ রেজেষ্টরিহওয়া মালিক গোলাম নাফি গৎ সদর জমা ৮৪ ।৶৮
পৎ বাবপাড়া
২৩ নং তাৎ জগৎ রেজেষ্টরিহওয়া মালিক জিতাই মণ্ডল গৎ সদর জমা ৫॥৯
পৎ নঙ্গনা
১ নং তাৎ কুবরান আলী চৌৎ রেজেষ্টরিহওয়া মালিক গোবিন্দচরণ দাস গৎ সদর জমা ৫৬৪ ।৶৮
৩০ নং তাৎ আলম আলী রেজেষ্টরিহওয়া মালিক সদরদি গৎ সদর জমা ৩১৭৶৮
৯৪ নং সৈদমাখাব রেজেষ্টরিহওয়া মালিক গৌরগোবিন্দ দেব সদর জমা ৩০/৩
২০৯ নং তাৎ গোলাম হাফিজ রেজেষ্টরিহওয়া মালিক রাজীবরাম দেব সদর জমা ৫৪৸৶৯
৬৯২ নং তাৎ শামসুন্দর রেজেষ্টরিহওয়া মালিক দুলালরাম দেব সদর জমা ১৬ ।৶১০
১৪৬১ নং তাৎ তিলোক রায় রেজেষ্টরিহওয়া মালিক রাজেন্দ্ররায় দেব সদর জমা ১০॥৶৮
১৫২৫ নং তাৎ জানকীরাম রেজেষ্টরিহওয়া মালিক সুনারাম গৎ সদর জমা ৪॥৶১
পৎ পাথারিয়া
৩৫ নং তাৎ আনন্দরাম রেজেষ্টরিহওয়া মালিক মৃত্যুঞ্জয় দাস সদর জমা ৩৭/১১
৪০ নং তাৎ জগৎপুর রেজেষ্টরিহওয়া মালিক শ্যামসুন্দর দাস গৎ সদর জমা ২৬ ।৫
পৎ চৈতন্যনগর
১ নং তাৎ রায় গৌরহরি সিংহ রেজেষ্টরিহওয়া মালিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ২৩৮৸/৬
পৎ আওয়াজান
১৩৭ নং তাৎ শ্যামশতানন্দ রেজেষ্টরিহওয়া মালিক বিজয়রাম সদর জমা ৯৶৯
পৎ শিকসুনাইতা
৮৪ নং তাৎ শ্রীচন্দ্র রায় রেজেষ্টরিহওয়া মালিক মুরারিচন্দ্র দাস সদর জমা ৬৶০
পৎ রাজু সিং চাপড়
৩ নং তাৎ মাৎ আনছর রেজেষ্টরিহওয়া মালিক উলফত মাৎ গৎ সদর জমা ৪৩/৬
৪ নং তাৎ মুতিরাম রেজেষ্টরিহওয়া মালিক মাৎ ছবদর গৎ সদর জমা ৪৩/৬
পৎ কৌড়িয়া
২৭ নং তাৎ গঙ্গারাম রেজেষ্টরিহওয়া মালিক কালিকাপ্রসাদ গৎ সদর জমা ১৯॥৶০
৭৯ নং তাৎ মনুহরপুর রেজেষ্টরিহওয়া মালিক আবদুল আলি সদর জমা ১৪॥১
১৭৫ নং তাৎ মাথাব খা রেজেষ্টরিহওয়া মালিক মএন্দি গৎ সদর জমা ৮/৮
২৪৭ নং তাৎ সদানন্দ রেজেষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৯॥/৭
৩৪৮ নং তাৎ ভবানীচরণ রেজেষ্টরিহওয়া মালিক আকুতরাম গৎ সদর জমা ২৫৮ ।/৭
৩৫৩ নং আলী খা রেজেষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ২৫ ।৶২
পৎ গয়ার
৫ নং তাৎ হরলাল দাস রেজেষ্টরিহওয়া মালিক সেখ জামাল গৎ সদর জমা ৯ ।৶২
পৎ হাৎ সুনাইতা
৩ নং তাৎ সিং রামরায় রেজেষ্টরিহওয়া মালিক দাইম খা সদর জমা ২৩॥৶১১
৮৫ নং তাৎ সুবিদ রেজেষ্টরিহওয়া মালিক মহেশ দাস গৎ সদর জমা ৬৶০
পৎ ইছাকলস
১০৭ নং তাৎ তাজ খা রেজেষ্টরিহওয়া মালিক খএরাতি গৎ সদর জমা ৫৫ ।৶৬
পৎ হাৎ সিং চাপড়
৪ নং তাৎ বৈদ্যনাথ প্রতাব রেজেষ্টরিহওয়া মালিক হরসরাম গৎ সদর জমা ২৮৶৭
পৎ মুআব বালীয়া চুঙ্গ
১ নং তাৎ আদম রজা জমিদার রেজেষ্টরিহওয়া মালিক মাৎ আপজন গৎ সদর জমা ৬৮৩৸৶২
পৎ কিৎ আওয়াজান
১২৬ নং তাৎ মাৎ হাসীম রেজেষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ১৩॥৶৫

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৪। ৩০ মে।]

১৫৪ নং তাং মুরাদ তকি আজিম রেজেষ্টরিহওয়া মালিক জগন্নাথ মিছির সদর জমা ১৭৸৵৯
মং হানাবাদি
পং বেতাল
১ নং তাং বাহাদুর রজা জমিদার রেজেষ্টরিহওয়া মালিক মাং মুকিম গং সদর জমা ১৭ ।৬
পং জুয়ার বালিয়া চুঙ্গ
১ নং তাং আদম রজা জমিদার রেজেষ্টরিহওয়া মালিক মাং আবজন গং সদর জমা ৮৯॥/৮
মহাল বাজেয়াপ্তী
পং কোড়িয়া
৫৯ নং ২৯৪৭ নং মোদদমাশ মির ইছয়াইনা ওং মির হাজারি
৯ নং চণ্ডীপ্রসাদ কর রেজেষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ॥৵৯
পং ইছাকনশ
১০ নং ২৯৮৭ নং ব্রহ্মোত্তর গদাধর ভট্ট
